# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Ashar 04, 1433 Bangla, June 18, 2026, Thursday, No. 163, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has said, people's money will not be laundered abroad, it will be spent on improving their living standard. [BBC: 05]

Prime Minister has informed that electric trains will be introduced on major railway routes to ensure safer transportation. [R. Today: 26]

Health Minister has said, Dialysis facilities will be launched gradually at every district & upazila-level govt. hospitals. [Jago FM: 12]

Home Minister has said, government has taken initiatives to construct barbed-wire fences to strengthen security along Myanmar border. [BBC: 03]

Human Rights Watch has alleged that Bengali Muslims are being forcibly sent from West Bengal, India, to Bangladesh without due process. [BBC: 05]

Four more people have died from measles-like symptoms in country. [BBC: 06]

78 more Bangladeshis have returned home from Cambodian cyber scam centres, 221 repatriated in 4 days. [Jago FM: 19]

A court has sentenced Abir Ali to death for abducting and murdering a five-year-old girl Alina Islam Ayat in 2022. [Jago FM: 17]

UNICEF has warned that more than a billion children around the world are exposed to at least three climate-related risks. [R. Today: 28]

Israel has launched fresh strikes on Lebanon despite US President Donald Trump's criticism. [BBC: 06]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048 44813179** | **Assistant News Controller: 44813047 44813178** |

## দৈনিক মনিটরিং রিপোর্ট

### মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা

### আষাঢ় ০৪, বাংলা ১৪৩৩, জুন ১৮, ২০২৬, বৃহস্পতিবার, নং- ১৬৩, ৫৬তম বছর

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন , জনগণের অর্থ বিদেশে পাচার হতে দে ওয়া হবে না, জনগণের জীবনমান উন্নয়নে তা ব্যয় হবে। [বিবিসি: ০৫]

রেলপথকে আরও নিরাপদ, আধুনিক ও পরিবেশবান্ধব করতে দেশের প্রধান প্রধান রুটে বৈদ্যুতিক ট্রেন চালুর ঘোষণা প্রধানমন্ত্রীর । [রে. টুডে: ২৬]

দেশের সব জেলা-উপজেলা হাসপাতালে কিডনি ডায়ালাইসিস সেন্টার স্থাপনের ঘোষণা স্বাস্থ্যমন্ত্রীর । [জাগো এফএম: ১২]

মিয়ানমার সীমান্তে নিরাপত্তা নিশ্চিত করতে কাঁটাতারের বেড়া নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে- জানালেন স্বরাষ্ট্রমন্ত্রী। [বিবিসি: ০৩]

যথাযথ আইনি প্রক্রিয়া অনুসরণ না করেই ভারতের পশ্চিমবঙ্গ থেকে বাঙালি মুসলমানদের জোর করে বাংলাদেশে পাঠানো হচ্ছে বলে অভিযোগ হিউম্যান রাইটস ওয়াচ এর। [বিবিসি: ০৫]

দেশে হামের উপসর্গ নিয়ে আরও চারজনের মৃত্যু। [বিবিসি: ০৬]

কম্বোডিয়ার বিভিন্ন সাইবার স্ক্যাম কম্পাউন্ড থেকে দেশে ফিরলেন আরও ৭৮ বাংলাদেশি, চারদিনে ফিরেছেন ২২১ জন । [জাগো এফএম: ১৯]

২০২২ সালে চট্টগ্রামে ৫ বছরের শিশু আলিনা ইসলাম আয়াতকে অপহরণের পর হত্যা মামলায় আসামি আবীর আলীকে মৃত্যুদণ্ড দিয়েছে আদালত। [জাগো এফএম: ১৭]

বিশ্বের ১০০ কোটিরও বেশি শিশু জলবায়ুজনিত অন্তত তিনটি ঝুঁকির মুখে রয়েছে বলে ইউনিসেফের সতর্কতা । [রে. টুডে: ২৮]

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সমালোচনাকে উপেক্ষা করে লেবাননে ইসরায়েলের হামলা ।[বিবিসি: ০৬]

# বিবিসি

## ইরানের সঙ্গে চুক্তি এখনো চূড়ান্ত নয় : ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানের সঙ্গে যে চুক্তি হওয়ার কথা, সেই চুক্তি এখনো চূড়ান্ত নয়। ফ্রান্সে অনুষ্ঠিত জি৭ সম্মেলনে তিনি বলেন, চূড়ান্ত চুক্তি তার পছন্দ না হলে যুক্তরাষ্ট্র "আবারও বোমা হামলা শুরু করবে।„ এদিকে, যুক্তরাষ্ট্র ও ইরানের প্রতিনিধিদের আসন্ন শুক্রবার সুইজারল্যান্ডে বৈঠকে বসে ওই চুক্তিতে সই করার কথা রয়েছে। তবে চুক্তিটির বিস্তারিত শর্তাবলী এখনো প্রকাশ করা হয়নি।

(বিবিসি ওয়েব পেজ : ১৭.০৬.২০২৬ নারগীস)

## জর্ডানে অবৈধ প্রবাসীদের সাধারণ ক্ষমা, ভ্রমণ ভিসায় থাকা প্রবাসীরা ওয়ার্ক পারমিট পাবেন

জর্ডান সরকার দেশটিতে অবস্থানরত প্রবাসী শ্রমিকদের জন্য সাধারণ ক্ষমা ঘোষণা করেছে। বুধবার জর্ডানে বাংলাদেশ দূতাবাস তাদের ফেসবুক পেজে প্রকাশিত এক বিশেষ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। "এর আওতায় কোনো ধরনের জরিমানা ছাড়াই দেশে ফেরত যাওয়া যাবে, শর্তসাপেক্ষে এ দেশে থেকে কাজও করা যাবে, কর্মস্থল পরিবর্তনও করা যাবে,„ বলা হয়েছে বিজ্ঞপ্তিতে। সেইসাথে, "কোনো কোনো ক্ষেত্রে গৃহকর্মীরা নতুন নিয়োগকর্তার অধীনে কাজ করতে পারবেন। ভ্রমণ ভিসায় এ দেশে এসেছেন, এমন কেউ `ওয়ার্ক পারমিট, এর আবেদন করতে পারবেন।„ তবে এসব সুবিধা কীভাবে এবং কোন শর্তে পাওয়া যাবে, সে বিষয়ে বিস্তারিত তথ্য চলতি সপ্তাহের মধ্যেই জানানো হবে বলে জানিয়েছে দূতাবাস। (বিবিসি ওয়েব পেজ : ১৭.০৬.২০২৬ নারগীস)

## মিয়ানমার সীমান্তে কাঁটাতারের বেড়া বসবে, 'বিবেচনায়' ভারত সীমান্তও : স্বরাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ সংসদে বলেছেন, মিয়ানমার সীমান্তের নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি সীমান্ত হত্যা, অনুপ্রবেশ, মাদক, অস্ত্র, গোলাবারুদ, আন্তঃসীমান্ত বিভিন্ন অপরাধ দমনের লক্ষ্যে কাঁটাতারের বেড়া নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী এ-ও বলেছেন, ভারতের সাথে সীমান্তের স্পর্শকাতর স্থানেও কাঁটাতারের বেড়া নির্মাণের পরিকল্পনা গ্রহণের কার্যক্রম বিবেচনাধীন রয়েছে। আজ বুধবার জাতীয় সংসদে পাবনা-৫ আসনের সংসদ সদস্য মো. শামছুর রহমান শিমুল বিশ্বাসের প্রশ্নের জবাবে এসব উদ্যোগের কথা তুলে ধরেন স্বরাষ্ট্রমন্ত্রী। সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর টেবিলে উত্থাপিত হয়। প্রশ্নোত্তরে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, দেশের জাতীয় স্বার্থ রক্ষার্থে এবং সীমান্ত এলাকায় সব ধরনের অপরাধ শূন্যের কোটায় নামিয়ে আনতে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সমন্বিত পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন করছে। সীমান্ত দিয়ে ইয়াবা, ক্রিস্টাল মেথ (আইস), ফেন্সিডিলসহ সব ধরনের মাদক, অবৈধ অস্ত্র ও গোলাবারুদ প্রবেশ বন্ধে সরকারের নির্বাচনি ইশতেহার মোতাবেক 'জিরো টলারেন্স' নীতি অনুসরণ করছে বিজিবি। সেইসাথে, গোয়েন্দা নজরদারি বৃদ্ধির মাধ্যমে সীমান্ত অপরাধীদের চিহ্নিত করে আইনের আওতায় আনা হচ্ছে, জানান মন্ত্রী। এছাড়া, দুর্গম ও স্পর্শকাতর সীমান্ত এলাকাগুলোতে নতুন বিওপি ও টিওবি নির্মাণ করা হয়েছে এবং আরো নির্মাণের পরিকল্পনা করা হয়েছে। নতুন বিওপি ও টিওবি নির্মাণের ফলে বিজিবির বিওপিসমূহের মধ্যবর্তী দূরত্ব কমিয়ে আনা এবং টহলের সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি করা সম্ভব হয়েছে বলেও জানান তিনি। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বেশ কিছু পদক্ষেপের কথা উল্লেখ করেন। সেগুলো হলো :

(১) দেশের দক্ষিণ-পশ্চিম ও উত্তর-পশ্চিম সীমান্তের অতি সংবেদনশীল এলাকায় ইতোমধ্যে 'স্মার্ট বর্ডার সার্ভেইল্যান্স সিস্টেম' স্থাপন করা হয়েছে।

(২) দুর্গম পার্বত্য সীমান্তে সীমান্ত সড়ক নির্মাণের কাজ দ্রুতগতিতে এগিয়ে চলছে, যার ফলে বিজিবির টহল দল অত্যন্ত দ্রুততার সাথে যে-কোনো সীমান্ত অপরাধ প্রতিরোধে সক্ষম হচ্ছে।

(৩) সীমান্ত এলাকায় বসবাসরতদের চোরাচালান ও অপরাধের কুফল সম্পর্কে সচেতন করতে এবং অপরাধীদের তথ্য দিয়ে বিজিবিকে সহায়তার জন্য নিয়মিত 'জনসচেতনতামূলক কার্যক্রম' পরিচালনা করা হচ্ছে।

(বিবিসি ওয়েব পেজ : ১৭.০৬.২০২৬ নারগীস)

## অনলাইনে ফ্রি'তে বিশ্বকাপের খেলা দেখে বিপদে পড়ছেন না তো?

ঢাকার মোহাম্মদপুরে থাকেন বেসরকারি চাকরিজীবী সুলতান মাহমুদ। এটি তার ছদ্মনাম। ফুটবলভক্ত মি. মাহমুদ বাসায় টিভি রাখেননি সন্তানদের আসক্তির কারণে। বিশ্বকাপ ফুটবল নিয়ে আগ্রহের জায়গা থেকে তিনি বিশ্বকাপ শুরুর সপ্তাহ খানেক আগেই বাংলাদেশের একটি ওটিটি প্ল্যাটফর্ম-এর বিশ্বকাপ প্যাকেজ কিনেন অনলাইনে খেলা দেখার জন্য। বৃহস্পতিবার বিশ্বকাপের উদ্বোধনী ম্যাচ দেখার জন্য তিনি তার মোবাইল থেকে ওই প্লাটফর্মটিতে প্রবেশের চেষ্টা করেন। কিন্তু লগইন করার জন্য তার মোবাইলে ও-টিপি বা অনটাইম পাসওয়ার্ড আসছিল না। যে কারণে তিনি কোনোভাবেই খেলা দেখতে পারছিলেন না। একটা পর্যায়ে তিনি ফেসবুকে একটি পোস্ট দিয়ে অনলাইনে খেলা দেখার লিংক খুঁজতে থাকেন এবং দুইটি লিংক তিনি পেয়েও যান। মি. মাহমুদ বিবিসি বাংলাকে বলেন, "বাসায় যেহেতু ডিসের লাইন ছিল না, অসহায় লাগছিল। তাই বাধ্য হয়ে অনলাইনে লিংক খুঁজতে থাকি এবং অনলাইনে দুইটি লিংক পেয়ে

যাই।" তিনি জানাচ্ছিলেন, যে দুইটি লিংক তিনি ফেসবুকের দুইটি আলাদা পেজ থেকে পেয়েছিলেন তার একটিতে মাত্র মিনিটখানেক খেলা দেখার পর সেটি আর কাজ করেনি। পরে অপর একটি লিংকে ক্লিক করলে সেখানে তাকে একটি মোবাইল অ্যাপ ডাউনলোড করতে বলা হয়। মি. মাহমুদ বলছিলেন, "প্রথমে অ্যাপটি ডাউনলোড করে খেলা দেখা শুরু করলাম। কিন্তু ভিডিও কোয়ালিটি ভাল না হওয়ায় যখনই উন্নত (এইচডি) কোয়ালিটি অপশনে ক্লিক করলাম, তখনই ওরা আলাদা একটি অনলাইন জুয়ার সাইটে নিয়ে গেলো আমাকে।" তবে সেটিকে নিরাপদ মনে না হওয়ায় শেষ পর্যন্ত তিনি আর অনলাইনে খেলা দেখেননি বলেও জানান।

সাইবার নিরাপত্তা বিশ্লেষকদের মতে, ফ্রি'তে অনলাইনে খেলা দেখানোর এসব লিংকে প্রবেশ করলেই অনেক ক্ষেত্রে তার ডিভাইস, অনলাইন কার্যক্রম ও ব্যক্তিগত তথ্য সংগ্রহ বা চুরি করা হয়ে থাকে। সাইবার নিরাপত্তা বিশ্লেষক তানভীর হাসান জোহা বিবিসি বাংলাকে বলেন, "ফ্রি অনলাইন ফুটবল স্ট্রিমিং সাইট ব্যবহার করলে বড়ো ধরনের সাইবার নিরাপত্তা ঝুঁকি তৈরি হতে পারে। এছাড়া ব্যক্তিগত তথ্য, পাসওয়ার্ড, ব্যাংকিং তথ্য ও সামাজিক যোগাযোগমাধ্যমের অ্যাকাউন্টের তথ্য চুরির ঝুঁকিও থাকে।" বিশ্বকাপ ফুটবল, ক্রিকেটসহ বড়ো কোনো ক্রীড়া আসর শুরু হলে অনলাইনে খেলা দেখতে দর্শকদের আগ্রহ বেড়ে যায়। বাংলাদেশের আইনশৃঙ্খলা বাহিনী বলছে, এই সুযোগকে কাজে লাগিয়ে অসংখ্য অননুমোদিত লিংক ছড়িয়ে দিয়ে প্রতারণার ফাঁদ তৈরি করা হয়।

**যেভাবে ফাঁদে পড়েন ব্যবহারকারীরা**

বিশ্বকাপের স্বাগতিক দেশ কানাডা সরকারের ওয়েবসাইটে সাম্প্রতিক প্রকাশিত এক সতর্কবার্তায় বলেছে, ২০২৬ সালের বিশ্বকাপকে কেন্দ্র করে ভুয়া স্ট্রিমিং সাইট, নকল অ্যাপ, ফিশিং এবং বিভিন্ন ধরনের অনলাইন প্রতারণা বেড়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। মোহাম্মদপুরের সুলতান মাহমুদ খেলা দেখার যেই দুইটি লিংক পেয়েছিলেন, তার একটি ছিল ফেসবুক লিংক, আরেকটি অ্যাপ ভিত্তিক লিংক। উদাহরণ দিয়ে সাইবার নিরাপত্তা বিশ্লেষক তানভীর হাসান জোহা বলছিলেন, ধরেন একজন ফেসবুক পোস্টে ফ্রি'তে অনলাইনে খেলা দেখার লিংক খুঁজলেন। তার নিচে কেউ একজন কমেন্টে লিখে দিলেন আজকের খেলার ফ্রি এইচডি লিংক। সেই সাথে একটি লিংক দেওয়া হলো " ওয়েব সাইট বা ফেসবুক লিংক বা অফিসিয়াল অ্যাপ স্টোরের বাইরের এক ধরনের অ্যাপ ডাউনলোড করতে বলা হয়, এসব লিংকে গিয়ে খেলা দেখার জন্য। মি. জোহা বলছিলেন, "এই ধরনের অ্যাপ বা ওয়েবসাইটে প্রায়ই ম্যালওয়্যার, ট্রোজান, স্পাইওয়্যার এবং ক্ষতিকর স্ক্রিপ্ট লুকিয়ে থাকে, যা ব্যবহারকারীর ডিভাইস আক্রান্ত করতে পারে। এছাড়া ব্যক্তিগত তথ্য, পাসওয়ার্ড, ব্যাংকিং তথ্য ও সামাজিক যোগাযোগমাধ্যমের অ্যাকাউন্টের তথ্য চুরির ঝুঁকিও থাকে।" স্বাভাবিকভাবে অনেকের প্রশ্ন আছে যে, ফেসবুক, টেলিগ্রামের মতো অ্যাপসগুলোও ব্যবহার করে এই ধরনের লিংকে প্রবেশ করলে কী ধরনের ঝুঁকি থাকতে পারে? উদাহরণ দিয়ে মি. জোহা বলছিলেন, "ধরেন আপনার ফোনে ফেসবুক লগ ইন করা আছে। আপনি যদি আরেক ডিভাইস থেকেও ফেসবুক লগ-ইন করতে যান দেখবেন, অথেনটিকেশনের কারণে সে আপনার অন্য ডিভাইসেও লগ ইন নিয়ে নেবে কুকি হাইজ্যাকের মাধ্যমে।"

**ঝুঁকি কী, কিভাবে নিরাপদে থাকবেন?**

অনলাইনে বিভিন্ন লিংক ছড়িয়ে প্রতারণার ফাঁদসহ এই ধরনের অপরাধ নিয়ে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ নিয়মিত অভিযান পরিচালনা করছে। সিআইডি, গত দেড় মাসের অভিযানে ২৭৮টি এমন ওয়েবসাইটের সন্ধান পেয়েছে। এর মধ্যে গত পহেলা মে থেকে ১৬ জুন পর্যন্ত ২৬৮টি এবং বুধবার ১০টি ওয়েব সাইটের সন্ধান পায়। এই ওয়েবসাইটগুলো বন্ধ করতে তারা বিটিআরসির কাছে চিঠিও দিয়েছে। সিআইডির বিশেষ পুলিশ সুপার জসীম উদ্দিন খান বিবিসি বাংলাকে বলেন, "বড়ো কোনো খেলার আসরকে কেন্দ্র করে প্রতারণা ফাঁদ পাতা হয়। জুয়ার সাইটগুলোতে প্রবেশ করিয়ে ব্যবহারকারীদের পাসওয়ার্ড ছাড়াই অ্যাকাউন্টে ঢুকে পড়ে এবং প্রতারণার জাল পাতে।" সাইবার নিরাপত্তা বিশ্লেষক তানভীর হাসান জোহা বলছিলেন, এই ধরনের স্ক্যামের শিকার হলে ম্যালওয়্যার ও ভাইরাস সংক্রমণ, ব্যক্তিগত তথ্য ও পাসওয়ার্ড চুরি, ব্যাংকিং ও আর্থিক জালিয়াতি, ফিশিং ও অনলাইন প্রতারণা ও ডিভাইসের নিয়ন্ত্রণ হারানোর ঝুঁকি থাকে। এই ঝুঁকির হাত থেকে নিরাপদ থাকতে থার্ড পার্টি অ্যাপ ব্যবহার না করা ও সবসময় অফিসিয়াল ব্রডকাস্টার, অনুমোদিত স্ট্রিমিং প্ল্যাটফর্ম বা লাইসেন্সপ্রাপ্ত অ্যাপ ব্যবহার করার পরামর্শও দিয়েছেন এই নিরাপত্তা বিশ্লেষক। সিআইডি কর্মকর্তা মি. খান বলছিলেন, সম্প্রতি প্রতারণার সাইটের মাধ্যমে প্রতারণা বাড়ছে। যে কারণে এই ধরনের অপরাধে শাস্তি ও দণ্ডের পরিমাণও বাড়ানো হয়েছে। একই সাথে ২৪ ঘণ্টা মনিটরিং করে এই চক্রগুলোকে ধরতে নিয়মিত অভিযান পরিচালনা করছেন তারা। সিআইডি গত দেড় মাসে এই সংক্রান্ত অপরাধে অন্তত ১৭ জন আসামিকে গ্রেফতার করেছে এবং এই ধরনের অপরাধে ব্যবহৃত দুই হাজারেরও বেশি আর্থিক মোবাইল পরিসেবা অ্যাকাউন্টের বিরুদ্ধে ব্যবস্থা নিতে বিএফআইইউ'র কাছে চিঠি দেওয়া হয়েছে। ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার মোহাম্মদ আমিনুল হক বাপ্পী বিবিসি বাংলাকে বলেন, "এই ধরনের প্রতারণার ফাঁদ থেকে বাঁচতে অনলাইনে এই ধরনের লিংক দেখলে সেগুলো আগে যাচাই করে তারপর সেখানে প্রবেশ করা

উচিত। তা না হলে বড়ো ধরনের ঝুঁকির মধ্যে পড়তে হতে পারে।„ আর এর মাধ্যমে কেউ প্রতারিত হলে দ্রুতই আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহযোগিতা নেওয়ারও পরামর্শ দিয়েছে বাংলাদেশ পুলিশ।
(বিবিসি ওয়েব পেজ : ১৭.০৬.২০২৬ নারগীস)

## মামলার কারণে শিক্ষক-কর্মচারী নিয়োগ আটকে রয়েছে : শিক্ষামন্ত্রী

বিভিন্ন মামলার জটিলতার কারণে শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারী নিয়োগ আটকে রয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশের শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। আজ বুধবার জাতীয় সংসদে ৩০০ বিধিতে দেওয়া এক বিবৃতিতে শিক্ষামন্ত্রী এ কথা জানান। শিক্ষামন্ত্রী বলেন, ”বিভিন্ন মামলার জটিলতার কারণে শিক্ষক নিয়োগ নিরসন করতে পারছি না। আজকে চার মাস হতে চললো দায়িত্ব পেয়েছি। প্রথম সপ্তাহ থেকেই আদালত পাড়ায় মামলার জটিলতা নিরসনের জন্য চেষ্টা করেছি। কিন্তু এখন পর্যন্ত আপিল বিভাগে মামলাগুলো কার্যতালিকায় আসছে না।„ ”এনটিআরসি-তে (বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ) প্রতিষ্ঠান প্রধান নিয়োগ, কলেজের প্রধান নিয়োগ-সেটিও মামলার জটিলতায় ঝুলে আছে। প্রতিটি প্রাথমিক স্কুলে দপ্তরি-কাম-নাইটগার্ড নিয়োগ কার্যক্রমও মামলার কারণে ঝুলে আছে। মামলার পরিসংখ্যান দেখলে হাজার হাজার মামলা দেখতে পাচ্ছি।„ এসময় তিনি আরও জানান যে, সারাদেশে ইতোমধ্যে আরও ৩৩ হাজার প্রধান শিক্ষকের পদ খালি হয়েছে। কিন্তু পদোন্নতি-সংক্রান্ত জটিলতা ও মামলার কারণে অনেক শিক্ষক প্রধান শিক্ষক হতে পারছেন না। ”সারা বাংলাদেশে এখনও যারা প্রধান শিক্ষক হতে পারেননি, তারা অবসরে চলে যাচ্ছেন এবং তারা প্রধান শিক্ষক পদে প্রমোশন পাচ্ছেন না,„ বলেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন।(বিবিসি ওয়েব পেজ : ১৭.০৬.২০২৬ নারগীস)

## জনগণের অর্থ বিদেশে পাচার হতে দেওয়া হবে না: প্রধানমন্ত্রী

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, ”জনগণের অর্থ কোনোভাবেই বিদেশে পাচার হতে দেওয়া হবে না; বরং তা জনগণের কল্যাণ ও জীবনমান উন্নয়নে ব্যয় করা হবে।„খবর রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-এর। আজ দুপুরে মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলার ভিক্টোরিয়া উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত অনুষ্ঠানে যোগ দিয়ে `ফ্যামিলি কার্ড, বিতরণ শেষে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেছেন, ”অনেকেই নানা কথা ও বিভ্রান্ত ছড়াতে চায়। এরা বলে ফ্যামিলি কার্ড, কৃষক কার্ডের টাকা কোথা থেকে আসবে? আপনাদের সবাইকে সাক্ষী রেখে তাদের উদ্দেশ্যে আমি বলতে চাই, বিগত এক যুগ ধরে জনগণের অর্থ এই দেশ থেকে পাচার হয়ে গিয়েছিল। আমরা জনগণের টাকা আর পাচার হতে দেব না।„ প্রধানমন্ত্রী বলেন, ”জনগণের টাকা দিয়ে জনগণের জন্য কাজ করা হবে। জনগণের অর্থ দিয়ে দেশের জন্য কাজ করা হবে, দেশের ভাগ্যের পরিবর্তনের জন্য কাজ করা হবে। কাজেই ইনশাল্লাহ টাকার কোনো অভাব হবে না।„ ”যারা এই দেশ থেকে টাকা পাচার করেছে, যারা এ দেশ থেকে জনগণের অর্থ বিদেশে পাঠাতে চায়, আমরা আজ থেকে তাদের বিরুদ্ধে কঠোর অবস্থান গ্রহণ করব। আমরা যদি সকলে চোখ-কান খোলা রাখি, তাহলে এ দেশের অর্থ কেউ বিদেশে পাচার করতে পারবে না। আমরা সকলে মিলে পরিশ্রম করব এবং সেই অর্থ দিয়ে দেশের মানুষের ভাগ্য পরিবর্তন করব,„ যোগ করেন তিনি।
(বিবিসি ওয়েব পেজ : ১৭.০৬.২০২৬ নারগীস)

## `বাঙালি মুসলমানদের বাংলাদেশে ঠেলে দিচ্ছে ভারত, : হিউম্যান রাইটস ওয়াচ

যথাযথ আইনি প্রক্রিয়া অনুসরণ না করেই ভারতের পশ্চিমবঙ্গ থেকে মূলত বাঙালি মুসলমানদের জোর করে বাংলাদেশে পাঠানো হচ্ছে বলে অভিযোগ করেছে মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ। মঙ্গলবার সংস্থাটি জানিয়েছে, ভারতের সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) মানুষকে বাংলাদেশে ঠেলে পাঠানোর চেষ্টা করছে। অন্যদিকে, ঠেলে পাঠানো ওই ব্যক্তিদের বাংলাদেশে ঢুকতে বাধা দিচ্ছে বাংলাদশের সীমান্তরক্ষী বাহিনী (বিজিবি)। এতে করে বহু পরিবার দুই দেশের সীমান্তের শূন্য রেখায় (জিরো লাইন) আটকা পড়েছে। বিজিবির তথ্য অনুযায়ী, গত পহেলা জুন থেকে বিএসএফের ২১টি `পুশ-ইনের, চেষ্টা প্রতিহত করা হয়েছে। এসব ঘটনায় শিশুসহ ২০০ জনের বেশি মানুষকে বাংলাদেশের সীমান্তবর্তী জেলাগুলোতে ঠেলার চেষ্টা করা হয়েছিল। এদিকে, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর বক্তব্যকে উল্লেখ করে হিউম্যান রাইটস ওয়াচ জানিয়েছে যে বিজেপি সরকারের ”ডিটেক্ট, ডিলিট অ্যান্ড ডিপোর্ট„ নীতির আওতায় শত শত ”বাংলাদেশি অনুপ্রবেশকারীকে„ আটক করা হয়েছে এবং প্রায় পাঁচ হাজার মানুষকে ”ফিরে যেতে„ বাধ্য করা হয়েছে। সংস্থাটির এশিয়া অঞ্চলের উপ-পরিচালক মীনাকশী গাঙ্গুলী বলেন, ”মৌলিক মানবাধিকারকে উপেক্ষা করে ভারতীয় কর্তৃপক্ষ নির্মমভাবে পরিবারগুলোকে জোর করে বাংলাদেশে পাঠাচ্ছে বা সীমান্তে আটকে রাখছে।„ তিনি আরও বলেন যে, ভারত সরকারের উচিত এই জোরপূর্বক বহিষ্কার বন্ধ করা, আইনি প্রক্রিয়া নিশ্চিত করা, নাগরিকত্ব যাচাইয়ে বাংলাদেশের কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় করা ও মুসলমানদের প্রতি বৈরিতাপূর্ণ আচরণ বন্ধ করা।

হিউম্যান রাইটস ওয়াচ আরও জানায়, তারা এমন নয়জনের সাক্ষাৎকার নিয়েছে, যারা দেখেছেন যে, বিএসএফ রাতের অন্ধকারে লোকজনকে সীমান্তে এনে কাঁটাতারের বেড়ার কাটা অংশ দিয়ে বাংলাদেশে ঢুকিয়ে দেওয়ার চেষ্টা করেছে। কয়েকটি ঘটনায় বিজিবি প্রবেশে বাধা দিলে বিএসএফ শেষ পর্যন্ত ওই ব্যক্তিদের আবার ফিরিয়ে নেয়।
(বিবিসি ওয়েব পেজ : ১৭.০৬.২০২৬ আলী আহমেদ)

## মার্কিন নৌ অবরোধ পেরিয়ে আরব সাগরে ঢুকেছে ইরানের তিন তেলবাহী জাহাজ

গত দুই মাসের মধ্যে প্রথমবারের মতো ইরানের তিনটি তেলবাহী জাহাজ মার্কিন নৌ অবরোধ অতিক্রম করেছে বলে জানিয়েছে জাহাজ চলাচল পর্যবেক্ষণকারী ওয়েবসাইটগুলো। বিবিসি যাচাই করে দেখেছে, ন্যাশনাল ইরানিয়ান ট্যাংকার কোম্পানির এই তিনটি নিষেধাজ্ঞার আওতাভুক্ত জাহাজ তেলভর্তি অবস্থায় অবরোধরেখা অতিক্রম করে আরব সাগরে প্রবেশ করেছে। জাহাজগুলোর অবস্থান শনাক্ত করার ব্যবস্থা চালু থাকলেও, সেগুলো কোথায় যাচ্ছে সে তথ্য প্রকাশ করা হচ্ছে না। (বিবিসি ওয়েব পেজ : ১৭.০৬.২০২৬ আলী আহমেদ)

## হাম উপসর্গে আরও চার শিশুর মৃত্যু

গত ২৪ ঘণ্টায় সারাদেশে হামের উপসর্গে চার জনের মৃত্যু হয়েছে। আজ বুধবার স্বাস্থ্য অধিদপ্তরের কন্ট্রোলরুম থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় সন্দেহজনক হামরোগীর সংখ্যা ৯৬৬ জন ও নিশ্চিত হামরোগীর সংখ্যা ১১১ জন। সেইসাথে, গত ১৫ মার্চ থেকে আজ ১৭ই জুন পর্যন্ত সন্দেহজনক হামরোগীর সংখ্যা ৮৮ হাজার ৮৯৫ জন ও নিশ্চিত হামরোগীর সংখ্যা ১০ হাজার ৬৩৪ জন বলে জানানো হয়েছে বিজ্ঞপ্তিতে। গত ২৪ ঘণ্টায় হাম সন্দেহে মৃতদের তিনজন সিলেটে, একজন ময়মনসিংহে।
(বিবিসি ওয়েব পেজ : ১৭.০৬.২০২৬ আলী আহমেদ)

## চুক্তি মানা না হলে আবারও ইরানে বোমা হামলার হুঁশিয়ারি ট্রাম্পের

জি-৭ সম্মেলনে যোগ দিতে ফ্রান্সে থাকা যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানের সঙ্গে হওয়া চুক্তি এখনো চূড়ান্ত হয়নি। এর বাস্তবায়নে তিনি সন্তুষ্ট না হলে আবারও ইরানের ওপর বোমা হামলা চালানো হতে পারে। সম্মেলনের ফাঁকে সাংবাদিকদের তিনি বলেন, "এটি একটি সমঝোতা স্মারক। যদি আমার পছন্দ না হয়, তাহলে আমরা আবার গুলি চালাবো এবং তাদের ওপর বোমা ফেলবো।„ "তারা যদি ঠিকভাবে আচরণ না করে, তাহলে আবার বোমা হামলা শুরু হবে।„ ট্রাম্প আরও বলেন, এই সমঝোতা স্মারকে ইরানের ওপর আরোপিত নিষেধাজ্ঞা তাৎক্ষণিকভাবে তুলে নেওয়ার কোনো বিষয় নেই। এ বিষয়ে পরে আরও বিস্তারিত জানাবেন বলেও উল্লেখ করেন তিনি।(বিবিসি ওয়েব পেজ : ১৭.০৬.২০২৬ আলী আহমেদ)

## ট্রাম্পের সমালোচনা উপেক্ষা করেই লেবাননে নতুন হামলা চালালো ইসরায়েল

ইসরায়েলের কর্মকাণ্ড নিয়ে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সমালোচনাকে উপক্ষা করেই লেবাননে নতুন করে হামলা চালিয়েছে ইসরায়েলি বাহিনী। বুধবার লেবাননের রাষ্ট্রীয় বার্তা সংস্থা এনএনএ জানিয়েছে, নাবাতিয়েহ আল-ফাওকা এলাকা এবং পাশের কফর তেবনিতের উপকণ্ঠে ইসরায়েলি যুদ্ধবিমান হামলা চালিয়েছে। এ বিষয়ে তাৎক্ষণিক কোনো মন্তব্য করেনি ইসরায়েলি সেনাবাহিনী। তবে এর আগে তারা বলেছিল, তাদের লক্ষ্য ইরান-সমর্থিত সশস্ত্র গোষ্ঠী হেজবুল্লাহ। যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যুদ্ধ বন্ধের জন্য হওয়া চুক্তির বিস্তারিত এখনো প্রকাশ করা হয়নি। তবে মধ্যস্থতাকারী পাকিস্তান বলেছে, ওই সমঝোতায় লেবানন-সংক্রান্ত বিষয়ও অন্তর্ভুক্ত রয়েছে। মঙ্গলবার ট্রাম্প বলেছেন, লেবাননের বিষয়ে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর আরও দায়িত্বশীল আচরণ করা উচিত। ফ্রান্সে জি-৭ সম্মেলনে তিনি আরও বলেন, ইসরায়েল "অনেক দিন ধরে„ হিজবুল্লাহর বিরুদ্ধে লড়াই করছে এবং এতে "অনেক মানুষের প্রাণহানি হচ্ছে।„ রোববার রাতে যুক্তরাষ্ট্র-ইরান সমঝোতার ঘোষণা এসেছে। কিন্তু তারপরও ইসরায়েল ও হিজবুল্লাহ উভয় পক্ষ একে অপরের ওপর হামলা চালিয়ে যাচ্ছে।(বিবিসি ওয়েব পেজ : ১৭.০৬.২০২৬ আলী আহমেদ)

## খেটে খাওয়া মানুষের জন্য দেয়া বাজেটকে অনেকে চানাচুর বলে: প্রধানমন্ত্রী

"যেই বাজেটে আমরা মানুষের স্বাস্থ্য সুবিধার জন্য অর্থ বরাদ্দ রেখেছি, সেই বাজেট নাকি চানাচুরের মতো। যেই বাজেটে ৬০টি পণ্যের ওপর থেকে শুল্ক প্রত্যাহার করে নেওয়া হয়, সেই বাজেটকে একটি দল বলে গণবিরোধী বাজেট,„ এই মন্তব্য করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। আজ বুধবার মৌলভীবাজারের শ্রীমঙ্গলের ভিক্টোরিয়া উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত ফ্যামিলি কার্ড বিতরণ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, "যেই বাজেট জনগণের বাজেট, যেই বাজেটে অর্থ বরাদ্দের মাধ্যমে আমরা জনগণের ভাগ্য পরিবর্তন করতে চাই, সেই বাজেটকে তারা চানাচুরের সাথে তুলনা করে।„ মা, কৃষক, প্রতিবন্ধী, শিক্ষার্থী- সকলের কথা মাথায় রেখে এবারের বাজেটে শুধু অর্থই বরাদ্দ দেওয়া হয়নি, পাশাপাশি অনেক পণ্যের ওপর থেকে শুল্ক প্রত্যাহার করা হয়েছে বলেও মন্তব্য করেন তিনি। তাই, "যারা জনগণকে বিভ্রান্ত করতে চায়, সেটি সংসদের ভেতরে

হোক বা বাইরে হোক, তাদের ব্যাপারে সচেতন থাকতে হবে। কারণ এই সমস্ত লোক বা দলগুলো যদি দেশে অশান্তি করার সুযোগ পায়, তাহলে ফ্যামিলি কার্ড বাস্তবায়ন করতে পারবো না,„ যোগ করেন তারেক রহমান।
(বিবিসি ওয়েব পেজ : ১৭.০৬.২০২৬ আলী আহমেদ)

## রেডিও তেহরান

### বাংলাভাষী মুসলমানদের `পুশ-ইন, : ভারতের বিরুদ্ধে এইচআরডব্লিউর গুরুতর অভিযোগ

ভারত থেকে বাংলাভাষী মুসলমানদের বাংলাদেশে জোরপূর্বক পাঠানোর চেষ্টা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস ওয়াচ (এইচআরডব্লিউ)। সংস্থাটির অভিযোগ, কোনো সঠিক আইনি বা প্রশাসনিক প্রক্রিয়া অনুসরণ না করেই পশ্চিমবঙ্গ থেকে মানুষকে বাংলাদেশে ঠেলে দেওয়ার চেষ্টা করা হচ্ছে, যা আন্তর্জাতিক মানবাধিকার আইনের পরিপন্থি। এইচআরডব্লিউ অবিলম্বে এ ধরনের কার্যক্রম বন্ধের আহ্বান জানিয়েছে। সংস্থাটির মতে, সীমান্তে বর্তমানে এক মানবিক সংকট তৈরি হয়েছে। একদিকে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) কিছু মানুষকে বাংলাদেশে পাঠানোর চেষ্টা করছে, অন্যদিকে বাংলাদেশ সীমান্তরক্ষী বাহিনী (বিজিবি) তাদের প্রবেশে বাধা দিচ্ছে। ফলে অনেক পরিবার দুই দেশের সীমান্তের মাঝখানের নো-ম্যানস ল্যান্ডে আটকে পড়ছে এবং খোলা আকাশের নিচে দুর্বিষহ সময় কাটাতে বাধ্য হচ্ছে। বিজিবির তথ্য অনুযায়ী, ২০২৬ সালের ১ জুন থেকে এখন পর্যন্ত শিশুসহ দুই শতাধিক মানুষকে বাংলাদেশে জোর করে পাঠানোর অন্তত ২১টি চেষ্টা প্রতিহত করা হয়েছে।
এদিকে, গত মার্চে পশ্চিমবঙ্গের নির্বাচনে বিজেপি জয়ী হওয়ার পর নতুন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী `ডিটেক্ট, ডিলিট অ্যান্ড ডিপোর্ট, নীতির ঘোষণা দেন। তার দাবি, এ নীতির আওতায় প্রায় ৫ হাজার `অনুপ্রবেশকারীকে, বাংলাদেশে ফেরত পাঠানো হয়েছে। এইচআরডব্লিউ আরও উল্লেখ করেছে, নির্বাচনের আগে ভোটার তালিকা সংশোধনের ফলে পশ্চিমবঙ্গের প্রায় ৯০ লাখ মানুষের নাম বাদ পড়ে যায়। মানবাধিকার কর্মীদের আশঙ্কা, এতে বহু মানুষ আটক বা বিতাড়নের ঝুঁকিতে পড়েছেন। এর আগে, ২০১৯ সালে আসামের এনআরসি প্রক্রিয়ার ফলে ১৯ লাখের বেশি মানুষ নাগরিকত্ব সংকটে পড়েছিলেন। প্রত্যক্ষদর্শীদের বরাতে এইচআরডব্লিউ জানিয়েছে, অনেক ক্ষেত্রে রাতের অন্ধকারে সীমান্ত পার করানোর চেষ্টা করা হয়। গত ৫ জুন পঞ্চগড় সীমান্তে শিশুসহ ১০ জনকে বাংলাদেশে পাঠানোর চেষ্টা ব্যর্থ হলে তারা প্রায় ৭৫ ঘণ্টা ঝড়-বৃষ্টির মধ্যে সীমান্তে আটকে ছিলেন। পরে বিএসএফ তাদের ফিরিয়ে নিয়ে যায়। একইভাবে তেঁতুলবাড়িয়া ও ঠাকুরগাঁও সীমান্তেও একাধিক পরিবার, গর্ভবতী নারী ও শিশুদের দীর্ঘ সময় সীমান্তে আটকে থাকার ঘটনা ঘটেছে। এইচআরডব্লিউর এশিয়া অঞ্চলের ডেপুটি ডিরেক্টর মীনাক্ষী গাঙ্গুলী বলেন, কোনো ব্যক্তির নাগরিকত্ব নিয়ে প্রশ্ন থাকলে তা অবশ্যই আইনি প্রক্রিয়ায় এবং দুই দেশের কর্তৃপক্ষের সমন্বয়ের মাধ্যমে নিষ্পত্তি করা উচিত। জোরপূর্বক সীমান্তে ঠেলে দেওয়া মানবাধিকার লঙ্ঘনের শামিল এবং তা অবিলম্বে বন্ধ করা প্রয়োজন।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৭.০৬.২০২৬ নারগীস)

### মিয়ানমার ও ভারত সীমান্তে কাঁটাতারের বেড়া দিচ্ছে বাংলাদেশ : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী

মিয়ানমার সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণের উদ্যোগ নিয়েছে বাংলাদেশ সরকার। পাশাপাশি ভারত সীমান্তের স্পর্শকাতর এলাকাগুলোতেও কাঁটাতারের বেড়া দেওয়ার পরিকল্পনা বিবেচনাধীন রয়েছে। আজ (বুধবার) জাতীয় সংসদের বাজেট অধিবেশনে প্রশ্নোত্তরে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ এ তথ্য জানিয়েছেন। পাবনা-৫ আসনের সংসদ সদস্য শামছুর রহমান শিমুল বিশ্বাসের লিখিত প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, সীমান্ত দিয়ে ইয়াবা, ক্রিস্টাল মেথ (আইস), ফেন্সিডিলসহ সব ধরনের মাদক, অবৈধ অস্ত্র ও গোলাবারুদ প্রবেশ বন্ধে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) 'জিরো টলারেন্স' নীতি অনুসরণ করছে। গোয়েন্দা নজরদারি বৃদ্ধির মাধ্যমে সীমান্ত অপরাধীদের চিহ্নিত করে আইনের আওতায় আনা হচ্ছে। সীমান্ত সুরক্ষা কার্যকর করতে দুর্গম ও স্পর্শকাতর সীমান্ত এলাকাগুলোতে নতুন বিওপি/টিওবি নির্মাণ করা হয়েছে এবং আরও নির্মাণের পরিকল্পনা রয়েছে। এতে বিজিবির টহল সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। দেশের দক্ষিণ-পশ্চিম ও উত্তর-পশ্চিম সীমান্তের অতি সংবেদনশীল এলাকায় 'স্মার্ট বর্ডার সার্ভেইল্যান্স সিস্টেম' স্থাপন করা হয়েছে বলেও জানান মন্ত্রী।

#### বিএসএফ-এর পুশইন প্রসঙ্গ

স্বরাষ্ট্রমন্ত্রী আরও জানান, ২০২৪ সালের ৫ আগস্ট থেকে ভারতীয় সীমান্তরক্ষী (বিএসএফ) কর্তৃক পুশইন করা দুই হাজার ৩৬৯ জনের মধ্যে ১১ জনকে বিএসএফের কাছে হস্তান্তর এবং ১৮৩ জনকে পুশব্যাক করা হয়েছে। বাকিদের থানায় হস্তান্তর করা হয়েছে। ভারতের পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনের পর বিএসএফের ৩৬টি পুশইন চেষ্টা বিজিবি প্রতিরোধ করেছে। সীমান্তে বিএসএফের গুলিতে নিরীহ বাংলাদেশি নাগরিক হত্যার প্রসঙ্গে মন্ত্রী বলেন, এটি অত্যন্ত দুঃখজনক ও মানবাধিকারের সুস্পষ্ট লঙ্ঘন। বিজিবি-বিএসএফ মহাপরিচালক পর্যায়ের সীমান্ত সম্মেলনে বিষয়টি জোরালোভাবে উত্থাপন করা হয়েছে। যদিও নিহতের পরিবারকে ভারত সরকারের পক্ষ থেকে সরাসরি আর্থিক সহায়তা

প্রদানের বিষয়ে কোনো সুনির্দিষ্ট চুক্তি হয়নি, তবে দ্বিপাক্ষিক বৈঠকে বাংলাদেশ সবসময়ই সীমান্তে প্রাণঘাতি অস্ত্র ব্যবহারের তীব্র বিরোধীতা এবং এর জবাবদিহিতার বিষয়টি উত্থাপন করেছে।

**সচেতনতামূলক কার্যক্রম**

সীমান্ত এলাকার মানুষকে চোরাচালান ও অপরাধের কুফল সম্পর্কে সচেতন করতে এবং অপরাধীদের তথ্য দিয়ে বিজিবিকে সহায়তা করতে নিয়মিত 'জনসচেতনতামূলক কার্যক্রম' পরিচালনা করা হচ্ছে বলে জানান স্বরাষ্ট্রমন্ত্রী।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৭.০৬.২০২৬ নারগীস)

## এনএইচকে

### যুদ্ধ বন্ধে যুক্তরাষ্ট্র-ইরান চুক্তির খসড়া নিয়ে ব্লুমবার্গের প্রতিবেদন

একটি মার্কিন সংবাদমাধ্যম জানিয়েছে যে , যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যুদ্ধাবসানের লক্ষ্যে তারা যেটাকে একটি খসড়া সমঝোতা স্মারক উল্লেখ করেছে সেটা স্বাক্ষরিত হতে চলেছে। ব্লুমবার্গ মঙ্গলবার ১৪-দফা নথিটির পাঠ প্রকাশ করে। এতে একটি ধারা অন্তর্ভুক্ত রয়েছে , যেখানে দৃশ্যত হরমুজ প্রণালি দিয়ে যান চলাচল ৩০ দিনের মধ্যে যুদ্ধ -পূর্ববর্তী মাত্রায় ফিরিয়ে আনার আহ্বান জানানো হয়েছে। শুক্রবার নির্ধারিত স্বাক্ষর অনুষ্ঠানের পর চুক্তিটি কার্যকর হবে কি না, সেদিকেই এখন সবার দৃষ্টি নিবদ্ধ রয়ে ছে। খসড়াটিতে বলা হচ্ছে , এই দলিলে স্বাক্ষ র করার পর ইরান ও যুক্তরাষ্ট্র চলমান যুদ্ধে তাদের মিত্রদের সঙ্গে নিয়ে , লেবাননসহ সকল রণাঙ্গনের যুদ্ধ অবিলম্বে ও স্থায়ীভাবে সমাপ্তি ঘোষণা করবে। এতে আরও বলা হয় , ইরান ও যুক্তরাষ্ট্র সর্বোচ্চ ৬০ দিনের মধ্যে আলোচনা করে একটি চূড়ান্ত চুক্তিতে পৌঁছাবে। দলিলে বলা হচ্ছে যে , চুক্তি স্বাক্ষরের সাথে সাথেই যুক্তরাষ্ট্র তাদের নৌ অবরোধ তুলে নেবে এবং ইরানে যেকোনো ধরনের হস্তক্ষেপ করা থেকে বিরত থাকবে। এতে এও বলা হচ্ছে , ৩০ দিনের মধ্যে নৌ চলাচল সম্পূর্ণ মাত্রায় স্বাভাবিক করতে হবে। এতে আরও বলা হচ্ছে যে , চূড়ান্ত চুক্তির ৩০ দিনের মধ্যে যুক্তরাষ্ট্র পার্শ্ববর্তী এলাকাগুলো থেকে তাদের বাহিনী প্রত্যাহার করে নেবে। খসড়াটিতে বলা হচ্ছে , ইরান অবিলম্বে এমন পদক্ষেপ নেবে যাতে ৩০ দিনের মধ্যে পারস্য উপসাগর ও ওমান উপসাগরের মধ্যে বাণিজ্যিক জাহাজ চলাচল যুদ্ধ-পূর্ববর্তী পর্যায়ে ফিরে আসে। ইরানের পারমাণবিক কর্মসূচি প্রসঙ্গে দলিলে বলা হচ্ছে , ইরান পুনর্ব্যক্ত করেছে যে তারা কখনোই পারমাণবিক অস্ত্র তৈরি করবে না। এতে আরও বলা হচ্ছে , ইরান ও যুক্তরাষ্ট্র এই বিষয়ে একমত হয়েছে যে, ইউরেনিয়াম সমৃদ্ধকরণের ভবিষ্যৎ এবং পারস্পরিকভাবে সম্মত অন্যান্য পরমাণু -সংশ্লিষ্ট বিষয়গু দলিলে বলা হচ্ছে , যুক্তরাষ্ট্র "চূড়ান্ত চুক্তির অংশ হিসেবে সম্মত হওয়া একটি সময়সূচি অনুযায়ী " ইরানের উপর থেকে সব ধরনের নিষেধাজ্ঞা তুলে নিতে প্রতিশ্রুতিবদ্ধ। এতে আরও বলা হচ্ছে , যুক্তরাষ্ট্র আঞ্চলিক অংশী দারদের সঙ্গে নিয়ে ইরানের পুনর্বাসন ও অর্থনৈতিক উন্নয়নের জন্য একটি ব্যাপক পরিকল্পনা তৈরি করবে। খসড়ায় বলা হচ্ছে , কর্মসূচিটির জন্য কমপক্ষে ৩০০ বিলিয়ন ডলারের অর্থায়ন নিশ্চিত করা হবে। সুইজারল্যান্ডের পররাষ্ট্র মন্ত্র ণালয়ের একজন মুখপাত্র মঙ্গলবার এনএইচকে-কে বলেছেন শুক্রবার মধ্য সুইজারল্যান্ডের বুরগেনস্টক অবকাশ কেন্দ্রে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের আয়োজন করা হবে।(এনএইচকে ওয়েব পেজঃ ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### ইউক্রেন যুদ্ধ থামাতে রাশিয়ার চুক্তিবদ্ধ হওয়া উচিত : ট্রাম্প

ফ্রান্সে শুরু হয়েছে জি-৭ শীর্ষ বৈঠক। প্রথম দিনের বৈঠকে উপস্থিত হয়েছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদমির জেলেনস্কি। বৈঠকের প্রথম দিন অ্যামেরিকাসহ ইউরোপের নেতারা রাশিয়ার উপর চাপসৃষ্টির কৌশল নিয়েছেন। মার্কিন প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প বলেছেন, ইউক্রেন যুদ্ধ বন্ধ করতে রাশিয়াকে চুক্তিবদ্ধ হতেই হবে। বস্তুত, এদিন মূল বৈঠকের পাশাপাশি জেলেনস্কির সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন ট্রাম্প। সেখানে রাশিয়ার সাম্প্রতিক আক্রমণের কথা তুলে ধরেছেন জেলেনস্কি। ট্রাম্প বলেছেন, ইউক্রেন যুদ্ধ বন্ধ করতে যা যা করা দরকার, অ্যামেরিকা তা করবে।
(ডয়চে ভেলে ওয়েব পেজঃ ১৭.০৬.২০২৬ রনি)

### লেবাননে ইসরায়েলের উপস্থিতি নিয়ে সরব ইরান

ইরান জানিয়েছে, লেবাননে এখনো ইসরায়েলের সেনা উপস্থিত। এই পরিস্থিতিতে অ্যামেরিকার সঙ্গে তাদের চুক্তি ভেস্তে যেতে পারে। ইসরায়েল লেবানন থেকে না সরলে অ্যামেরিকা-ইরান চুক্তি সম্পূর্ণ হবে না বলে জানিয়েছে ইরানের কূটনৈতিক মহল। এদিকে ইসরায়েল জানিয়েছে, লেবানন থেকে তাদের সরে যাওয়া সম্ভব নয়। কারণ, যে অঞ্চলে ইসরায়েলের সেনা আছে, সেখানে ইরানের মদতপুষ্ট হেজবোল্লা গোষ্ঠী সক্রিয় বলে তাদের অভিযোগ। আগামী শুক্রবার সুইজারল্যান্ডে ইরান এবং অ্যামেরিকার সাময়িক যুদ্ধবিরোধী চুক্তি সই হওয়ার কথা। চুক্তিতে ইরানের পরমাণু গবেষণা নিয়ে যেমন নির্দিষ্ট নির্দেশ আছে তেমনই ইরানকে নতুন করে তৈরি করতে ৩০০ বিলিয়ন ডলার ফান্ড দেওয়ার কথাও বলা হয়েছে। মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্স জানিয়েছেন, চুক্তি ডিজিটালি সই করা হয়ে গেছে। শুক্রবার

আনুষ্ঠানিকভাবে সামনাসামনি সই হওয়ার কথা। এই চুক্তির অন্যতম মধ্যস্থতাকারী পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরীফ। তিনি জানিয়েছেন, লেবানন প্রসঙ্গ বাদ রেখে এই চুক্তি সই হওয়া সম্ভব নয়।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রনি)

## পাকিস্তানে বিক্ষোভে অচল কাশ্মীর, খাদ্য-সংকটে স্থানীয়রা

পাকিস্তান-শাসিত কাশ্মীরে প্রায় দুই সপ্তাহ ধরে চলছে বিক্ষোভ। বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষে এ পর্যন্ত নিহত হয়েছেন ২২ জন। অচলাবস্থার কারণে দেখা দিচ্ছে খাদ্য-সংকট। গত ৫ জুন থেকে অর্থনৈতিক ও প্রশাসনিক সংস্কারের দাবিতে আন্দোলন করছে জয়েন্ট আওয়ামি অ্যাকশন কমিটি (জেএএসি)। চলতি মাসে সন্ত্রাসবাদবিরোধী আইনের আওতায় সংগঠনটিকে নিষিদ্ধ করে পাকিস্তান সরকার। তা সত্ত্বেও বিক্ষোভ চালিয়ে যাচ্ছেন জেএএসি-র সমর্থকরা। জেএএসি মনে করে, তাদের সন্ত্রাসী গোষ্ঠী হিসেবে চিহ্নিত করা `নিপীড়নমূলক, পদক্ষেপ। পুলিশ জানায়, জুনের শুরুর দিকে বিক্ষোভ শুরুর পর থেকে জেএএসি-র সঙ্গে সংশ্লিষ্ট ৪২৫ জনকে গ্রেপ্তার করা হয়েছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রনি)

## `ভারতের উচিত এই নিষ্ঠুর বহিষ্কার-প্রক্রিয়া বন্ধ করা,

হিউম্যান রাইটস ওয়াচ মঙ্গলবার প্রকাশিত এক প্রতিবেদনে বলেছে, ``যথাযথ আইনি প্রক্রিয়া ছাড়াই জাতিগতভাবে বাঙালি - যাদের অধিকাংশই পশ্চিমবঙ্গের বাসিন্দা এবং মুসলমান - তাদের জোর করে বাংলাদেশে ফেরত পাঠাচ্ছে ভারতীয় কর্তৃপক্ষ।''প্রতিবেদনের শুরুতে আরো বলা হয়, ``ভারতের বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ)-এর এ পদক্ষেপ এবং তাদের (জোর করে পাঠানো মানুষ) প্রবেশ ঠেকাতে বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি)-এর প্রচেষ্টার ফলে দুই দেশের মাঝের শূন্যরেখায় বহু পরিবার আটকা পড়েছে।'' বাংলাদেশের সীমান্তরক্ষীদের উদ্ধৃত করে জানানো হয়, গত ১ জুন থেকে এ পর্যন্ত বিএসএফ-এর ২১টি প্রচেষ্টা ব্যর্থ করা হয়েছে। এসব প্রচেষ্টার মাধ্যমে শিশুসহ দুই শতাধিক মানুষকে বাংলাদেশের সীমান্তবর্তী জেলাগুলোয় ঠেলে দেওয়ার চেষ্টা করা হয়েছিল। প্রতিবেদনে হিউম্যান রাইটস ওয়াচ-এর এশিয়া অঞ্চলের ডেপুটি ডিরেক্টর মীনাক্ষী গাঙ্গুলী বলেন, ``ভারতীয় কর্তৃপক্ষ পরিবারগুলোকে মৌলিক মানবাধিকার উপেক্ষা করে নিষ্ঠুরভাবে বাংলাদেশে ঠেলে দিচ্ছে, কিংবা সীমান্তে আটকে পড়া অবস্থায় ফেলে রাখছে। সরকারের উচিত মানুষকে বেআইনিভাবে বহিষ্কার করা বন্ধ করা, আইনি ও পদ্ধতিগত সুরক্ষা নিশ্চিত করা, নাগরিকত্ব যাচাইয়ের জন্য বাংলাদেশ কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করা এবং মুসলমানদের সঙ্গে এ উদ্বেগজনক বিদ্বেষমূলক আচরণের অবসান ঘটানো।'' প্রতিবেদনে হিউম্যান রাইটস ওয়াচ জানায়, এ প্রতিবেদন তৈরির আগে এমন নয়জনের সাক্ষাৎকার নেয়া হয়েছে, যারা ভারতের সীমান্তরক্ষী বাহিনীকে রাতে মানুষকে সীমান্তে নিয়ে এসে কাঁটাতারের বেড়ার ফাঁক দিয়ে বাংলাদেশের ভূখণ্ডে পাঠাতে দেখেছেন। বেশ কিছু ক্ষেত্রে বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী ঠেলে পাঠানো মানুষদের প্রবেশ করতে না দেওয়ায় ভারতীয় সীমান্তরক্ষীরা শেষ পর্যন্ত ওই মানুষদের ফিরে যাওয়ার অনুমতি দেয় বলেও প্রতিবেদনে জানানো হয়।হিউম্যান রাইটস ওয়াচের প্রতিবেদনে উল্লেখ করা হয়, পশ্চিমবঙ্গে গত মার্চের নির্বাচনের ঠিক আগে নির্বাচন কমিশন তড়িঘড়ি ও বিতর্কিত প্রক্রিয়ায় ভোটার তালিকা সংশোধন শেষ করে। এর ফলে তালিকা থেকে ৯০ লাখেরও বেশি মানুষের নাম বাদ পড়ে যায়। বাদ পড়াদের জন্য তাতে আটক ও দেশত্যাগে বাধ্য করার হুমকি তৈরি হয় বলেও উল্লেখ করা হয় প্রতিবেদনে। আরো বলা হয়, এর আগে ২০১৯ সালে আসাম রাজ্যে নাগরিকত্ব যাচাইয়ের `ত্রুটিপূর্ণ ও বৈষম্যমূলক' প্রক্রিয়ার কারণে ১৯ লাখেরও বেশি মানুষ `রাষ্ট্রহীন' হয়ে পড়ে, হাজার হাজার বাংলাভাষীকে আটক কেন্দ্রে রাখা হয় এবং তাদের মধ্যে অনেককে বেআইনিভাবে `বহিষ্কার' করা হয়। হিউম্যান রাইটস ওয়াচ মনে করে, যথাযথ আইনি প্রক্রিয়া ছাড়া কাউকে আটক ও বহিষ্কার করা মৌলিক মানবাধিকারের লঙ্ঘন। খাদ্য, পানি, আশ্রয় বা চিকিৎসাসেবা ছাড়া মানুষকে কোথাও ফেলে রাখা নিষ্ঠুর, অমানবিক এবং মর্যাদাহানিকর আচরণের শামিল বলেও মনে করে তারা।প্রতিবেদনে বলা হয়, ভারত সরকারের উচিত বহিষ্কারের আশঙ্কায় থাকা সব মানুষের জন্য মৌলিক আইনি সুরক্ষার সুযোগ, অর্থাৎ, বহিষ্কারের কারণ সম্পর্কে পূর্ণাঙ্গ তথ্য পাওয়ার অধিকার, আইনি প্রতিনিধিত্বের অধিকার এবং বহিষ্কারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার সুযোগ নিশ্চিত করা। এছাড়া শিশুদের বহিষ্কার করা, কিংবা অসহায় অবস্থায় ফেলে রাখাকে শিশু অধিকার সনদ-এর লঙ্ঘন হিসেবে উল্লেখ করে বলা হয়, এ সনদ অনুযায়ী, শিশুদের জাতীয়তা বজায় রাখার অধিকারকে সম্মান করতে এবং স্বাধীনতা থেকে তাদের বঞ্চিত করা থেকে বিরত থাকতে রাষ্ট্র বাধ্য। হিউম্যান রাইটস ওয়াচ মনে করে, ভারত ও বাংলাদেশের মধ্যে এমন দ্বিপাক্ষিক ব্যবস্থা রয়েছে যার মাধ্যমে নাগরিকত্ব যাচাই এবং নাগরিকদের সুশৃঙ্খলভাবে হস্তান্তর করা সম্ভব। ভারতীয় কর্তৃপক্ষ বারবার সেই প্রক্রিয়াগুলো এড়িয়ে চলায় মানুষ এখন দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর মাঝখানে আটকা পড়ছেন এবং এর ফলে তাদের মৌলিক অধিকার লঙ্ঘিত হচ্ছে। হিউম্যান রাইটস ওয়াচ-এর এশিয়া অঞ্চলের উপ-পরিচালক মীনাক্ষী গাঙ্গুলী বলেন, ``জাতীয়তা যা-ই হোক না কেন, দুই দেশের সশস্ত্র সীমান্তরক্ষীদের মাঝখানে খোলা মাঠে কাউকে রাত কাটাতে বাধ্য করা উচিত নয়। ভারতের উচিত এই নিষ্ঠুর বহিষ্কার-প্রক্রিয়া বন্ধ করা। সীমান্ত

ব্যবস্থাপনার বিষয়টি যেন কখনো মৌলিক মানবিক মর্যাদাকে ক্ষুণ্ন না করে তা দুই দেশের সরকারেরই নিশ্চিত করা উচিত।'' (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রনি)

## জাগো নিউজ

### ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ডের মাধ্যমে সুবিধাবঞ্চিত মানুষের পাশে সরকার

ভূমি ও পার্বত্য চট্টগ্রাম বিষয়ক প্রতিমন্ত্রী ব্যারিস্টার মীর মোহাম্মদ হেলাল উদ্দিন বলেছেন , ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ডের মাধ্যমে সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়িয়েছে সরকার। বিপুল ঋণের চাপ নিয়েও সরকার জনকল্যাণমূলক কর্মসূচি অব্যাহত রেখেছে। বুধবার (১৭ জুন) চট্টগ্রামের হাটহাজারী উপজেলার গুমানমর্দন ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে ফ্যামিলি কার্ড বিতরণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। অনুষ্ঠানে জানানো হয় , প্রধানমন্ত্রী তারেক রহমান ভার্চুয়ালি দেশের ১৯টি উপজেলার সঙ্গে যুক্ত হয়ে একযোগে ফ্যামিলি কার্ড বিতরণ কর্মসূচির উদ্বোধন করেন। এ সময় গুমানমর্দন ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের ১২৪টি পরিবারের সদস্যদের হাতে ফ্যামিলি কার্ড তুলে দেওয়া হয়। মীর হেলাল বলেন, শুধু অবকাঠামো নির্মাণ নয়, প্রান্তিক ও নিম্নআয়ের মানুষের জীবনমান উন্নয়ন নিশ্চিত করাই প্রকৃত উন্নয়ন। এ লক্ষ্যেই সরকার ফ্যামিলি কার্ড , কৃষক কার্ডসহ বিভিন্ন সামাজিক নিরা পত্তা কর্মসূচি বাস্তবায়ন করছে। তিনি বলেন, প্রায় ৩০ লাখ কোটি টাকার ঋণের চাপ থাকা সত্ত্বেও প্রধানমন্ত্রী তারেক রহমান দেশের সাধারণ মানুষের জীবনমান উন্নয়নে একের পর এক সামাজিক নিরাপত্তা ও কল্যাণমূলক কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছেন। প্রতিমন্ত্রী আরও বলেন, দেশের উন্নয়নকে টেকসই করতে মানুষের ক্রয়ক্ষমতা বৃদ্ধি, সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণ এবং প্রান্তিক জনগোষ্ঠীকে মূলধারায় অন্তর্ভুক্ত করার বিকল্প নেই। তিনি বলেন , শুধু দালান-কোঠা, রাস্তা-ঘাট কিংবা অবকাঠামো নির্মাণ করলেই একটি দেশ উন্নত হয় না। দেশের সুবিধাবঞ্চিত , নিম্নআয়ের ও প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন নিশ্চিত করতে পারলেই প্রকৃত উন্নয়ন সম্ভব। ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রসঙ্গে প্রতিমন্ত্রী বলেন, এবারের বাজেটে সাধারণ মানুষের প্রয়োজনীয় পণ্যের দাম কমানোর উদ্যোগ নেওয়া হয়েছে। পাশাপাশি চিকিৎসা ব্যয় কমাতে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। জনস্বাস্থ্যের স্বার্থে সিগারেট ও মদের দাম বাড়ানো হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম জেলা প্রশাসক মো হাম্মদ জাহিদুল ইসলাম মিঞা। এসময় উপস্থিত ছিলেন - চট্টগ্রাম বিভাগীয় কমিশনার ড . মো. জিয়াউদ্দিন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপ -উপাচার্য অধ্যাপক মো হাম্মদ সফিকুল ইসলাম , উপ-উপাচার্য (একাডেমিক) অধ্যাপক আল আমিন, চট্টগ্রাম জেলা পুলিশ সুপার মো. মাসুদ আলম প্রমুখ।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

### অনলাইনে বিক্রির জন্য বাড়িতে রাখা ১৬ পাখি উদ্ধার, দুজন গ্রেফতার

অনলাইনে বিক্রির উদ্দেশে গাজীপুরের টঙ্গী থানার আরিচপুর এলাকার একটি বাড়িতে রাখা ১৬টি পাখি উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় দুজনকে গ্রেফতার করা হয়েছে। গতকাল মঙ্গলবার (১৬ জুন) পুলিশ ও বন বিভাগের যৌথ অভিযানে এসব পাখি উদ্ধার করা হয়। অভিযানে গ্রেফতার ব্যক্তিরা হলেন মো . ইব্রাহীম (৩৬) ও মাহিদুল ইসলাম (১৮)। বুধবার (১৭ জুন) জাতীয় জরুরি সেবা নম্বর ৯৯৯ এর গণমাধ্যম ও জনসংযোগ কর্মকর্তা (পুলিশ পরিদর্শক) আনোয়ার সাত্তার এ তথ্য জানান। তিনি জানান, গতকাল মঙ্গলবার বিকেলে বন অধিদপ্তরের একজন পরিদর্শক জাতীয় জরুরি সেবা নম্বরে কল করে জানান , টঙ্গী পূর্ব থানার ব্রাইট মডেল স্কুলসংলগ্ন আরিচপুর রোডের একটি বাড়িতে অনলাইনে বিক্রির উদ্দেশে বিপুলসংখ্যক পাখি রাখা হয়েছে বলে তারা তথ্য পেয়েছেন। অভিযানের সময় নিরাপত্তা নিশ্চিত ও অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়াতে তিনি পুলিশি সহায়তা চান।

খবর পেয়ে ৯৯৯ কর্তৃপক্ষ বিষয়টি তাৎক্ষণিকভাবে টঙ্গী পূর্ব থানায় জানা য়। কলটি গ্রহণ করেন ৯৯৯-এর কলটেকার কনস্টেবল শাহিদা এবং পুরো বিষয়টির তদারকি ও সমন্বয় করেন ৯৯৯ পুলিশ ডিসপাচার এসআই আমানত হোসেন। পরে টঙ্গী পূর্ব থানার একটি দল ঘটনাস্থলে পৌঁছে বন অধিদপ্তরের কর্মকর্তাদের সঙ্গে যৌথ অভিযান পরিচালনা করে। অভিযানে ১৫টি ময়না পাখি ও এক টি টিয়া পাখি উদ্ধার করা হয়। এ সময় অবৈধভাবে বন্যপ্রাণী সংরক্ষণ ও বিক্রির অভিযোগে মো. ইব্রাহীম ও মাহিদুল ইসলাম নামের দুজনকে গ্রেফতার করা হয়। এ ঘটনা য় বন্যপ্রাণী সংরক্ষণ আইনে একটি মামলা করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

### ফোন পেয়ে ঘর থেকে বেরিয়ে নিখোঁজ, পরদিন মিললো মরদেহ

চট্টগ্রামের রাউজান উপজেলার কদলপুর ইউনিয়নে নিখোঁজ হওয়ার একদিন পর স্বপন বড়ুয়া (৫২) নামের এক স্কুল নৈশপ্রহরীর রক্তাক্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বুধবার (১৭ জুন) দুপুরে উপজেলার পশ্চিম বড়ুয়াপাড়া এলাকার একটি ধানক্ষেত থেকে তার মরদেহ উদ্ধা র করা হয়। নিহত স্বপন বড়ুয়া স্থানীয় গৌরচন্দ্র যতীন্দ্র উচ্চবিদ্যালয়ের নৈশপ্রহরী ছিলেন। তিনি কদলপুর ইউনিয়নের পশ্চিম বড়ুয়াপাড়া এলাকার বাসিন্দা। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, মঙ্গলবার সন্ধ্যা ৭টার দিকে স্বপন বড়ুয়ার মুঠোফোনে একটি কল আসে। এরপর তিনি পরিবারে র সদস্যদের জানান, বাড়ির পাশের একটি দোকানে একজন তার সঙ্গে দেখা করতে চেয়েছেন। এ কথা বলে তিনি ঘর থেকে বের হয়ে যান।

কিন্তু রাত পেরিয়ে গেলেও আর বাড়ি ফেরেননি। পরে স্বজন ও প্রতিবেশীরা বিভিন্ন স্থানে খোঁজাখুঁজি করেও তার সন্ধান পাননি। বুধবার সকালে স্থানীয় লোকজন একটি ধানক্ষেতে তার রক্তাক্ত মরদেহ পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেন। রাউজান থানার উপ-পরিদর্শক (এসআই) মুহাম্মদ খোরশেদ বলেন, মরদেহে কিছু জখমের চিহ্ন রয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, বিষপানের পর ছটফট করতে গিয়ে ধানক্ষেতের পাশের কোনো স্থাপনায় আঘাত পেয়ে তিনি রক্তা ক্ত হতে পারেন। তবে তাকে ঘর থেকে ডেকে নেওয়ার বিষয়টিও গুরুত্ব দিয়ে তদন্ত করা হচ্ছে। রাউজান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন , মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এটি হত্যা নাকি আত্মহত্যা , তা এখনই নিশ্চিত করে বলা যাচ্ছে না। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে। পাশাপাশি তাকে ফোন করে ডেকে নেওয়ার বিষয়টিও তদন্ত করা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

## ঢামেকের জরুরি বিভাগের পেছনে পড়ে ছিল অজ্ঞাতপরিচয় ব্যক্তির মরদেহ

ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের জরুরি বিভাগের ওয়ান স্টপ ইমারজেন্সি সেন্টারের (ওসেক) পেছন থেকে অজ্ঞাতপরি চয় এক ব্যক্তির (৪০) মরদেহ উদ্ধার করা হয়েছে। বুধবার (১৭ জুন) বিকেল সাড়ে ৪টার দিকে অচেতন অবস্থায় ওই ব্যক্তিকে উদ্ধার করে ঢাকা মেডিকেলের জরুরি বিভা গে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল পুলিশ বক্সের ইনচার্জ (পরিদর্শক) মোহাম্মদ ফারুক জানান , মরদেহ ঢাকা মেডি কেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের মর্গে রাখা হয়েছে। বিষয়টি সংশ্লিষ্ট থানাকে অবগত করা হয়েছে। তিনি আরও জানান, ঢাকা মেডিকেলের জরুরি বিভাগের ওয়ার্ড মাস্টার আইয়ুব আলীর কাছ থেকে খবর পেয়ে ওই ব্যক্তিকে অচেতন অবস্থায় উদ্ধার করা হয়। পরে ঢামেকের জরুরি বিভাগে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। নিহত ব্যক্তির নাম পরিচয় জানা যায়নি। পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) ক্রাইম সিমকে খবর দেওয়া হয়েছে। প্রযুক্তির সহায়তায় নিহতের নাম পরিচয় শনাক্তের চেষ্টা চলছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

## গত ১২ বছর তাদের কোথাও দেখিনি: জামায়াতকে প্রধানমন্ত্রী

`গণবিরোধী সিদ্ধান্ত নিয়ে দেশ ও জনগণের ক্ষতি করলে সরকারকে বেশি দিন সময় দেওয়া হ বে না,—বিরোধীদলীয় নেতা শফিকুর রহমানের এমন বক্তব্যের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন , যারা বিএনপির বিরুদ্ধে আন্দোলন আন্দোলন খেলা খেলেছিল , ষড়যন্ত্র করেছিল; সেই তারা এখন বলছে সরকারকে সময় দেওয়া যাবে না। তিনি প্রশ্ন রেখে বলেন , তারা কি জনগণের পক্ষে না বিপক্ষে কথা বলে ? বুধবার (১৭ জুন) বিকেলে মৌলভীবাজার সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে তৃ তীয় ধাপের ফ্যামিলি কার্ড বিতরণ কার্যক্রমের উদ্বোধন শেষে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। সরকারের উন্নয়ন পরিকল্পনার কথা তুলে ধরে তারেক রহমান বলেন, `বর্তমান সরকার চার কোটি পরিবারের কাছে ফ্যামিলি কার্ড দিতে চায়। তিন কোটি কৃষকের কাছে কৃষক কার্ড দিতে চায়। বর্তমান সরকার প্রাইমারির শিক্ষার্থীদের কাছে স্কুলের পোশাক ও স্কুলব্যাগ দিতে চায়। মসজিদ-মাদরাসা বা অন্য ধর্মের গুরুদের ন্যূনতম একটা সম্মানী দিতে চায়।
খাল পুনঃখনন করতে চায়, আগামী পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ করতে চায়।, প্রধানমন্ত্রী বলেন, `এই বাজেটে ৬০টি পণ্যের ওপর থেকে ট্যাক্স তুলে নেওয়া হয়েছে, যাতে জিনিসপত্রের দাম সাধারণ মানুষের নাগালের মধ্যে থাকে। এই যে কাজগুলোর কথা বললাম, যারা বলে এই সরকারকে সময় দেওয়া যাবে না, তারা কি জনগণের পক্ষে না বিপক্ষে কথা বলে? যারা বলে সরকারকে সময় দেওয়া যাবে না , তারা কি জনগণের স্বার্থে না নিজেদের স্বার্থে কথা বলছে ?, প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, `জনগণ সিদ্ধান্ত নিয়েছে আগামী পাঁচ বছর বিএনপি দেশ পরিচালনা ক রবে। তাহলে আমার প্রশ্ন— যারা জনগণের রায়ের বিরুদ্ধে কথা বলে , তাদের বিরুদ্ধে কী করা উচি ত? তাদের বিরুদ্ধে সজাগ থাকতে হবে। মনে আছে তো এরা একাত্তর সালে কী করেছিল ? ছিয়াশি সালে কী করেছিল ? গত ১২ বছর তাদের কোথাও দেখিনি। যদি কোথাও কেউ মারা যায় , দেখা গেছে ছাত্রদলের ক র্মী। কোথাও গুম হলে সে ছিল যুবদলের কর্মী। মানুষ বিএনপিকে বলে দিয়েছে, তোমরা দেশ গঠন করো আগামী পাঁচ বছরের জন্য।, বাংলাদেশে এখন বাক বা ব্যক্তিস্বাধীনতা প্রতিষ্ঠা হয়েছে উল্লেখ করে সরকারপ্রধান বলেন , `এটি প্রতিষ্ঠা হয়েছে বলেই আমরা কাজ করতে পারছি। আমরা ১২ তারিখের নির্বাচনে যে প্রতিশ্রুতি দিয়েছি , তা পূরণ না হলে জনগণের ক্ষতি হবে। আমরা ১২ ফেব্রুয়ারি বিএনপি ছিলাম, তবে ১৭ তারিখ থেকে আমরা প্রত্যেক মানুষের সরকার। যারা আমাদের ভোট দিয়েছে অথবা যারা ভোট দেয়নি ; আমরা সবার সরকার। , দুপুরে মৌলভীবাজার পৌঁছে তৃতীয় ধাপের ফ্যামিলি কা র্ডের উদ্বোধনসহ বিভিন্ন অনুষ্ঠানে অংশ প্রধানমন্ত্রী তারেক রহমান। রাত ৮টায় তিনি ঢাকার উদ্দেশে ফেরার কথা রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

## হাওরে সন্ধ্যা ৬টার পর চলবে না যাত্রীবাহী নৌকা

হাওর অঞ্চলে নৌ-ডাকাতির ঘটনা বেড়ে যাওয়ায় যাত্রীদের নিরাপত্তা র স্বার্থে সন্ধ্যা ৬টার পর যাত্রীবাহী নৌকা চলাচল বন্ধের নির্দে শ দিয়েছে প্রশাসন। ।সম্প্র তি মিঠামইন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও উপজেলা পর্যটন ব্যবস্থাপনা এবং উন্নয়ন কমিটির সভাপতি এস এম আব্দুল্লাহ -বিন-শফিক সই করা এক বিশেষ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সন্ধ্যা ৬টার পর মিঠামইন ঘাট থেকে কোনো যাত্রীবাহী নৌকা ছেড়ে যেতে পারবে না। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সবাইকে এ আদেশ মেনে চলার অনুরোধ জানানো হয়েছে। নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলেও উল্লেখ করা হয়েছে। একই বিজ্ঞপ্তিতে মিঠামইন থেকে করিমগঞ্জের বালিখলা ও চামড়া বন্দরগামী নৌ পরিবহনের ভাড়া পু নঃনির্ধারণ করা হয়। প্রশাসন ও স্থানীয় সূত্রে জানা গেছে, গত ৭ জুন রাতে জেলার মিঠামইন ও করিমগঞ্জ উপজেলার সীমান্তবর্তী হাসানপুর ব্রিজ এলাকায় একটি পর্যটকবাহী ট্রলারে ডাকাতির ঘট না ঘটে। দেশের বিভিন্ন স্থান থেকে আসা প্রায় ৪০ জন পর্যটক হাওর ভ্রমণ শেষে রাতে মিঠামইন থেকে বালিখোলা ঘাটের উদ্দেশে রওয়ানা দেন। ট্রলারটি হাসানপুর ব্রিজ এলা কায় পৌঁছালে দেশীয় অস্ত্রে সজ্জিত একদল ডাকাত ট্রলারে উঠে যাত্রীদের জিম্মি করে। পরে তারা যাত্রীদের মারধর ক রে মোবাইল ফোন, নগদ অর্থ, স্বর্ণালংকারসহ মূল্যবান মালামাল লুট করে নেন। এ বিষয়ে মিঠামই ন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. লিয়াকত আলী বলেন, `উপজেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, স্থানীয় বাসিন্দা ও নৌকার মাঝিদের সঙ্গে আলোচনা করেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এমন ব্য বস্থা আগেও ছিল। সন্ধ্যা ৬টায় শেষ ট্রিপ পরিচালিত হবে। , মিঠামইন উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম আব্দুল্লাহ -বিন-শফিক বলেন, `সন্ধ্যার পর হাওরের নৌপথ নিরাপদ থাকে না। হাওর একটি বিশাল এলাকা। মাঝেমধ্যেই ডাকাতির ঘটনা ঘটে। সম্প্রতি ডাকাতির ঘটনাও ঘটেছে। তাই যাত্রীদে র নিরাপত্তার কথা বিবেচনা করেই এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।, (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

## প্রতিটি জেলা হাসপাতালে হবে কিডনি ডায়ালাইসিস সেন্টার স্বাস্থ্যমন্ত্রী

রাজবাড়ী সদর হাসপাতাল পরিদর্শনে এসে দেশের সব জেলা হাসপাতালে কিডনি ডায়ালাইসিস সেন্টার স্থা পনের ঘোষণা দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো . সাখাওয়াত হোসেন বকুল। বুধবার (১৭ জুন) দুপুরে হঠাৎ হাসপাতাল পরিদর্শনে এসে স্বাস্থ্যমন্ত্রী এ কথা বলেন। প্রায় দেড় ঘণ্টাব্যাপী পরিদর্শনে স্বাস্থ্যমন্ত্রী হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড , রান্নাঘর ও সেবার মান পর্যবেক্ষণ করেন। পরিদর্শন শেষে সাংবাদিকদের স্বাস্থ্যমন্ত্রী বলেন , দেশের প্রতিটি জেলা হাসপাতাল এ বং পর্যায়ক্রমে উপজেলা পর্যায়েও কিডনি ডায়ালাইসিস সেন্টার স্থাপন করা হবে , যাতে স্বল্প খরচে রোগীরা নিজ এলাকায় সেবা নিতে পারেন। এছাড়া হাসপাতালের ড্রেনেজ ব্যবস্থা আধুনিকায়ন , মর্গে ফ্রিজার স্থাপন এবং সেবার মান আরও উন্নত করার উদ্যোগ নেওয়া হবে। চিকিৎসক সংকট প্রসঙ্গে তিনি বলেন , গত ১৭ বছরে প্রয়োজনীয় নিয়োগ ও প্রশিক্ষণের ঘাটতি ছিল। এ সংকট কাটাতে বিশেষ বি সিএসের মাধ্যমে চিকিৎসক নিয়োগ এবং প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করা হবে। রাজবাড়ী সদর হাস পাতালে সম্প্রতি ১৪ জন চিকিৎসক নিয়োগ দেওয়া হলেও ছয়জন এখনো যোগদান করেননি। সদর হাসপাতালে ১০ শয্যার আইসিইউ ইউনিটের পাশাপাশি ১০ শয্যার কিডনি ডায়ালাইসিস ইউনিট স্থাপনের কাজও চলমান রয়েছে। যার টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

## মেঘনায় গোসলে নেমেছিল সাত বন্ধু, দুজন ফিরল লাশ হয়ে

নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে বন্ধুদের সঙ্গে মেঘনা নদীতে গোসলে নেমে লাশ হয়ে ফিরল দুই কিশোর। বুধবার (১৭ জুন) মেঘনা ফেরিঘাট সংলগ্ন এলাকা থেকে তাদের মরদেহ উদ্ধার করা হয়। নিহতরা হলো - ঢাকার শনির আখড়া এলাকার ফারুকের ছেলে মো. কায়েস (১৩) এবং পুরাতন দনিয়া এলাকার রাজু মিয়ার ছেলে মেরাজ (১৫)। জানা গেছে, নিহত দুজনসহ সাতজন স্কুলশিক্ষার্থী বন্ধু বুধবার দুপুর আড়াইটার পর মেঘনা নদীর সোনারগাঁ অংশে গোসলে নামে। নদীতে নামার কিছুক্ষ ণের মধ্যে নিহত দুজন তলিয়ে যায়। এসময় অন্য পাঁচ বন্ধু অনেকক্ষণ খোঁজাখুঁজি করলেও তাদের সন্ধান পায়নি।এসময় পাঁচ বন্ধু স্থানীয়দের সহায়তায় ফায়ার সার্ভিসের সঙ্গে যোগাযোগ করলে , নারায়ণগঞ্জ ফায়ার সার্ভিসের ডুবুরি দল প্রায় আড়াই ঘণ্টার প্রচেষ্টায় মরদেহ উদ্ধার করে। নারায়ণগঞ্জ জোন -২ ফায়ার সার্ভিসের উপসহকারী পরিচালক ওসমান গনি জাগো নিউজকে বলেন, মরদেহ উদ্ধার করা হয়েছে। সাত বন্ধু মিলে গোসলে নেমে দুজন তলিয়ে যায়। খবর পেয়ে ডুবুরি দলের আড়াই ঘণ্টার চেষ্টায় মরদেহ উদ্ধার হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

## জাল দলিল দিয়ে নামজারি, ভাই-বোন কারাগারে

লক্ষ্মীপুরের কমলনগর জাল দলিল জমা দিয়ে নামজারি করার দায়ে নয়ন বেগম ও ইকবাল হোসেন নামের দুজনকে এক মাস করে কারাদণ্ড দেওয়া হয়েছে। তারা সম্পর্কে ভাই -বোন। বুধবার (১৭ জুন) দুপুরে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মুহাম্মদ আরাফাত হুসাইন ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে এ দণ্ড দে ন। পরে তাদেরকে

জেলা কারাগারে পাঠানো হয়। দণ্ডপ্রাপ্ত নয়ন ও ইকবাল উপজেলার চর কাদিরা ইউনিয়নের চরঠিকা গ্রামের মো . নুর নবীর সন্তান। ভ্রাম্যমাণ আদালত সূত্র জানায়, ২০১৯ সালের তিনটি মিথ্যা দলিলের মাধ্যমে নামজারি খতিয়ান করেন নয়ন ও ইকবাল। পরে ওই নামজারির বিরুদ্ধে অভি যোগ করেন মোসলেহ উদ্দিন নামের এক ব্যক্তি। গত তিন মাসে তিনবার অভিযুক্তদের জমির দলিল নিয়ে হাজির হতে বলা হয়। কিন্তু তারা দলিল নিয়ে হাজির হাতে পারেননি। মিথ্যা দলিলের মাধ্যমে নামজারি সৃজনের অভিযোগটি প্রমাণিত হওয়ায় তাদের দুজনকে এক মাস করে কারাদণ্ড দেওয়া হয়েছে। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মুহাম্মদ আরাফাত হুসাইন বলেন, দণ্ডপ্রাপ্তদের জেলা কারাগারে পাঠানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

## সীমান্তে সবাই সজাগ আছি

পঞ্চগড়ের সদর উপজেলা হাড়িভাসা ইউনিয়নের মিরগড় সীমান্ত। সীমানা ঘেঁষে বয়ে চলেছে করতোয়া নদী। নদী র এপার-ওপার দুই দেশের সীমান্ত পিলার। উভয় পাশে চলছে বিজিবি -বিএসএফ-এর সতর্ক টহল। গত কিছুদিন ধ রেই পঞ্চগড়-১৮ বিজিবি ব্যাটালিয়নের আওতাধীন এ মিরগড় সীমান্তজুড়ে চলছে পুশ -ইন আতঙ্ক। তবে পুশ -ইন ঠেকাতে বিজিবির সঙ্গে টহল দিচ্ছেন স্থানীয়রা। পুশ-ইন আতঙ্কে দিনভর দৈনন্দিন কাজ করে রাতে ঠিকঠাক ঘুমাতে পারছেন না সীমান্তের লোকজন। সোমবার (১৫ জুন) সরেজমিনে সদর উপজেলার মিরগড় সীমান্ত ঘুরে দেখা গেছে , সীমান্ত নিরাপত্তায় বিজিবির সঙ্গে স্থানীয়রাও বেশ তৎপর। বিএসএফের পুশ -ইন ঠেকাতে বিজিবি সদস্যরা তাদের টহলসহ নজরদারি বৃদ্ধি করেছে। সীমান্তের বাসিন্দারাও দিনের পাশাপাশি রাত জেগে লাঠি , বাঁশি আর টর্চ লাইট নিয়ে পাহারা দিচ্ছেন। এখানকার সাধারণ মানুষরাও দি নরাত চোখ -কান খোলা রাখছেন। সন্দেহজনক ঘোরাফেরা দেখলেই বিজিবিকে খবর দেন। শুধু মিরগড় সীমান্ত নয়। একই অবস্থা তিনদিক ভারতীয় সীমান্ত বেষ্টিত পঞ্চগড়ের অন্য সীমান্ত এলাকার। সম্প্রতি জেলার তেঁতুলিয়া, বোদা ও সদর উপজেলার বিভিন্ন সীমান্ত এলাকা দিয়ে পুশ -ইনের প্রবণতা বেশি দেখা গেছে। পুশ -ইন চেষ্টার কারণে অনেক সময় এসব সীমান্ত এলাকায় বিজিবি -বিএসফের মুখোমুখি অবস্থানে দাঁড়িয়েছে। ফলে আতঙ্কে মানুষজন ঠিকমতো ঘুমাতে পারেন না । দেশের রাজনৈতিক পটপরিবর্তনের পর গত বছরের মাঝামাঝিতে সীমান্ত দিয়ে দফায় দফায় পুশ -ইনের ঘটনা ঘটে। সীমান্তবাসীর দা বি, সম্প্রতি পশ্চিমবঙ্গে সরকার পরিবর্তনের পর সীমান্তজুড়ে আবারও বেড়েছে পুশ-ইন চেষ্টা। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

## সংসদের চেয়ারে এমপিদের হাত কেটে যাচ্ছে, এগুলো দেখা দরকার: জয়নুল আবদিন

সংসদ কক্ষে ভারী চেয়ার স্থাপনের কারণে সংসদ সদস্যদের হাত কাটা যাচ্ছে বলে জানিয়েছেন সরকারদলীয় এমপি জয়নুল আবদিন ফারুক। তিনি বলেছেন, `চেয়ারের পিনগুলো সব খোলা। প্রত্যেক এমপির হাত কাটা যাচ্ছে , এগুলো দেখা দরকার।, বুধবার জাতীয় সংসদে পয়েন্ট অব অর্ডারে এসব কথা বলেন তিনি। এসময় অধিবেশনে সভাপতিত্ব করেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। জয়নুল আবদিন বলেন , এখানে (সংসদ কক্ষে) তিনশ থেকে বেশি চেয়ার আছে। চেয়ারগুলোর যে অবস্থা, আমরা যারা এখানে আছি, ১৬ বছরে পুলিশের দ্বারা নির্যাতিত, কারও কোমরে ব্যথা, কারও হাতে ব্যথা, কারও পিঠে ব্যথা। এ চেয়ারগুলোর পেছ নে গ্যাপ তিন ইঞ্চি। যখন এখানে বসা হয় , তখন গ্যাপটা পূরণের ব্যবস্থা করা দরকার। অনেক তরুণ এমপিও বসতে পারেন না। চেয়ারগুলোর ওজনের বিষয়ে ফারুক বলেন , ১৯৯১ সালে প্রথম এমপি হয়েছিলাম। তখন চেয়ারগুলো নিয়ে প্র শ্ন করা হয়েছিল, রেকর্ড খুঁজলে পাওয়া যাবে, তখন এ চেয়ারগুলো এত ভারী করা হয়েছিল যেন তুলে নিক্ষেপ করা না হয়। সেজন্য মনে হয় লোহার শেকল দিয়ে বাঁধা হয়েছে। সেটা ইতিহাস। এ চেয়ারগুলো এত ওজন। স্বরাষ্ট্রম ন্ত্রী যখন দেখলেন , পেছনে হাত কেটে ফেলেছেন , পিনগুলো সব খোলা। প্র ত্যেক এমপির হাত কাটা যাচ্ছে , এগুলো দেখার দরকার। পয়েন্ট অব অর্ডা রে তিনি বলেন, সংসদ কক্ষে প্রবেশে মাথা ঝোঁকানোর বিষয়ে জামায়াতের এক এমপি কথা বলেন। এ বিষয়ে একটা সিদ্ধান্ত দেওয়া উচিত। পৃথিবীর অনেক দেশের সংসদে যাওয়ার সুযোগ আমার হয়েছে , সেখানে এ নিয়মটা আছে। সে নি য়মটা ইসলাম পরিপন্থি কি না ? আমাদের জাতীয় সংস্কৃতির বিষয়ে কোনো বাধা আছে কি না , এ বিষয়ে আপনি (স্পিকার) সিদ্ধান্ত দেওয়ার মালিক। পরে স্পিকার বলেন, মাথা ঝোঁকানোর বিষয়ে আমি পরে জানাবো।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

## মৎস্য গবেষণায় অবদান রাখলে সরকার তাদের সম্মানিত করবে

দেশের মৎস্যখাতের উন্নয়নে গবেষণা ও উদ্ভাবনের কোনো বিকল্প নেই। গবেষণার মাধ্যমে যারা উল্লেখযোগ্য অবদান রাখবেন, সরকার তাদের ব্যক্তি বা প্রতিষ্ঠান হিসেবে বিশেষভাবে সম্মানিত করবে বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ এবং কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ। তিনি বলেন, সরকার গুণীজন, বিজ্ঞানী ও গবেষকদের যথাযথ মর্যাদা দিতে চায়। নতুন নতুন উদ্ভাবন ও প্রযুক্তি বিকাশে তাদের ভূমিকার দিকে প্রত্যাশার দৃষ্টি নিয়ে তাকিয়ে আছে। বুধবার (১৭ জুন) মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের অডি টরিয়ামে অনুষ্ঠিত বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের (বিএফআরআই) `মিঠাপানির মাছের মড়ক প্রতিরোধে ভ্যাকসিন উদ্ভাবন, প্রকল্পের উদ্বোধনী কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মোহাম্মদ আমিন উর রশিদ বলেন , দেশকে এগিয়ে নিতে বিজ্ঞানীদের সত্যিকার অর্থে

মৌলিক গবেষণায় আত্মনিয়োগ করতে হবে। গবেষকদে র প্রমাণ করতে হবে যে তাদের গবেষণা বিদ্যমান বৈশ্বিক গবেষণা থেকে স্বতন্ত্র , নতুনত্বপূর্ণ ও বাস্তব সমস্যার কার্যকর সমাধান দিতে সক্ষম। তিনি বলেন , বাংলাদেশে বহু গবেষণা প্রতিষ্ঠান থাকলেও এখনো গবেষণার একটি সুস্পষ্ট ও স্বতন্ত্র ধারা গড়ে ওঠেনি। দেশে যখন গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে, তখন তার দৃশ্যমান ফলাফল ও নিজস্ব গবেষণার ধারা প্রতিষ্ঠিত হওয়া প্রয়োজন। তিনি উদ্বেগ প্রকাশ করে বলেন , দেশের প্রাকৃতিক মাছের অনেক প্রজাতি বিলুপ্তির ঝুঁকিতে রয়েছে। কৃষিতে অতিরিক্ত কীটনাশক ও রাসায়নিক সার ব্যবহারসহ বিভিন্ন পরিবেশগত কারণে প্রা কৃতিক জলাশয়ের জীববৈচিত্র্য ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই দেশীয় মাছের প্রজাতি সংরক্ষণ ও পুনরুদ্ধারে গবেষণা , সচেতনতা এবং কার্যকর উদ্যোগ গ্রহণ জরুরি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী সু লতান সালাউদ্দিন টুকু। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. অনুরাধা ভদ্রের সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানীয় অতিথি হিসেবে বক্তব্য দেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মো. দেলোয়ার হোসেন। আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক ড. মো. খালেদ কনক এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক মো. শাহজামান খান। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মো. সিরাজুম মনির। এছাড়া মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তা , বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, বিএফআরআইর বিজ্ঞানী, গবেষক, মৎস্য বিশেষজ্ঞ এবং সংশ্লিষ্ট অংশীজনরা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

## পটিয়ায় খেলতে গিয়ে শিশু নিখোঁজ, ঘরে মিললো ৩ লাখ টাকা মুক্তিপণের চিঠি

চট্টগ্রামের পটিয়া উপজেলায় পাঁচ বছরের এক শিশু নিখোঁজ হওয়ার ঘটনায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। নিখোঁজের কয়েক ঘণ্টা পর শিশুটির বাড়ি থেকে তি ন লাখ টাকা মুক্তিপণ দাবির একটি চিঠি উদ্ধার করা হয়েছে। ঘটনাটি নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। নিখোঁজ শিশুর নাম মো. জায়হান (৫)। সে পটিয়া পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডের দক্ষিণ গোবিন্দার খীল এলাকার গ্যারেজ ব্যবসায়ী শাহজাহানের ছেলে। পরিবার ও পুলিশ সূত্রে জানা গেছে, মঙ্গলবার (১৬ জুন) দুপুরে বাড়ির সামনের সড়কে খেলছিল জায়হান। দুপুর ১২টার পর থেকে তাকে আর খুঁজে পাওয়া যায়নি। পরিবারের সদস্যরা প্রথমে আত্মীয়স্বজন ও আশপাশের এলাকায় খোঁজাখুঁজি করেন। পরে স্থানীয়দের সহায়তায় বাড়ির সামনের পুকুরেও তল্লাশি চালানো হয়। কোথাও সন্ধান না পেয়ে পটিয়া থানায় সাধারণ ডায়েরি (জিডি) করা হয়। পরিবারের দাবি , বিকেল ৩টার দিকে বাড়িতে লোকজনের ভিড়ের মধ্যে অজ্ঞাতপরিচয় কেউ ঘরের মধ্যে একটি চিঠি রেখে যায়। পরে বিছানার ওপর সেটি দেখতে পান পরিবারের সদস্যরা। চিঠিতে শিশুটিকে নিজেদের হেফাজতে থাকার দাবি করে তিন লাখ টাকা মুক্তিপণ চাওয়া হয়। একই সঙ্গে পুলিশকে না জানানোর হুমকি দেওয়া হয়। পরিবারের সদস্যদের গতিবিধি পর্যবেক্ষণের কথাও উল্লেখ করা হয়। নিখোঁজ শিশুর বাবা শাহজাহান বলেন , আমার একমাত্র সন্তানকে সুস্থ অবস্থায় ফিরে পেতে চাই। চিঠিতে যেভাবে হুমকি দেওয়া হয়েছে, তাতে আমরা আতঙ্কে আছি। চিঠিতে লেখা হয়, `তোর ছেলে আমাদের কাছে আছে।

ছেলেকে ফিরে পেতে চাইলে যা বলছি তা করতে হবে। কোনো ধরনের চালাকি করলে ছেলেকে আর জীবনে খুঁজে পাবি না। পুলিশের কাছে গেলে ছেলের লাশ পাবি। আধা ঘণ্টার মধ্যে তিন লাখ টাকা এবং পরিবা রের যেকোনো একজনের আনলক করা মোবাইল এক টি ব্যাগে করে বাড়ির সামনের রাস্তার পা শের ভাঙা দোকানের ভেতরে রেখে দিবি। এরপর সবাই বাসার ভেতরে ঢুকে দরজা -জানালা বন্ধ করে দিবি।, এতে আরও লেখা হয় , `ফ্যামিলির সবাই বাসার ভিতর ঢুকে যাবি। ঢুকে গিয়ে দরজা জানলা সব বন্ধ করে দিবি। যদি কোনো চালাকি করস তাহলে আমার কোনো ক্ষতি হবে না। তুর ছেলেকে জীবনে খুজে পাবি না , মোবাইলটা তোর ছেলেকে তোকে দেকানোর জন্য। সেটা বললাম সেটা শুনলে ভালো, আর মানুষের গায়ে হাত তোলা বন্ধ করে দিবি।, চিঠির শেষ অংশে `মানুষের গায়ে হাত তোলা বন্ধ করে দিবি , এমন একটি বাক্য লেখা ছিল। বিষয়টি অপহরণের পেছনে কোনো ব্যক্তিগত বিরোধ বা পূর্বশত্রুতার ইঙ্গিত বহন করছে কি না, সেটিও খতিয়ে দেখছে পুলিশ। পটিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জিয়াউল হক বলেন, খবর পাওয়ার পর পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। মুক্তিপণ দাবির চিঠিটি জব্দ করা হয়েছে। শিশুটিকে উদ্ধারে থানা পুলিশ ও গোয়েন্দা পুলিশের একাধিক দল কাজ করছে। তিনি বলেন , চিঠির ভাষা, লেখার ধরন এবং অন্যান্য আলামত বিশ্লেষণ করে জড়িত ব্যক্তিদের শনাক্তের চেষ্টা চলছে। আশপাশের সিসিটিভি ফুটেজ সংগ্রহ করা হয়েছে এবং প্রযুক্তিগত তদন্তও অব্যাহত রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

## যাত্রাবাড়ী এলাকায় অবৈধ দখল উচ্ছেদে অভিযান

রাজধানীর ধোলাইপাড় খালপাড় রোড , যাত্রাবাড়ী মোড় ও শহীদ ফারুক সড়ক এলাকায় উচ্ছেদ অভিযান পরিচালনা করেছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। বুধবার (১৭ জুন) নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ আমিনুল ইসলামের নেতৃত্বে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে ধোলাইপাড় খালপাড় রোডে অবৈধভাবে গড়ে ওঠা বিভিন্ন দোকানপাট ও স্থাপনা উচ্ছেদ করা হয়। এর ফলে খালপাড়সংলগ্ন সড়কটি দখলমুক্ত করে জনসাধারণের চলাচলের জন্য উন্মুক্ত করা হয়েছে। পরে ধোলাইপাড় থেকে যাত্রাবাড়ী মোড় এবং যাত্রাবাড়ী মোড় থেকে শহীদ ফারুক

সড়ক পর্যন্ত মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। এ সময় ফুটপাত ও সড়ক দখল করে গড়ে ওঠা অবৈধ দোকানপাট, অস্থায়ী স্থাপনা এবং বিভিন্ন প্রতিবন্ধকতা অপসারণ করা হয়। একই সঙ্গে ফুটপাত ও সড়ক পরিষ্কার করে পথচারী ও যানবাহনের স্বাভাবিক চলাচল নিশ্চিত করা হয়। ডিএসসিসি জানায়, নগরবাসীর জন্য নিরাপদ, পরিচ্ছন্ন ও শৃঙ্খলাবদ্ধ নগর পরিবেশ নিশ্চিত করতে নিয়মিত এ ধরনের অভিযান পরিচালনা করা হচ্ছে। জনস্বার্থে সড়ক ও ফুটপাতের অবৈধ দখল, অননুমোদিত স্থাপনা এবং জনদুর্ভোগ সৃষ্টিকারী কার্যক্রমের বিরুদ্ধে এ অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

## বাজেট-জনবল সংকটের অজুহাতে নাগরিক সেবা ব্যাহত করা যাবে না

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) নাগরিক সেবা এবং জনগণের প্রত্যাশা অনুযায়ী জবাবদিহি নিশ্চিতে এক গণশুনানি অনুষ্ঠিত হয়েছে। গণশুনানিতে ডিএসসিসি প্রশাসক বীর মুক্তিযোদ্ধা মো. আবদুস সালাম বলেন, আমরা প্রতিটি জোনের জনগণের অভিযোগ শুনছি এবং কিছু সমস্যার স্পটেই সমাধান দিচ্ছি। সিটি করপোরেশন জনগণের সেবায় নিয়োজিত। তাই জনগণের প্রতিটি অভাব-অভিযোগ শুনে সেগুলো সমাধানের দায়িত্ব আমাদের। বর্জ্য অপসারণ, সড়ক ও এলাকাভিত্তিক পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে— এখানে বাজেট নেই বা লোক নেই এমন কোনো অজুহাত গ্রহণযোগ্য হবে না। বুধবার (১৭ জুন) রাজধানীর লালবাগ মির্জা আবুতালিব শায়েস্তা খাঁন কমিউনিটি সেন্টারে ডিএসসিসির অঞ্চল-৩ ও অঞ্চল-৪ এর আওতাধীন এলাকাবাসীর উপস্থিতিতে এ শুনানির আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রশাসক। বিশেষ অতিথি ছিলেন ঢাকা-৭ আসনের সংসদ সদস্য হামিদুর রহমান হামিদ। ডিএসসিসির কর্মকর্তাদের উদ্দেশ্যে প্রশাসক বলেন, জনগণকে বারবার প্রশ্নের মুখে না ফেলে আগেই কাজ সম্পন্ন করতে হবে। শহরের অচল বাতিগুলো দ্রুত সচল করার নির্দেশ দিয়ে তিনি বলেন, যেখানে বিদ্যুতের পোল আছে, সেখানে অবশ্যই লাইট জ্বলতে হবে। পাশাপাশি তিনি এলাকাবাসীকে বাল্ব চুরি ও ভাঙচুর রোধে সচেতন থাকার আহ্বান জানান। মশক নিয়ন্ত্রণ প্রসঙ্গে তিনি বলেন, লার্ভা ও ডিম ধ্বংস না করে শুধু উড়ন্ত মশা নিধন কার্যকর নয়। তাই উৎসস্থলেই মশার প্রজনন রোধে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। বুড়িগঙ্গা নদী দূষণ রোধে স্থানীয় জনগণের ভূমিকার ওপর জোর দিয়ে তিনি জানান, নদীতে বর্জ্য ফেলা বন্ধে এরই মধ্যে কিছু উদ্যোগ নেওয়া হয়েছে এবং ভবিষ্যতে আরও কঠোর পদক্ষেপ নেওয়া হবে। এসময় হুঁশিয়ারি দিয়ে আবদুস সালাম বলেন, নাগরিক সার্টিফিকেট, জন্মনিবন্ধন ও ওয়ারিশ সনদ প্রাপ্তিতে কোনো ধরনের হয়রানি বরদাশত করা হবে না। কাগজপত্র সঠিক থাকলে দ্রুত সেবা দিতে হবে। কেউ বাধা সৃষ্টি করলে সরাসরি কর্তৃপক্ষকে জানাতে নাগরিকদের অনুরোধ করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

## মাছ চাষে অযৌক্তিক অ্যান্টিবায়োটিক ব্যবহারের প্রবণতা বাড়ছে

মাছ চাষে অযৌক্তিক ও অনিয়ন্ত্রিতভাবে অ্যান্টিবায়োটিক ব্যবহারের প্রবণতা বাড়ছে, যা জনস্বাস্থ্য এবং পরিবেশের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ বলে মন্তব্য করেছেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু। বুধবার (১৭ জুন) মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের অডিটরিয়ামে অনুষ্ঠিত বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের (বিএফআরআই) 'মিঠাপানির মাছের মড়ক প্রতিরোধে ভ্যাকসিন উদ্ভাবন' প্রকল্পের উদ্বোধনী কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। প্রতিমন্ত্রী বলেন, দেশের মানুষের দৈনন্দিন খাদ্যতালিকায় থাকা মিঠাপানির মাছকে রোগমুক্ত ও টেকসইভাবে সংরক্ষণের লক্ষ্যে ভ্যাকসিন উদ্ভাবনের উদ্যোগ অত্যন্ত সময়োপযোগী। প্রতিমন্ত্রী উদ্বেগ প্রকাশ করে বলেন, গবাদিপশুর জন্য ব্যবহৃত কিছু অ্যান্টিবায়োটিকও মাছের খামারে প্রয়োগ করা হচ্ছে, যা অত্যন্ত উদ্বেগজনক। এ বিষয়ে মৎস্য অধিদপ্তরকে কঠোর নজরদারি ও নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান তিনি। প্রতিমন্ত্রী বলেন, রাষ্ট্রের প্রতিটি দায়িত্বশীল ব্যক্তি ও প্রতিষ্ঠানের উচিত নিজ নিজ দায়িত্ব সততা, নিষ্ঠা ও পেশাদারত্বের সঙ্গে পালন করা। জনগণের করের অর্থে রাষ্ট্র পরিচালিত হয়, তাই জনগণের প্রতি দায়বদ্ধতা থেকেই সবাইকে দায়িত্ব পালন করতে হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৎস্য ও প্রাণিসম্পদ এবং কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. অনুরাধা ভদ্রের সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানীয় অতিথি হিসেবে বক্তব্য দেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মো. দেলোয়ার হোসেন। আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক ড. মো. খালেদ কনক এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক মো. শাহজামান খান। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মো. সিরাজুম মনির। এছাড়া মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তা, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকমণ্ডলী, বিএফআরআইর বিজ্ঞানী, গবেষক, মৎস্য বিশেষজ্ঞ এবং সংশ্লিষ্ট অংশীজনরা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

## অঙ্গুলি নির্দেশ এক্সপাঞ্জ করা যায় না, বক্তব্য হলে দেখা হবে: স্পিকার

সংসদে একজন সদস্যের প্রতি 'অঙ্গুলি নির্দেশ', করার অভিযোগ এক্সপাঞ্জের দাবির বিষয়ে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেছেন, অঙ্গুলি নির্দেশ এক্সপাঞ্জ করা যায় না; অসংসদীয় বক্তব্য থাকলে তা পরীক্ষা করে দেখা হবে। বুধবার (১৭ জুন) জাতীয় সংসদে বাজেট আলোচনার একপর্যায়ে নেত্রকোনা-৩ আসনের সংসদ সদস্য রফিকুল ইসলাম

হিলালীর দাবির উত্তরে স্পিকার এসব কথা বলেন তিনি। রফিকুল ইসলাম হিলালী বলেন, `বিরোধীদলের একজন সিনিয়র সদস্য মাদক, মদ ও সিগারেট নিয়ে কথা বলতে গিয়ে বলেছিলেন, এই সংসদে যারা রয়েছেন, তার পেছনের সারিতে তারা মাদক গ্রহণ করেন না। আমাদের দিকে অঙ্গুলি নির্দেশ করেছিলেন যে, মাদক গ্রহণ উনারা করেন না, আমরা করি।, তিনি বলেন, `আমরা কখনো সরকারি দলের সদস্য হোক, বিরোধীদলের সদস্য হোক, সম্মানহানি হয় এ ধরনের কথা বলি না, বলবোও না। আমি রোববারের সেই আর্কাইভ থেকে আপনার কাছে অনুরোধ করছি, আমাদের প্রতি যে অঙ্গুলি নির্দেশ করেছিলেন, সেটা এক্সপাঞ্জ করা হোক।, জবাবে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেন, `আমি পরীক্ষা করে দেখবো যে বিরোধীদল থেকে কোনো অসংসদীয় কথা বলা হয়েছে কি না, সেটা আমরা পরীক্ষা করে দেখবো। কত তারিখে বলেছেন, সেটাও সুনির্দিষ্টভাবে উল্লেখ করবেন।, তিনি বলেন, `আরেকটা আপনি বলেছেন যে অঙ্গুলি নির্দেশ করেছে, ওটাও এক্সপাঞ্জ করে দিতে। অঙ্গুলি নির্দেশ তো এক্সপাঞ্জ করা যাবে না। কথাবার্তা হলে সেটাকে এক্সপাঞ্জ করা যাবে।, (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

## বিএনপি চেয়ারম্যানের কার্যালয়ের সামনে যুবদলের পদবঞ্চিতদের মানববন্ধন

জাতীয়তাবাদী যুবদলের পূর্ণাঙ্গ কমিটিতে স্থান না পাওয়া পদবঞ্চিতরা নিজেদের অন্তর্ভুক্তির দাবিতে মানববন্ধন ও শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি পালন করেছেন। বুধবার (১৭ জুন) বিকেলে রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারম্যানের রাজনৈতিক কার্যালয়ের সামনে এ কর্মসূচি পালন করেন তারা। যুবদলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির ১৫১ সদস্যবিশিষ্ট নতুন কমিটিতে `যোগ্য ও ত্যাগী নেতাদের বাদ দিয়ে অনিয়মিত ও অযোগ্য ব্যক্তিদের অন্তর্ভুক্ত করা হয়েছে,— এমন অভিযোগ তুলে তারা এ কর্মসূচির আয়োজন করেন। মানববন্ধনে বক্তারা বলেন, দীর্ঘদিন সংগঠনের জন্য কাজ করা বহু ত্যাগী নেতা নতুন কমিটিতে স্থান পাননি। তারা অবিলম্বে বাদ পড়া যোগ্য নেতাদের কেন্দ্রীয় কমিটিতে পদায়ন এবং বিতর্কিতদের পদ বাতিলের দাবি জানান। কর্মসূচিতে উপস্থিত ছিলেন- সাবেক কেন্দ্রীয় ছাত্রদল নেতা রিয়ন তালুকদার, সাবেক কেন্দ্রীয় যুবদল নেতা মো. দুলাল হোসেন, সাবেক ছাত্রদল নেতা মোহাম্মদ রফিকুল ইসলাম রফিক, মো. হুমায়ুন কবির, সাজ্জাদ হোসেন উজ্জ্বল, জাকির হোসেন খান, আবুল হাসান, খালেদ মাহমুদ মাসুদ, অলি উদ্দিন সুমন দেওয়ান, মিজানুর রহমান সোহাগ, মাহফুজুর রহমান, হাফিজুর রহমান হাফিজ, মিজানুর রহমান খান, আজিজুল হক পাটোয়ারী, আনোয়ার জাহিদ, মুজাহিদুল ইসলাম, কাজী মেজবাউল আলম, ইয়াকুব রাজু, মিরাজ আজিম, সবুর খান সাগর, শহিদুল ইসলাম মাসুদ, কোয়েল হোসেন, রবিউল হাসান আরিফ, মাজেদুল ইসলাম মাসুম, খন্দকার আমিনুল হক কাকন, মহিবুল্লাহ জয়, মাহমুদ খান, জহিরুল ইসলাম দিদার, ফজলুল হক নিরব, খসরু আহমেদ হিরন, কবির আহমেদ, শাহাদত হোসেন ভূঁইয়া সাহেল, সুমন চৌধুরী, দুলাল মাতব্বর, মেহেদী হাসান খানসহ আরও অনেকে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

## চারণভূমি ও তৃণভূমি পুনরুদ্ধারের আহ্বান পরিবেশমন্ত্রীর

বাংলাদেশ মরুভূমির দেশ না হলেও মরুময়তা, ভূমি অবক্ষয় এবং খরার ঝুঁকি থেকে মুক্ত নয়। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব, অনিয়ন্ত্রিত ভূমি ব্যবহার, মাটির উর্বরতা হ্রাস, লবণাক্ততার বিস্তার, নদীভাঙন, বন উজাড় ও দীর্ঘস্থায়ী শুষ্ক মৌসুম দেশের বিভিন্ন অঞ্চলে ভূমি অবক্ষয়ের ঝুঁকি বাড়িয়ে তুলছে বলে জানান পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আবদুল আউয়াল মিন্টু।এসময় মন্ত্রী সবাইকে চারণভূমি ও তৃণভূমি পুনরুদ্ধারের আহ্বান জানান। বুধবার (১৭ জুন) পরিবেশ অধিদপ্তরে বিশ্ব মরুময়তা ও খরা দিবস ২০২৬ উপলক্ষ্যে আয়োজিত এক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী এ আহ্বান জানান। পরিবেশমন্ত্রী বলেন, বিশ্ব মরুময়তা ও খরা দিবস শুধু একটি আন্তর্জাতিক দিবস নয়। এটি ভূমি, পরিবেশ, খাদ্য নিরাপত্তা, জীবিকা এবং ভবিষ্যৎ প্রজন্মের প্রতি আমাদের দায়িত্বের কথা স্মরণ করিয়ে দেয়। আবদুল আউয়াল মিন্টু বলেন, জলবায়ু পরিবর্তনের ফলে অনিয়মিত বৃষ্টিপাত, দীর্ঘ শুষ্ক মৌসুম, অতিবৃষ্টি, আকস্মিক বন্যা, ঘূর্ণিঝড় এবং সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি ভূমি ও পানি সম্পদের ওপর বহুমাত্রিক প্রভাব ফেলছে। বিশেষ করে উত্তর-পশ্চিমাঞ্চলে খরা কৃষি উৎপাদন, পানিসম্পদ ও জীবিকার ওপর দীর্ঘমেয়াদি নেতিবাচক প্রভাব ফেলছে। বৈশ্বিক সহযোগিতার গুরুত্ব তুলে ধরে মন্ত্রী বলেন, ভূমি অবক্ষয়, খরা এবং জলবায়ু পরিবর্তন বৈশ্বিক সমস্যা। তাই এর সমাধানেও প্রয়োজন বৈশ্বিক সংহতি। উন্নয়ন সহযোগী, আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান ও জাতিসংঘের সংশ্লিষ্ট সংস্থাগুলোর প্রতি ভূমি পুনরুদ্ধার, খরা মোকাবিলা এবং প্রকৃতিভিত্তিক সমাধানে বিনিয়োগ বৃদ্ধির আহ্বান জানান মন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ রুবাইয়া)

## দ্বিগুণ শুল্কের প্রস্তাবে বড় বিপদের মুখে প্লাস্টিক খাত

মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতির কারণে আগে থেকেই সংকটের মধ্যে ছিল দেশের প্লাস্টিক শিল্প। আমদানিকৃত কাঁচামালের দাম বাড়তে বাড়তে প্রায় দ্বিগুণ হয়েছে। এ কারণে আমদানিও কমে অর্ধেকে নেমে গেছে। বিএনপি নেতৃত্বাধীন নতুন সরকারের বাজেট ঘোষণার পর এবার বড় বিপদের মুখে পড়তে যাচ্ছে প্লাস্টিক খাত। অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী ১১ জুন জাতীয় সংসদে নতুন অর্থবছরের জন্য ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেট পেশ করেন। এসময়

প্লাস্টিক শিল্পের অন্যতম প্রধান দুই কাঁচামাল পিভিসি (পলিভিনাইল ক্লোরাইড) ও পিইটি (পলিইথিলিন টেরেফথালেট) রেজিনের আমদানি শুল্ক ৫ শতাংশ থেকে বাড়িয়ে ১০ শতাংশ করার প্রস্তাব দেওয়া হয়। সরকারের এমন প্রস্তাবে চরম উদ্বেগ তৈরি হয়েছে দেশের প্লাস্টিক শিল্প খাতে। সংশ্লিষ্টদের আশঙ্কা , কাঁচামাল আমদানির ওপর দ্বিগুণ শুল্কের কারণে উৎপাদন ব্যয় বাড়াবে, যার প্রভাব শেষ পর্যন্ত পড়বে ভোক্তা পর্যায়ে। বেড়ে যাবে পণ্যের দাম। একই সঙ্গে রপ্তানিমুখী শিল্পের প্রতিযোগিতা সক্ষমতাও ক্ষতিগ্রস্ত হবে বলে মনে করছেন উদ্যোক্তারা।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে শিশুকে হত্যার পর ৬ টুকরো: আসামি আবীরের মৃত্যুদণ্ড

চট্টগ্রামে ৫ বছরের শিশুকে হত্যার পর মরদেহ ছয় টুকরো করার মামলায় আসামি আবীর আলীকে মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছেন আদালত। বুধবার (১৭ জুন) চট্টগ্রামের ষষ্ঠ অতিরিক্ত মহানগর দায়রা জজ মুহাম্মদ আলী আক্কাস এ ই রায় ঘোষণা করেন। আদালত সূত্রে জানা গেছে , গত শনিবার মামলার যুক্তিতর্ক শুনানি শেষ হয়। বিচারিক কার্যক্রমে রাষ্ট্রপক্ষের পক্ষে ৩৩ জন সাক্ষী সাক্ষ্য দেন। মামলার বিবরণে জানা যায় , ২০২২ সালের ১৪ নভেম্বর চট্টগ্রাম নগরের ইপিজেড থানার নয়ারহাট এলাকায় বাড়ির পাশের মসজি দে আরবি পড়তে যাওয়ার সময় নিখোঁজ হয় শি শুটি। পরে তদন্তে বেরিয়ে আসে, মুক্তিপণের উদ্দেশ্যে প্রতিবেশী আবীর আলী তাকে অপহরণ করে। তদন্তসংশ্লিষ্ট সূত্র জানিয়েছে , অপহরণের পর শিশুটিকে কোথাও লুকিয়ে রাখার সুযোগ না পেয়ে আবীর শ্বাসরোধে হত্যা করে। পরে মরদেহ খণ্ডিত করে বিভিন্ন স্থানে ফেলে দেয়। ঘটনার ১৬ দিন পর, ৩০ নভেম্বর আউটার রিং রোডের আকমল আলী ঘাটসংলগ্ন সুইচ গেট এলাকার একটি গর্ত থেকে শিশুটির দুই পা উদ্ধার করে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)। পরদিন একই এলাকা থেকে উদ্ধার করা হয় খণ্ডিত মাথা। ঘটনাটি দেশজুড়ে ব্যাপক আলোড়ন সৃষ্টি করেছিল। দীর্ঘ তদন্ত ও বিচারিক প্রক্রিয়া শেষে আদালত আজ এ মামলার রায় ঘোষণা করলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## মাতারবাড়ি-চট্টগ্রামে হচ্ছে দেশের প্রথম মুক্ত বাণিজ্য অঞ্চল

দেশে প্রথমবারের মতো দুটি মুক্ত বাণিজ্য অঞ্চল (ফ্রি ট্রেড জোন) প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছে সরকার। কক্সবাজারের মাতারবাড়ি সমুদ্রবন্দরের কাছে এবং চট্টগ্রাম বন্দরের নিকটবর্তী এলাকায় এ দুটি অঞ্চল গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে। এ বিষয়ে নীতিগত অনুমোদন দিয়েছে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। বুধবার (১৭ জুন) সচিবালয়ে অর্থমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়েছে। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি সাংবাদিকদের জানান , দেশের অর্থনীতিতে গতি আনা , আন্তর্জাতিক বাণিজ্য সম্প্রসারণ, বৈদেশিক বিনিয়োগ আকর্ষণ এবং বন্দরভিত্তিক অর্থনৈতিক কর্মকাণ্ড বাড়ানোর লক্ষ্যেই মুক্ত বাণিজ্য অঞ্চল প্রতিষ্ঠার উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি জানান , প্রাথমিকভাবে দুটি স্থানে মোট প্রায় ৬০০ একর জমিতে মুক্ত বাণিজ্য অঞ্চল প্রতিষ্ঠার পরিকল্পনা রয়েছে। এর মধ্যে মাতারবাড়ি এলাকায় প্রায় ৩০০ একর জমিতে একটি অঞ্চল গড়ে তোলা হবে। অপরটি চট্টগ্রাম বন্দরের কাছাকাছি এলাকায় স্থাপন করা হবে । মন্ত্রিপরিষদ সচিব বলেন , বর্তমানে বিষয়টি ধারণাগত (কনসেপ্ট) পর্যায়ে রয়েছে। অ র্থনৈতিক বিষয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে এবং নীতিগতভাবে ইতিবাচক মত দেওয়া হয়েছে। পরবর্তী সময়ে প্রকল্পের বিস্তারিত পরিকল্পনা , বিনিয়োগ কাঠামো ও পরিচালন পদ্ধতি চূড়ান্ত করা হবে। তিনি বলেন , মুক্ত বাণিজ্য অঞ্চল এমন একটি ব্যবস্থা যেখানে আন্তর্জাতিক বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কাস্টমস ও কর -সংক্রান্ত অনেক বিধিনিষেধ শিথিল বা অনুপস্থিত থাকে। এতে বিদেশি ব্যবসায়ী ও বিনিয়োগকারীরা সহজে বাণিজ্য পরি চালনা করতে পারেন। তিনি আরও বলেন , বিদেশ থেকে আসা জাহাজগুলো এসব অঞ্চলে পণ্য খালাস , বিক্রি বা পুনঃরপ্তানির সুযোগ পাবে। একই সঙ্গে বাংলাদেশি উদ্যোক্তারাও এখান থেকে আন্তর্জাতিক বাজারে সহজে পণ্য সরবরাহ করতে পারবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## জকিগঞ্জ সীমান্তে উত্তেজনা, বিএসএফের গুলিতে যুবক নিহতের দাবি

সিলেটের জকিগঞ্জ উপজেলার উত্তর কুল সীমান্তে বাংলাদেশি ও ভারতীয় নাগরিকদের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) গুলিতে স্থানীয় এক যুবকের মৃত্যু ও তার মরদেহ সীমান্তের ওপারে আটকে রাখার দাবিও করেছেন স্থানীয়রা। এর জেরে মঙ্গলবার (১৬ জুন) ভারতীয় এক নাগরিককে তুলে নিয়ে আসেন বাংলাদেশিরা। এ নিয়ে দু ,দেশের সীমান্তবর্তী লোকজনের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। তবে এ বিষয়ে বিজিবির কোনো বক্তব্য পাওয়া যায়নি। অবশ্য জকিগঞ্জ থানা পুলিশ বলছে , স্থানীয়রা দাবি করছেন সীমান্তের ওপারে তাদের একজন লোক নিখোঁজ রয়েছেন। কিন্তু এ বিষয়ে থানায় কেউ অভিযোগ দেননি। সীমান্তের ওপারে নিখোঁজ যুবকের নাম ডিপজল আহমদ। তিনি বারঠাকুরী ইউনিয়নের দিগালি গ্রামের আহমদ আলীর ছেলে। স্থানীয় সূত্রে জানা গেছে , গত রোববার রাতে ডিপজলসহ কয়েকজন যুবক ভারতের অভ্যন্তরে যান। ফেরার পথে ভারতের বিএসএফ সদস্যরা তাদের ধাওয়া করে এবং গুলি চালায়। এসময় ডিপজলের সঙ্গে থাকা অন্যরা পালিয়ে দেশে ফিরলেও ডিপজল নিখোঁজ হন।

বিএসএফের গুলিতে ডিপজলের মৃত্যু হয়েছে বলে দাবি করছেন স্থানীয়রা। এদিকে ডিপজলের সন্ধান না পাওয়ায় স্থানীয়দের মধ্যে উত্তেজনা দেখা দেয়। মঙ্গলবার সীমান্ত এলাকা থেকে এক ভারতীয় কৃষককে তুলেও আনে উত্তে জিত জনতা। পরে মঙ্গলবার রাতে তাকে বিএসএফের কাছে হস্তান্তর করা হয়েছে। স্থানীয় ইউপি সদস্য মো . আব্দুল মুকিত বলেন, সীমান্তের ওপারে কয়েকজন যুবক অতিক্রম করলে বিএসএফ তাদেরকে লক্ষ্য করে গুলি করে। এসময় তিনজন পালিয়ে এলেও একজন নিখোঁজ রয়েছেন। যারা এসেছেন তারা দাবি কর ছেন নিখোঁজ যুবককে গুলি করে মেরে ফেলে মরদেহ আটকে রেখেছে বিএসএফ। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## সিলেট পৌঁছেছেন প্রধানমন্ত্রী

মৌলভীবাজারের শ্রীমঙ্গলে ফ্যা মিলি কার্ডের উদ্বোধন অনুষ্ঠানে যোগ দিতে সিলেটে পৌঁছেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার (১৭ জুন) সকাল ৮টা ২০ মিনিটের দিকে সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরের অবতরণ করেন তিনি। সিলেট জেলা বিএনপির সভাপতি ও সিলেট সিটি করপোরেশনের প্রশাসক আব্দুল কাইয়ুম চৌধুরী এ তথ্য নিশ্চিত করেছেন। বিমানবন্দরে তাকে স্বাগত জানান বিএনপি নেতারা। সফর সূচি অনুযায়ী তি নি ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সড়ক পথে মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলার পথে রওয়ানা হবেন। দুপুর ১টায় শ্রীমঙ্গলের ভিক্টোরিয়া উচ্চবিদ্যালয় মাঠে উপস্থিত হয়ে তিনি ফ্যা মিলি কার্ড বিতরণ অনুষ্ঠানে যোগ দেবেন। এদিকে প্রধানমন্ত্রীর এ সফরকে ঘিরে সিলেটজুড়ে উৎসবমুখ র পরিবেশ সৃষ্টি হয়েছে। তাকে স্বাগত জানাতে সড়কের দুই পাশে শৃঙ্খলাবদ্ধভাবে অবস্থান করেছেন বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা। সিলেট জেলা বিএনপির সভাপতি আব্দুল কাইয়ুম চৌধুরী বলেন, প্রধানমন্ত্রীকে ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে অভ্যর্থনা জানাতে সিলেটের মন্ত্রী -এমপিদের পাশাপাশি দলের শীর্ষ নেতারাও উপস্থিত রয়েছেন। নেতাকর্মীদের সুশৃঙ্খলভাবে রাস্তার পাশে দাঁড়িয়ে প্রধানমন্ত্রীকে স্বাগত জানানোর আহ্বান জানানো হয়েছে। এদিকে , প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষে শ্রীমঙ্গলে ব্যাপক প্রস্তুতি নেওয়া হয়েছে। মঞ্চ নির্মাণ, ইটের সলিং, সৌন্দর্যবর্ধন, নিরাপত্তা বেষ্টনী স্থাপন এবং শহরের বিভিন্ন সড়ক ও গুরুত্বপূর্ণ স্থাপনা পরিষ্কার-পরিচ্ছন্ন করার কাজ দ্রুতগতিতে শেষ করা হয়েছে। মৌলভীবাজার -৪ (শ্রীমঙ্গল-কমলগঞ্জ) আসনের সংসদ সদস্য মুজিবুর রহমান চৌধুরী বলেন , নির্বাচনের আগে বিএনপির চেয়ারম্যান ও বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমান মৌলভীবাজারে এক নির্বাচনি জনসভায় পুনরায় এলাকায় আসার প্রতিশ্রুতি দিয়েছিলেন। সরকার গঠনের চার মাসের মধ্যেই তিনি ফ্যামিলি কার্ড কর্মসূচি নিয়ে শ্রীমঙ্গলে আসছেন, যা এলাকার মানুষের জন্য অত্যন্ত তাৎপর্যপূর্ণ। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## বাজেট ঘোষণার পরে সিগারেট-মদের দাম বৃদ্ধি নিয়ে মিছিল হচ্ছে: আইনমন্ত্রী

আইনমন্ত্রী মো . আসাদুজ্জামান বলেছেন , বিএনপি সরকার জনকল্যাণমুখী বাজেট দিয়েছে। আগে আমরা দেখেছি , বাজেট ঘোষণার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল বের হতো। মিছিলের স্লোগান হতো , গরিব মারার বা জেট মানি না। আর এখন বাজেট ঘোষণার পর মিছিল হচ্ছে , 'সিগারেটের দাম বাড়লো কেন , মদের দাম বাড়লো কেন ?, কী আর বলবো। বুধবার (১৭ জুন) সকাল সাড়ে ৯টায় কসাইখানার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে আইনমন্ত্রী এসব কথা বলেন। জেলা প্রশা সক মোহাম্মদ নোমান হোসেনের সভা পতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পুলিশ সুপার মিয়া মোহাম্মদ আশিস বিন হাছান , জেলা পরিষদের প্রশাসক এমএ মজিদ , স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক রথীন্দ্র নাথ রায় , জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান বলেন, আধুনিক পদ্ধতিতে পশু জবাই করা হলে মাংসের গুণগত মান বজায় থাকে। ঝিনাইদহবাসীর জন্য এই কসাইখানা একটি মাইলফলক। সরকার জনগণের স্বাস্থ্য সুরক্ষা ও নাগরিক সেবা নিশ্চিত করতে নির্বাচনি প্রতিশ্রুতি পূরণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## বাংলাদেশের সঙ্গে সম্পর্ক আরও জোরদার করতে আগ্রহী জার্মানি

গণতান্ত্রিক উত্তরণের পর বাংলাদেশের সঙ্গে সম্পর্ক আরও জোরদার করতে জার্মানি ও ইউরোপ অত্যন্ত আগ্রহী বলে জানিয়েছেন জার্মানির ফেডারেল ফরেন অফিসের (এফএফও) এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের মহাপরিচালক ফ্রাঙ্ক হার্টম্যান। তিনি বলেন, 'বাংলাদেশ সাম্প্রতিক বছরগুলোতে একটি কঠিন রাজনৈতিক উত্তরণের মধ্য দিয়ে গেছে। এর মাধ্যমে দেশটি গণতান্ত্রিকভাবে নির্বাচিত নতুন সরকার পেয়েছে। জার্মানি ও ইউরোপ বাংলাদেশের সাথে সম্পর্ক আরও জোরদার কর তে এবং দেশটিকে আরও নিবিড়ভাবে জানতে অত্যন্ত আগ্রহী। , মঙ্গলবার (১৬ জুন) জার্মান দূতাবাসের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব কথা জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয় , হার্টম্যান ও এফএফও,র দক্ষিণ এশিয়া বিভাগের প্রধান স্টিফেন কোখ গত ৯ থেকে ১১ জুন বাংলাদেশ সফর করেন। সফ রকালে তারা সরকারি কর্মকর্তা , সুশীল সমাজের প্রতিনিধি, ব্যবসায়ী নেতা এবং উন্নয়ন সহযোগীদের সঙ্গে বৈঠক করেন। জার্মান রাষ্ট্রদূত ড . রুডিগার লোটজের উপস্থিতিতে এই প্রতিনিধি দল পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম , ভারপ্রাপ্ত পররাষ্ট্র সচিব ড . মু. নজরুল ইসলাম এবং মহাপরি চালক (পশ্চিম ইউরোপ ও ইইউ ) মোশাররফ হোসেনের সাথে সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকালে উভয় পক্ষই দীর্ঘদিনের দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদার এবং বাংলাদেশ -ইইউ সহযোগিতা বৃদ্ধির ব্যাপারে তাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করে। বাংলাদেশ ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে একটি মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) স্বাক্ষরের ব্যাপারে তাদের আগ্রহের কথা তুলে ধরে। আলোচনায় রোহিঙ্গা সংকটও বিশেষভাবে স্থান পায়। হার্টম্যান বাস্তুচ্যুত রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ার ক্ষেত্রে বাংলাদেশের ভূমিকার কথা স্বীকার করেন। অন্যদিকে প্রতিমন্ত্রী মিয়ানমারে রোহিঙ্গাদের নিরাপদ, স্বেচ্ছায় এবং মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনে সমর্থনের জন্য জার্মানি ও আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## কম্বোডিয়ার সাইবার স্ক্যাম সেন্টার থেকে ফিরলেন আরও৭৮ বাংলাদেশি

কম্বোডিয়ার বিভিন্ন সাইবার স্ক্যাম কম্পাউন্ড থেকে উদ্ধার হওয়া আরও ৭৮ বাংলাদেশি দেশে ফিরেছেন। মঙ্গলবার (১৭ জুন) রাতে থাই এয়ারওয়েজের (টিজি-৩৩৯) একটি ফ্লাইটে তারা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান। এ নিয়ে গত চারদিনে সাইবার স্ক্যাম কম্পাউন্ড থেকে ২২১ বাংলাদেশি দেশে ফিরলেন। আগের তিনদিনের মতো মঙ্গলবার রাতে ফেরত আসা সবাইকে বিমানবন্দরে সিভিল অ্যাভিয়েশন সিকিউরিটির সঙ্গে মিলে জরুরি সহায়তা ও বাড়িতে পৌঁছানোর জন্য অর্থ সহায়তা দিয়েছে ব্র্যাকের মাইগ্রেশন প্রোগ্রাম। ব্র্যাকের মাইগ্রেশন প্রোগ্রাম ও ইয়ুথ প্ল্যাটফর্মের সহযোগী পরিচালক শরিফুল হাসান জানান , সাইবার স্ক্যাম নিয়ে সবার সচেতনতা জরুরি। এটি মানবপাচারের ভয়াবহ এক ধরন। ভালো চাকরির কথা বলে বিদেশে নিয়ে সাইবার স্ক্যাম কম্পাউন্ডে ইচ্ছার বিরুদ্ধে জোরপূর্বক অনলাইন প্রতারণামূলক কর্মকাণ্ডে যুক্ত হতে বাধ্য করা হতো। বিশেষ করে যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন উন্নত দেশের নাগরিকদের লক্ষ্য করে পরিচালিত সাইবার স্ক্যাম কার্যক্রমে অংশ নিতে তাদের ওপর চাপ প্রয়োগ করা হতো। নির্ধারিত লক্ষ্য পূরণে ব্যর্থ হলে শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হতে হতো। শরিফুল হাসান জানান , কম্বোডিয়ার আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অভিযানের ফলে কয়েকটি স্ক্যা ম কম্পাউন্ড থেকে এসব বাংলাদেশিকে উদ্ধার করা সম্ভব হয়। তিন দিনে ২২১ জন বাংলাদেশির ফেরত আসা প্রমাণ করে বিপুল সংখ্যক বাংলাদেশি এভাবে প্রতারণা ও নির্যাতনের শিকার। ফেরত আসা বেশ কয়েকজন মামলা করেছেন। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পুরো ঘটনার যথাযথ তদন্ত করে ব্যবস্থা নেওয়া উচিত। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## আদাবরে কুপিয়ে টাকা ছিনতাই: `কবজি কাটা, গ্রুপের ৫ জন গ্রেফতার

রাজধানীর আদাবরে বিকাশের দোকানে ছিনতাইয়ের ঘটনায় কবজি কাটা গ্রুপের সেকেন্ড ইন্ড কমান্ড আবু সাঈদসহ পাঁচজনকে গ্রেফতার করেছে র্যা পিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)। গ্রেফতার অন্যরা হলেন- রাশেদ খন্দকার (৩২), মো. লিটন (২৮), মো. তসির (৩০) এবং মো. তরিকুল ইসলাম (২৫)। মঙ্গলবার (১৬ জুন) মধ্যরাতে রাজধানীর মোহাম্মদপুর ও পীরেরবাগ এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে র্যা বের-২ এর একটি অভিযানিক দল। বুধবার (১৭ জুন) সকালে র্যাব-২ এর সিপিএসসির অতিরিক্ত পুলিশ সুপার মুহতামিম হাসান বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, কবজি কাটা গ্রুপের সেকেন্ড ইন কমান্ড আবু সাঈদসহ পাঁচজনকে রাজধানীর মোহাম্মদপুর ও পীরেরবাগ এলাকা থেকে গ্রেফতার করা হয়েছে। গ্রুপের অন্য সদস্যদের ধর তে এবং অস্ত্র উদ্ধারে আমাদের অভিযান চলমান। এর আগে গতকাল মঙ্গলবার আদাবরে দোকানে ঢুকে বিকাশের এজেন্ট শফিকুলকে কুপিয়ে তার কাছে থাকা তিন লাখ টাকা ও মোবাইল ছিনিয়ে নিয়ে যায় কবজি কাটা আনোয়ার গ্রুপের সদস্যরা। পরে শফিকুলকে গুরুতর আহত অবস্থায় শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। সিসি ক্যামেরার ফুটেজে দেখা যায় , ভুক্তভোগী শফিকুল দোকান খুলে বসামাত্রই ৪ থেকে ৫ জন চাপাতি হাতে দোকানে আসে। কোনো কিছু বুঝে ওঠার আগেই তার ডান হাতে কোপ দিয়ে টাকা ও বিকাশের মোবাইল নিয়ে যায়। এই ঘটনায় মঙ্গলবার বিকেলে আসামি দের ধরতে মোহাম্মদপুরের তুরাগ হাউজিংয়ে অভিযান চালায় আদাবর থানা পুলিশ। পুলিশের উপস্থিতি টের পেয়ে কবজি কাটা আনোয়ার গ্রুপের টানা আমির , চোরা রুবেল , আবুল কাশেম ও আরিফ হোসেন জয় আদাবর থানার ওসি ও এসআইকে চাপাতি দিয়ে অতর্কিত হামলা চালায়। এসময় পুলিশ আত্মরক্ষায় গুলি করে। এতে টানা আমির ও চোরা রুবেল গুলিবিদ্ধ হয়। ঘটনাস্থল থেকে গুলিবিদ্ধসহ চারজনকে আটক করে আদাবর থানা পুলিশ। এসময় তাদের কাছ থেকে হাতুড়ি উদ্ধার করা হয়। পরে তাদের উদ্ধার করে শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে মহিলা লীগের ঝটিকা মিছিল, পুলিশ বলছে পুরোনো ভিডিও

চট্টগ্রামের কর্ণফুলী উপজেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও কর্ণফুলী উপজেলা পরিষদের সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান বানাজা ভূঁইয়া নিশির নেতৃত্বে একটি ঝটিকা মিছিলের ভিডিও সামাজিক যো গাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। মঙ্গলবার (১৬ জুন) বিকেল থেকে প্রায় দেড় মিনিটের ওই ভিডিওটি বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যমে দেখা যায়। ভিডিওতে দেখা যায়, `চট্টগ্রাম দক্ষিণ জেলা মহিলা আওয়ামী সাইবার টিম , এর ব্যানারে ৯ থেকে ১০ জন নারী একটি ঝটিকা মিছিলে অংশ নিয়েছেন। এ সম য় তারা বিভিন্ন স্লোগান দেন। ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায় , মিছিলে অংশগ্রহণকারীরা কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের বিভিন্ন স্লোগান দেন। তাদের হাতে থাকা ব্যানারে মানবতাবিরোধী

অপরাধে দণ্ডিত অপরাধী শেখ হাসিনাসহ সব নেতাকর্মীর নামে দায়ের করা মামলা প্রত্যাহার ও রাজবন্দি দের মুক্তির দাবি জানানো হয়। ব্যানারে একই সঙ্গে দেশে শিশু মৃত্যু ও শিশু ধর্ষণের সঙ্গে জড়িতদের শাস্তি এবং বিদ্যুৎ ও গ্যাসের দাম বৃদ্ধির প্রতিবাদ জানানো হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## `হাসিনা ফিরবে, স্লোগানের প্রতিবাদে বিএনপির আইনজীবীদের বিক্ষোভ্রে ডাক

সুপ্রিম কোর্টে আওয়ামীপন্থি আইনজীবীদের স্লোগানের প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছেন বিএনপিপন্থি আইনজীবীরা। এই ঘটনার প্রতিবাদে আজও বিক্ষোভ কর্মসূচি পালন করবেন তারা। মঙ্গলবার (১৬ জুন) দুপুরে সুপ্রিম কোর্টের অ্যানেক্স ভবনে আইনজীবীদের লাউঞ্জে ফল খাওয়া কর্মসূচি র পর `শেখ হাসিনা ফিরবে, বাংলাদেশ হাসবে,; `পদ্মা মেঘনা যমুনা, তোমার আমার ঠিকানা,; `জয় বাংলা,- এসব স্লোগান দেন আওয়ামীপন্থি আইনজীবীরা। এর প্রতিবাদে রাতেই জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের আইনজীবীরা বিক্ষোভ মিছিল করেন। মিছিলে তারা `ফ্যাসিস্টের আস্তানা, সুপ্রিম কোর্ট হবে না ,সহ নানা স্লোগান দেন। সুপ্রিম কোর্ট বারের নবনির্বাচিত সম্পাদক মোহাম্মদ আলীর নেতৃত্ব বিক্ষোভ মিছিরে নেতৃত্ব দেন। মিছিল শেষে সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির ভবনের সামনের চত্বরে সংক্ষিপ্ত সমাবেশে সুপ্রিম অ্যাডভোকেট মোহাম্মদ আলী বলেন , সুপ্রিম কোর্ট আইন জীবী সমিতি তে আওয়ামী লীগপন্থি আইনজীবীদের কোনো ধরনের রাজনৈতিক কার্যক্রম বা সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফিরিয়ে আনার চেষ্টা করলে তা প্রতিহত করা হবে। একই সঙ্গে বুধবার (১৭ জুন) দুপুরে সুপ্রিম কোর্ট প্রাঙ্গণে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের বিরুদ্ধে প্রতিবাদ ও বিক্ষোভ কর্মসূচির ঘোষণা দেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## সামান্য বরাদ্দে সরকারের ২০৩০ সালের জ্বালানি রূপান্তর লক্ষ্য অসম্ভব

প্রস্তাবিত বাজেটে বিদ্যুৎ উৎপাদন খাতে বরাদ্দের মাত্র ২ শতাংশ নবায়নযোগ্য জ্বালানির জন্য রাখা হয়েছে। বাকি ৯৮ শতাংশই জীবাশ্ম জ্বা লানির দখলে। এমন বাস্তবতায় সরকারের ২০৩০ সালের জ্বালানি রূপান্তরের লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব নয় বলে মন্তব্য করেছে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। সংস্থাটি বলছে, বিশাল বাজেটের তুলনায় নবায়নযোগ্য জ্বালানি খাতে বরাদ্দ অত্যন্ত সামান্য। তবে বৈদ্যুতিক গাড়ির (ইভি) চার্জিং স্টেশনে কর সম্পূর্ণ প্রত্যাহার এবং নিবন্ধন ফি কমানোর উদ্যোগকে ইতিবাচক হিসেবে দেখছে তারা। বুধবার (১৭ জুন) সকালে রাজধানীর ধানমন্ডিতে সিপিডি কার্যালয়ে আয়োজিত `২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত জাতীয় বাজেট : বিদ্যুৎ ও জ্বালানি খাত কী পেল?, শীর্ষক মিডিয়া ব্রিফিংয়ে এসব তথ্য তুলে ধরা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## মাদক কারবারি, চাঁদাবাজদের গ্রেফতারের নির্দেশ ডিএমপি কমিশনারের

আইনশৃঙ্খলা রক্ষা ও অপরাধ প্রতিরোধে সর্বোচ্চ সজাগ থাকতে বলেছেন ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার মোসলেহ্ উদ্দিন আহমদ। মাদক কারবারি, চাঁদাবাজ, ছিনতাইকারী ও বিভিন্ন অপরাধে জড়িতদের গ্রেফতারের নির্দেশ দিয়েছেন তিনি। বুধবার (১৭ জুন) ডিএমপি হেডকোয়ার্টার্সের সম্মেলন কক্ষে মে -২০২৬ মাসের মাসিক অপরাধ পর্যালোচনা সভায় উপস্থিত ডিএমপির ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদে র উদ্দেশ্যে তিনি এসব কথা বলেন। সভায় ডিএমপি কমিশনার বলেন, থানা এলাকায় মাদক উদ্ধার ও পরোয়ানাভুক্ত আসামি গ্রেফতারে অভিযান পরিচালনা করতে হবে। থানাকে দালালমুক্ত রাখতে হবে। কোনো অপরাধ যেন থানা এলাকায় সংঘটিত হতে না পারে সেজন্য সবাইকে সতর্ক থাকতে হবে। তিনি আরও বলে ন, ভালো কাজের স্বীকৃতি হিসেবে পুরস্কার দেওয়া হবে। অন্যদিকে দায়িত্বে অবহেলা , শৃঙ্খলা ভঙ্গ কিংবা পুলিশের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন কর্মকাণ্ডের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম অ্যান্ড অপারেশনস্) এস এন মো. নজরুল ইসলাম বলেন, আসন্ন পবিত্র আশুরার সব কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নে সবাইকে সমন্বিতভাবে দায়িত্ব পালন করতে হবে। কেউ যে ন বিশৃঙ্খলা বা আইন -শৃঙ্খলার অবনতি করতে না পারে , সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। মাসিক অপরাধ সভায় মে মাসে ঢাকা মহানগরের আইনশৃঙ্খলা রক্ষা , অপরাধ নিয়ন্ত্রণ ও জননিরাপত্তা বিধানসহ উত্তম কাজের স্বীকৃতি হিসেবে বিভিন্ন ক্যাটাগরিতে ডিএমপির বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তাগণকে পুরস্কৃত করেন ডিএমপি কমিশনার। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## বিএনপির জীবা আমিনার পাশে দাঁড়ালেন জামায়াতের মারদিয়া মমতাজ

জাতীয় সংসদে বাংলা-ইংরেজি মিলিয়ে বক্তব্য দিয়ে আলোচনায় আসা বিএনপির সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য জীবা আমিনা খানের পক্ষে সামা জিক যোগাযোগমাধ্যমে অবস্থান নিয়েছেন জামায়াতের সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য মারদিয়া মমতাজ। বুধবার (১৭ জুন) বিকেল ৪টার দিকে ফেসবুকে এক পোস্ট দিয়ে তিনি লেখে ন, একজন বক্তার বক্তব্যের বিষয়ের সঙ্গে আপনার দ্বিমত থাকতে পারে। সে নিয়ে আলাপ করুন। তার পোশাক বা ভাষা নিয়ে কথা বলা একে অপ্রয়োজনীয়, উপরন্ত এতে আপনার নিজের বুঝবুদ্ধি রুচিই প্রকাশ পায়। তিনি আরও লেখেন , `এমপি জীবা আমিনা খান দীর্ঘদিন প্রবাসে ছিলেন। তার ভাষায় বাংলা ইংলিশ মিশবে, এটা স্বাভাবিক। তিনি যে বিষয় নিয়ে

আলাপ করেছেন, তার বিস্ময় যে বিষয়ে সেটা সত্যিই দুঃখজনক বি ষয়। শয়ে শয়ে কিলোমিটার কাঁচা রাস্তা , এসব জায়গায় শুধু সাধারণ মানুষের কষ্ট হয় তা না। সরকারি সেবাও সেখানে পৌঁছুতে দেরি হয়। , পোস্টের শেষাংশে মারদিয়া মমতাজ লেখেন, `যে পুরুষেরা এমনকি নারীরাও, এভাবে জনসমক্ষে অন্য নারীর পোশাক, কথা নিয়ে কটাক্ষ করেন, তাদের পরিবারের অন্যান্য সদস্যদের জন্য আমার মায়া হয়। , এদিকে একই ইস্যুতে ক্ষোভ প্রকাশ করেছেন বিএনপির আরেক সংসদ সদস্য মানসুরা আক্তার। বুধবার ভোর ৩টা ৫২ মিনিটে নিজের ফেসবুক আইডিতে ক্ষোভ জানিয়ে তিনি লেখেন- "দুইদিন আগে `পার্সোনাল ফ্রিডম, সংক্রান্ত আলাপে `পোশাক অবমাননা, হয়েছে বলে ব্যাপক চেঁচামেচি করে আজ সারাদিন সংসদ সদস্য জীবা আমিনা খানের পোশাক নিয়ে অসভ্যতা করে গেছে। „ তিনি আরও মন্তব্য করেন, নিশ্চয়ই অমুক মঞ্চ তমুক মঞ্চের `প্রতিবাদের, ধ্বজাধারীরা বা `নিরপেক্ষ- নট শিবির, নেত্রীদের এ ব্যাপারে বড় বড় কলামও আসবে না। রক্ষাই হলো আমাদের। এসব আবর্জনামায় সিলেক্টিভ প্রতিবাদ যত কম সামনে আসে, তত চোখের শান্তি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## লিবিয়া-গ্রিসে মানবপাচার, ১৮ বাংলাদেশির মৃত্যুর ঘটনায় গ্রেফতার ১

গ্রিসে পাঠানোর প্রলোভন দেখিয়ে মানবপাচারের সঙ্গে জড়িত একটি সংঘবদ্ধ চক্রের সদস্য মো . মিকাইল ইসলামকে (৫২) গ্রেফতার করেছে অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। চলতি বছরের মার্চ মাসে ভূমধ্যসাগরে অনাহার , তৃষ্ণা ও পানিশূন্যতায় প্রাণ হারানো ১৮ বাংলাদেশির মৃত্যু র ঘটনায় তদন্ত করতে গিয়ে তার সম্পৃক্ততার তথ্য পাওয়া যায়। বুধবার (১৭ জুন) সিআইডির বিশেষ পুলিশ সুপার (মিডিয়া) জসীম উদ্দিন খান স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। তিনি জানান , সিআইডির মানবপাচার প্রতিরোধ (টিএইচবি) ইউনিট গত ১৫ জুন সিলেট বিমানবন্দর এলাকা থেকে মিকাইল ইসলামকে গ্রেফতার করে। তিনি সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলার মিঠাপুর গ্রামের বাসিন্দা। জসীম উদ্দিন খান বলেন , উন্নত জীবনের আশায় অনেক মানুষ দালাল চক্রের প্রলোভনে পড়ে অবৈধ পথে বিদেশ যাওয়ার ঝুঁকি নেন। এসব মানবপাচারকারী চক্র বিদেশে কর্মসংস্থানের স্বপ্ন দেখিয়ে সাধারণ মানুষের কাছ থেকে বিপুল অর্থ হাতিয়ে নেয় এবং পরে তাদের জীবনকে চরম ঝুঁকির মুখে ঠেলে দেয়। সিআইডি জানায়, নিহতদের একজন মাসুম (ছদ্মনাম) ও গ্রেফতার মিকাইল ইসলাম একই গ্রামের বাসিন্দা। আর্থিক সংকট দূর করার আশায় মাসুমকে গ্রিসে পাঠানোর প্রতিশ্রুতি দিয়ে তার পরিবারের কাছ থেকে প্রায় ১৩ লাখ টাকা আদায় করা হয়। চক্রটি প্রথমে লিবিয়ায় পাঠানোর জন্য ৫ লাখ ৫০ হাজার টাকা এবং গ্রিসে পৌঁছানোর পর আরও ৭ লাখ ৫০ হাজার টাকা দেওয়ার শর্ত দেয়। তদন্তে জানা গেছে , ঢাকায় ১৭ দিন অবস্থানের পর মাসুমকে লিবিয়ায় পাঠানো হয়। সেখানে পৌঁছানোর পর তার পরিবারকে আরও অর্থ পরিশোধ করতে বলা হয়। নির্দেশনা অনুযায়ী গত জানুয়ারিতে মাসুমের বাবা একটি ব্যাংক হিসাবে ৪ লাখ টাকা জমা দেন এবং পরবর্তীতে গ্রেফতার মিকাইল ইসলামের কাছে নগদ ১ লাখ ৫০ হাজার টাকা দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## তারাবো পৌরসভায় ১২ দিন ধরে ময়লা নেওয়া বন্ধ, দুর্ভোগে বাসিন্দারা

নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার তারাবো পৌরসভার ৯টি ওয়ার্ডের বর্জ্য অপসারণ ১২ দিন ধরে বন্ধ। প্রায় দুই সপ্তাহ ধরে পৌরবাসীর উচ্ছিষ্ট বর্জ্য সেকেন্ডারি পয়েন্টে জমে পৌর এলাকায় ছোট ছোট ভাগাড় সৃষ্টি হয়েছে। ফ লে বিভিন্ন এলাকায় ময়লা-আবর্জনা জমে বিকট দুর্গন্ধ ছড়াচ্ছে। এতে পুরো এলাকাজুড়ে জনদুর্ভোগ বেড়েছে। পৌর কর্তৃপক্ষ বলছে, টেন্ডারের মাধ্যমে ঠিকাদার পরিবর্তন হওয়ায় এ সমস্যা তৈরি হয়েছে। সমাধানের চেষ্টা চলছে। দ্রুত সময়ের মধ্যে তারা এ সমস্যার সমাধান করে ময়লা অপসা রণ শুরু করবে। জানা গেছে , তারাবো পৌরসভায় লাখো মানুষের বসবাস। শিল্প এলাকা হওয়ায় নারায়ণগঞ্জসহ দেশের বিভিন্ন জেলা-উপজেলা থেকে এই তারাবো পৌরসভায় এসে কাজ করছে মানুষ। এখানে বসবাসরত মানুষের বাসা বাড়ির নিত্যদিনের ব্যবহারের উচ্ছিষ্ট ময়লা -আবর্জনা সেকেন্ডারি পয়েন্টে ফেলা হয়। সেখান থেকে ভ্যানে পরিচ্ছন্নতা কর্মীরা নির্ধারিত স্থানে নিয়ে ফেলে। গত তিন বছর এ কাজ করতেন সাইফুল ইসলাম নামের একজন ঠিকাদার। তিনি তিন বছর মেয়াদে তারাবো পৌরসভার টেন্ডারের মাধ্যমে পৌর এলাকার বাসাবাড়ি থেকে ৬০ টাকা করে নিয়ে ময়লা অপসারণ করে নির্ধা রিত স্থানে ফেলতেন। চুক্তি অনুযায়ী তার মেয়াদ শেষ হওয়ায় নতুন ঠিকাদার মোহাম্মদ আলতাফ হোসেন তিন বছর মে য়াদে এই কাজটি পেয়েছেন। কিন্তু টেন্ডার পাওয়ার ১২ দিন হলেও এখন পর্যন্ত ভ্যানে করে ময়লা -আবর্জনা পরিষ্কার কাজ শুরু করতে পারেননি। ফলে সেকেন্ডারি পয়েন্টে বা সাবাড়ি, দোকানপাট ও হাট -বাজারের ব্যবহৃত ময়লা -আবর্জনা জমে পৌরসভাজুড়ে বিভিন্ন এলাকা ছোট ছোট ভাগাড়ে পরিণত হয়েছে। এতে পচা বর্জ্যের দুর্গন্ধে দুর্ভোগে পড়েছেন স্থানীয় এলাকাবাসী। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## বানেশ্বরে ট্রাক-অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে দুই ভাই নিহত

রাজশাহীর পুঠিয়ায় বানেশ্বর এলাকায় ট্রাক ও অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে আপন দুই ভাই নিহত হয়েছেন। এ ঘটনায় আরও দুইজন আহত হয়েছেন। বুধবার (১৭ জুন) দুপুর ১২টার দিকে বানেশ্বর ইয়ামাহা মোটরসাইকেল শোরুমের সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন - নকুলবাড়িয়া গ্রামের ধোপাপাড়া এলাকার বাসিন্দা আব্দুল খালেক

প্রামাণিক (৬৫) ও হাচেন প্রামাণিক। তারা মৃত রিয়াজ প্রামাণিকের ছেলে। আহতরা হলেন হাতেমের ছেলে লালন এবং মৃত জালালের ছেলে লাল্টু। দুর্ঘটনার পর স্থানীয়রা দ্রুত তাদের হাসপাতালে পাঠান। স্থানীয়রা জানায়, অটোরিকশায় থাকা চার যাত্রী নকুলবাড়িয়া এলাকার একটি মসজিদের জন্য মাইক কেনার উদ্দেশ্যে রাজশাহী শহরের দিকে যাচ্ছিলেন। অপরদিকে ঢাকা মেট্রো -ট-১২-৭৪৪৪ নম্বরের একটি ক্যারেটবাহী ট্রাক নাটোরের দিকে যাচ্ছিল। পথিমধ্যে বানেশ্বর ইয়ামাহা শোরুমের সামনে পৌঁছালে ট্রাক ও অটোরিকশার মধ্যে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই একজন নিহত হন এবং তিনজন গুরুতর আহত হন। পরে তাদের রাজশাহী মেডিকেল কলেজ (রামেক) হাসপাতালে নেওয়া হলে হাচেন প্রামাণিকের মৃত্যু হয়। এ বিষয়ে পবা হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাবুর রহমান বলেন, `দুর্ঘটনায় ঘটনাস্থলে একজন নিহত হন। আহত তিনজনকে রামেক হাসপাতালে নেওয়ার পরে আরও একজনের মৃত্যু হয়। ট্রাকের চালক ও হেলপার পালিয়ে গেছেন। ট্রাকটি জব্দ করা হয়েছে।,
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## শ্যামলের পায়ে টহল পুলিশের গুলি, এক মাসের মধ্যে ২ লাখ টাকা দিতে নির্দেশ

মুন্সিগঞ্জের তরুণ শাহাদাত হোসেন শ্যামলের পায়ে টহল পুলিশের গুলির ঘটনায় তাকে এক মাসের মধ্যে দুই লাখ টাকা অন্তর্বর্তী ক্ষতিপূরণ দিতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। একই সঙ্গে তাকে ৫ কোটি টাকা ক্ষতিপূরণ কেন দেওয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন আদালত। আগামী ৩০ দিনের মধ্যে পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অন্তর্বর্তী ক্ষতিপূরণের অর্থ পরিশোধ করতে বলা হয়েছে। আইন ও সালিশ কেন্দ্রের (আসক) করা এক রিটের শুনানি নিয়ে বুধবার (১৭ জুন) হাইকোর্টের বিচারপতি খিজির আহমেদ চৌধুরী ও বিচারপতি মো. জিয়াউল হকের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। আদালতে রিটের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট মো. শাহিনুজ্জামান। ঘটনা সূত্রে জানা যায়, ২০১৯ সালের ১৪ মার্চ মুন্সিগঞ্জের সিরাজদিখান উপজেলার কামারকান্দা এলাকায় একটি পুলিশ চেকপোস্টে টহল পুলিশের গুলিতে আহত হন শাহাদাত হোসেন শ্যামল। ওই সময় শ্যামল ও তার বন্ধুদের অভিযোগ ছিল, কিছু বুঝে ওঠার আগেই পুলিশ তার পায়ে গুলি চালায়। অ্যাডভোকেট মো. শাহিনুজ্জামান বলেন, ঢাকার কেরানীগঞ্জের ঘাটারচর থেকে কয়েকজন বন্ধুসহ মোটরসাইকেলে মুন্সিগঞ্জের দিকে যাওয়ার সময় পুলিশ তাদের থামার সংকেত দেয়। মোটরসাইকেল থামানোর পরও এক পুলিশ সদস্য শ্যামলের পায়ে সরাসরি গুলি করেন বলে অভিযোগ রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## দ্রুত বর্জ্য অপসারণ এখন ডিএসসিসির এক নম্বর অগ্রাধিকার: প্রশাসক

মশক নিয়ন্ত্রণ কার্যক্রম চলমান থাকলেও বর্তমানে দ্রুত বর্জ্য অপসারণই ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) প্রধান অগ্রাধিকার বলে জানিয়েছেন সংস্থাটির প্রশাসক বীর মুক্তিযোদ্ধা মো. আবদুস সালাম। পবিত্র ঈদুল আজহা উপলক্ষে ডিএসসিসির পরিচ্ছন্ন তাকর্মীদের মধ্যে প্রধানমন্ত্রীর বিশেষ ঈদ অনুদান বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। বুধবার (১৭ জুন) নগর ভবন অডিটোরিয়ামে আয়োজিত এ অনুষ্ঠানে ডিএসসিসির ৪ হাজার ৯৫০ জন পরিচ্ছন্নতাকর্মীকে ৫ হাজার টাকা করে প্রধানমন্ত্রীর অনুদান হস্তান্তর করা হয়। ডিএসসিসি প্রশাসক বলেন, সিটি করপোরেশনের সবচেয়ে কঠিন ও কষ্টসাধ্য কাজটি করেন পরিচ্ছন্নতাকর্মীরা। নাগরিকদের সচেতনতা ও পরিচ্ছন্নতাকর্মীদের আন্তরিক প্রচেষ্টা অব্যাহত থাকলে আগামী দুই বছরের মধ্যে ঢাকার চেহারা বদলে দেওয়া সম্ভব। এসময় তিনি পরিচ্ছন্নতাকর্মীদের পাশাপাশি গণমাধ্যমকর্মীদেরও জনসচেতনতা তৈরিতে সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানান। বাসাবাড়ির বর্জ্য সংগ্রহ ব্যবস্থাপনা নিয়ে অসন্তোষ প্রকাশ করে মো. আবদুস সালাম বলেন, ওয়ার্ডভিত্তিক টেন্ডারের মাধ্যমে পরিচালিত বর্জ্য সংগ্রহ ব্যবস্থার বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ পাওয়া যাচ্ছে। কোথাও নির্ধারিত সময়ে ময়লা তোলা হচ্ছে না, আবার কোথাও অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ রয়েছে। আগামী বছর বর্তমান ব্যবস্থা বহাল থাকবে কি না, তা গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হচ্ছে। জনগণ কাঙ্ক্ষিত সেবা না পেলে প্রয়োজনে নতুন ব্যবস্থা চালু করা হবে। এবারের ঈদুল আজহায় স্বল্প সময়ে কোরবানির বর্জ্য অপসারণ করায় পরিচ্ছন্নতাকর্মীদের ধন্যবাদ জানিয়ে প্রশাসক বলেন, দ্রুত বর্জ্য অপসারণের ফলে এবার নগরবাসী দুর্গন্ধ থেকে রেহাই পেয়েছে, যা সর্বমহলে প্রশংসিত হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## খুলনা শিপইয়ার্ড পরিদর্শনে প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা

প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলাম বাংলাদেশ নৌবাহিনী পরিচালিত খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি) পরিদর্শন করেছেন। বুধবার (১৭ জুন) তিনি শিপইয়ার্ডের বিভিন্ন স্থাপনা ও চলমান জাহাজ নির্মাণ প্রকল্প ঘুরে দেখেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় করেন। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, পরিদর্শনকালে প্রতিরক্ষা উপদেষ্টা খুলনা শিপইয়ার্ডের সক্ষমতা, উৎপাদন দক্ষতা ও প্রযুক্তিগত উৎকর্ষ বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন। একই সঙ্গে প্রধানমন্ত্রীর `মেড ইন বাংলাদেশ, নীতির আলোকে প্রতিরক্ষা শিল্পে প্রতিষ্ঠানটির গুরুত্ব তুলে ধরেন। এ সময় তাকে এলসিটি, ড্রেজার, টাগ বোট, ক্রেন বোট, পাইলট ভেসেল, সার্ভে ভেসেল এবং সার্চ অ্যান্ড রেসকিউ ভেসেলসহ

বিভিন্ন প্রকল্পে র অগ্রগতি , নির্মাণমান ও কারিগরি বৈশিষ্ট্য সম্পর্কে অবহিত করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পগুলোর বাস্তবায়নে গৃহীত কর্মপরিকল্পনায় সন্তোষ প্রকাশ করেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে খোয়া যাওয়া ১০১ মোবাইল ফিরিয়ে দিলো পুলিশ

চট্টগ্রাম জেলার বিভিন্ন এলাকা থেকে খোয়া যাওয়া ১০১টি মোবাইল ফোন উদ্ধার করে প্রকৃত মালিকদের কাছে ফিরিয়ে দিয়েছে জেলা পুলিশ। বুধবার (১৭ জুন) সকালে নগরের নাসিরাবাদে পুলিশ সুপারের কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে উদ্ধার করা মোবাইল ফোনগুলো মালিকদের হাতে তুলে দেন চট্টগ্রাম জেলার পুলিশ সুপার মো . মাসুদ আলম। মোবাইল ফোন ফিরে পেয়ে জেলা পুলিশের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন উপকারভোগীরা। তারা বলেন , পুলিশের এ ধরনের উদ্যোগ সাধারণ মানুষের মধ্যে আস্থা ও বিশ্বাস আরও বাড়াবে। পুলিশ সূত্রে জানা যায় , হারানো সম্পদ উদ্ধারে বিশেষ অভিযান পরিচালনা করে জেলা গোয়েন্দা শাখা (ডিবি)। এ সময় জেলার ১৭টি থানায় মোবাইল হারানোর ঘটনায় করা সাধারণ ডায়েরিগুলো (জিডি) পর্যালোচনা করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## এলজিইডির পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের ব্যয় বাড়লো দেড় কোটি টাকা

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) বাস্তবায়নাধীন 'ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন (দ্বিতীয় সংশোধিত), প্রকল্পে নিয়োজিত পরামর্শক সেবার ভেরিয়েশন প্রস্তাব অনু মোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। বুধবার (১৭ জুন) সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত কমিটির বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ২০১৮ সালের ২৭ অক্টোবরের অনুমোদনের ভিত্তিতে প্রকল্পে পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে যৌথভাবে নিপ্পন কোই কো . লিমিটেড (জাপান), ডেভেলপমেন্ট ডিজাইন কনসালট্যান্টস লিমিটেড (বাংলাদেশ), রিসোর্স প্ল্যানিং অ্যান্ড ম্যানেজমেন্ট কনসালট্যান্টস (প্রাইভেট) লিমিটেড (বাংলাদেশ) এবং বিইটিএস কনসালটিং সার্ভিসেস লিমিটেড (বাংলাদেশ)-কে ১০৪ কোটি ৮৭ লাখ ৮৭ হাজার ৫০০ টাকায় নিয়োগ দেওয়া হয়। চুক্তি অনুযায়ী পরামর্শক সেবা চলমান থাকাকালে দ্বিতীয় সংশোধিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব অনুসারে প্রকল্পের মেয়াদ ৩ বছর ৬ মাস বৃদ্ধি পায়। বর্ধিত সময়ে অবশিষ্ট কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পরামর্শক সেবার মেয়াদ বৃদ্ধির প্রয়োজনীয়তা দেখা দেয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## মিরপুরে 'ভইরা দে, গ্রুপের ইমনসহ গ্রেফতার ৩

রাজধানীর মিরপুরের পল্লবী এলাকায় ত্রাস সৃষ্টি করা কথিত কিশোর গ্যাং 'ভইরা দে, গ্রুপের অন্যতম সক্রিয় সদস্য শিশির আহম্মেদ ইমনসহ তিনজনকে গ্রেফতার করেছে র্যাব। গ্রেফতাররা হলেন - শিশির আহম্মেদ ইমন (২১), আব্দুল্লাহ (২৩) ও আল-আমিন (২৫)। বুধবার (১৭ জুন) ভোরে পল্লবী থানার মিরপুর-১২ এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। র্যা ব-৪ এর অতিরিক্ত পুলিশ সুপার কে এন রায় নিয়তি জানান , সম্প্রতি পল্লবীসহ মিরপুরের বিভিন্ন এলাকায় কয়েকটি কিশোর গ্যাংয়ের অপরাধমূলক কর্মকাণ্ডের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যম, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ছড়িয়ে পড়লে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়। এসব গ্যাংয়ের মধ্যে আশিকুর রহমান শান্ত ওরফে আশিকের নেতৃত্বাধীন 'ভইরা দে, গ্রুপ অন্যতম। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## আওয়ামী লীগের সাবেক দুই নেতার ফেসবুক পেজের অ্যাডমিন গ্রেফতার

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সাবেক ভূমিমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ এবং সাবেক সংসদ সদস্য অনুপম শাহজাহান জয়ের ফেসবুক পেজের অ্যাডমিন শিশির মুন্নাকে (২৮) গ্রেফতার করেছে ঢা কা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি) ও যাত্রাবাড়ী থানা পুলিশ। বুধবার (১৭ জুন) রাজধানীর ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার (গোয়েন্দা) মো. শফিকুল ইসলাম। ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার বলেন , কাতারে সরকারি প্র কল্পে বিনিয়োগের প্রলোভন দেখিয়ে শিশির মুন্না ও তার সহযোগীরা এক ব্যবসায়ীর কাছ থেকে ধাপে ধাপে ১১ লাখ ২৭ হাজার টাকা হাতিয়ে নেন। পরে তারা ভুক্তভোগীকে জাল ভিসা ও নকল বিমান টিকিট সরবরাহ করেন। প্রতারণার বিষয়টি বুঝতে পেরে ভুক্তভোগী টাকা ফেরত চাইলে নানা টালবাহানা এ বং প্রাণনাশের হুমকি দেন তারা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## জামায়াতের প্রশংসায় ইরানের রাষ্ট্রদূত

আদর্শভিত্তিক রাজনৈতিক দল হিসেবে জামায়াতের গঠনমূলক ও বুদ্ধিবৃত্তিক কাজের প্রশংসা করেছেন বাংলাদেশে নিযুক্ত ইসলামী প্রজাতন্ত্র ইরানের রাষ্ট্রদূত ড. জালিল রহিমি জাহানাবাদি। বুধবার (১৭ জুন) বেলা সাড়ে ১১টায় জাতীয় সংসদ ভবনে বিরোধীদলীয় নেতা ও জামায়াত আমির ডা . শফিকুর রহমানের কার্যালয়ে তার সঙ্গে সৌজন্য করে এই প্রশংসা করেন রাষ্ট্রদূত। এসময় তিনি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জামায়াতের সাফল্য ও ডা . শফিকুর রহমানের বিরোধীদলীয় নেতা হওয়ায় তাকে অভিনন্দন জানান। বৈঠকে বাংলাদেশ ও ইরানের মধ্যকার ঐতিহাসিক , বন্ধুত্বপূর্ণ ও

ভ্রাতৃপ্রতিম সম্পর্ক, দ্বিপাক্ষিক সহযোগিতা, বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণ, শিক্ষা ও সংস্কৃতি বিনিময়, স্বাস্থ্যসেবা এবং মুসলিম বিশ্বের সমসাময়িক বি ভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বি স্তারিত আলোচনা হয়। বিরোধীদলীয় নেতা সাম্প্রতিক যুদ্ধে নিহত ইরানের নাগরিকদের জন্য দুঃখ ও সহানুভূতি প্রকাশ করেন। এই যুদ্ধে জানমালের ব্যাপক ক্ষয় ক্ষতিতেও তিনি শোক প্রকাশ করেন। জামায়াতের আমির এসময় নিহত সবার আত্মার মাগফিরাত কামনা করেন। ডা. শফিকুর রহমান যুদ্ধবিরতি ত্বরান্বিত করার স্বার্থে শান্তিচুক্তি স্বাক্ষর করায় ইরানকে ধন্যবাদ জানান এবং শান্তি আলোচনা এগিয়ে নেওয়ার ক্ষেত্রে ইরানের গঠনমূলক ভূমিকার প্রশংসা করেন। সেই সঙ্গে এ চুক্তি কার্যকর থাকবে বলে আশা প্রকাশ করেন তিনি। ইরান আগামী দিনগুলোতে প্রতিবেশী মুসলি ম দেশগুলোর সঙ্গে সম্পর্ক উন্নয়নে ভূমিকা রাখবে এবং ইরান ও বাংলাদেশের সম্পর্ক ভবিষ্যতে আরও সমৃদ্ধ ও উন্নত হবে বলেও আশাবাদ ব্যক্ত করেন জামায়াত আমির। দুই পক্ষ এসময় পার্লামেন্টারি ফ্রেন্ডশিপ গ্রুপ গঠন , তেহরান-ঢাকা সরাসরি ফ্লাইট , মেডিকেল টুরিজম নিয়ে আলোচনা করে। আলোচনার একপর্যায়ে জাতীয় সংসদে বিরোধীদলীয় নেতা ইরান সরকারের পক্ষ থেকে বাংলাদেশে বিশ্বমানের একটি হাসপাতাল চালু করার প্রস্তাব দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## সেলিম প্রধান-শাহেদ মজুমদার এবার হত্যাচেষ্টা মামলায় গ্রেফতার

ক্যাসিনো-কাণ্ডে আলোচিত সেলিম প্রধান এবং সাবেক শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদারের ছেলে শাহেদ আহমেদ মজুমদারসহ চারজনকে জুলাই আন্দোলনে একজনকে হত্যাচেষ্টার মামলায় গ্রেফতার দেখানোর নির্দেশ দিয়েছেন আদালত। বুধবার (১৭ জুন) ঢাকার অ্যাডিশনাল চিফ মেট্রোপ লিটন ম্যাজিস্ট্রেট মো . সেফাতুল্লাহ তদন্ত কর্মকর্তার আবেদনের পরিপ্রেক্ষিতে এ আদেশ দেন। অন্য দুই আসামি হলেন - সিরাজগঞ্জের উল্লাপাড়া উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান ও থানা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ স্বপন এবং মুন্সীগঞ্জের শ্রীনগর থানার স্বেচ্ছাসে বক দলের সদস্য সজল ঘোষ। ঢাকা মহানগর আদালতের অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর মুহাম্মদ শামসুদ্দোহা সুমন জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## সময় টিভির আহমেদ জোবায়েরসহ ৬ জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

সময় টেলিভিশনের সাবেক ব্যবস্থাপনা পরিচালক আহমেদ জোবায়ের, তার পরিবারের সদস্য ও দুই সাক্ষীসহ ছয়জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত। বিশ্বাসভঙ্গ ও ব্যাংক জালিয়াতির অভিযোগে দায়ের করা মামলায় আদালতের সমন উপেক্ষা করায় এ আদেশ দেওয়া হয়েছে। বুধবার (১৭ জুন) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুর রহমান অভিযুক্তদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির নির্দেশ দেন। আদালত সূত্রে জানা গেছে, নির্ধারিত তারিখে আদালতে হা জির না হওয়ায় তাদের বিরুদ্ধে এ ব্যবস্থা নেওয়া হয়। মামলার নথি অনুযায়ী , রাজধানীর কলাবাগান থানায় দায়ের করা বিশ্বাসভঙ্গ সংক্রান্ত এক মামলায় আহমেদ জোবায়েরসহ ছয়জনকে আদালতে উপস্থিত হয়ে অভিযোগের বিষয়ে ব্যাখ্যা দিতে বলা হয়েছিল। এ লক্ষ্যে গত ১০ মে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত সমন জারি করেন। পরে ১৪ মে মহানগর পুলিশের প্রসিকিউশন বিভাগ বিষয়টি নিশ্চিত করে। সমনে অভিযুক্তদের ১৭ জুন সশ রীরে অথবা আইনজীবীর মাধ্যমে আদালতে হাজির হয়ে আইনি জবাব দাখিলের নির্দেশ দেওয়া হয়েছিল। তবে নির্ধারিত দিনে কেউ আদালতে উপস্থিত না হওয়ায় বিচা রক তাদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

## সিলেটে তাবলিগের আমির খুন: মৃত্যুদণ্ডপ্রাপ্ত স্ত্রী আপিলে খালাস

সিলেট তাবলিগ-জামায়াতের ধোপাদিঘির উত্তরপাড় আঞ্চলিক শাখার আমির ইব্রাহিম আবু খলিল (৫৫) হত্যা মামলায় তার স্ত্রীকে হাইকোর্টের দেওয়া মৃত্যুদণ্ড থেকে খালাস দিয়েছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। এর ফলে , এখন আসামির মুক্তিতে কোনো বাধা নেই ব লে জানিয়েছেন আইনজীবী এসএম শাহজাহান। বুধবার (১৭ জুন) প্রধানবিচারপতি জুবায়ের রহমান চৌধুরীর নেতৃত্বাধীন আপিল বিভাগ এ রায় ঘোষণা দেন। আদালতে এদিন আসামিপক্ষে শুনানি করেন সিনিয়র আইনজীবী এসএম শাহজাহান। আর রাষ্ট্রপক্ষে শুনানি করেন অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টা র অনিক আর হক। আইনজীবী এসএম শাহজাহান জাগো নিউজকে নিশ্চিত করে বলেন , একা একজন নারী, যেভাবে খুন করা হয়েছে এভাবে খুন করা পুরুষকে সম্ভব না। এছাড়াও স্বীকারোক্তিমূলক বক্তব্য দেওয়ার আগে পুলিশ হুমকি দিয়ে ভিডিও ধারণ করেছিল। ভিডিও ধারণ করার সময় পুলিশ হুমকি দিয়েছেন বলে জানিয়েছেন সংশ্লিষ্ট আইনজীবী। ফলে দুর্বল তদন্ত ও স্বীকারোক্তিমূলক বক্তব্য দেওয়ার কারণে আসামি সুপ্রিম কোর্টের আপিল বিভাগ থেকে খালাস পেয়েছেন। ২০২২ সালের ৩১ জানুয়ারি সিলেট তাবলিগ -জামায়াতের ধোপাদিঘির উত্তরপাড় আঞ্চলিক শাখার আমির ইব্রাহিম আবু খলিল (৫৫) হত্যা মামলায় তার স্ত্রীকে বিচারিক (নিম্ন) আদালতের দেওয়া মৃত্যুদণ্ড বহাল রেখে রায় দিয়েছিলেন হাইকোর্ট। মৃত্যুদণ্ডাদেশ অনুমোদনের জন্য ডেথ রেফারেন্স গ্রহণ এবং আসামির আপিল খারিজ করে ওই বছরের ৩১ জানুয়ারি হাইকোর্টের বিচারপতি সহিদুল করিম ও বিচারপতি মো . আখতারুজ্জামানের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ রায় ঘোষণা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## যারা `সরকারকে সময় দেওয়া যাবে না, বলছে তাদের বিষয়ে সতর্ক থাকুন: প্রধানমন্ত্রী

জনগণের প্রতি আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন , `সরকারকে সময় দেওয়া যাবে না , বলে যারা হুমকি দিচ্ছে, তারা নিজেদের স্বার্থে কথা বলছে। তাদের বিষয়ে সতর্ক থাকুন। , তিনি আরো বলেন, `জনগণ সিদ্ধান্ত নিয়েছে যে, বিএনপি আগামী পাঁচ বছর পর্যন্ত দেশ পরিচালনা করবে। জনগণ সিদ্ধান্ত নিয়েছে , তাদের দেওয়া সকল প্রতিশ্রুতি বাস্তবায়ন করতে কাজ করবে। জনগণ বিএনপি কে টাইম দিয়েছে পাঁচ বছর।, `যারা বলে বিএনপি-কে সময় দেওয়া যাবে না , তারা জনগণের স্বার্থে কথা বলছে না , তারা নিজের স্বা র্থে কথা বলছে। তাদের বিরুদ্ধে কী করা উচিত? তাদের বিরুদ্ধে সজাগ থাকতে হবে। , বুধবার বিকেলে মৌলভীবাজার সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে এক সমাবেশে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। একটি রাজনৈতিক দলের প্রতি ইঙ্গিত করে প্রধানমন্ত্রী বলেন, `মনে আছে তো' এখানে অনেক মুরুব্বি আছেন। মনে আছে তো ' একাত্তরে এরা কী করেছিল? মনে আছে তো' ,৮৬ তে কী করেছিল? মনে আছে তো' এর মধ্যে এক যুগ যে আন্দোলন চলেছিল, সেই আন্দোলনে তাদেরকে কোথাও আমরা কিন্তু দেখিনি।, প্রধানমন্ত্রী বলেন, `আজকে যদি শহীদদের তালিকা বের করা হয় , দেখা যাবে যে ছাত্রটি মারা গিয়েছে ' ছাত্রদলের একজন কর্মী, যে ছাত্রটির বউ মরেছে ছাত্র দলের কর্মী , যে যুবকটি মারা গিয়েছে যুবদলের কর্মী , যে যুবকটি গুম হয়েছে যুবদলের কর্মী। যেই মানুষ বিনা কারণে জেল খেটেছে, খুঁজলে দেখা যাবে সে বিএনপির কর্মী, যে মানুষ মিথ্যা মামলা মাথায় করে বয়ে বেড়িয়েছে বছরের পর বছর, খোঁজ করলে দেখা যাবে শহীদ জিয়া, খালেদা জিয়ার কর্মী।, ১২ ফেব্রুয়ারি ত্রয়োদশ সংসদ নির্বাচনে বিএনপির প্রতি জনগণের ম্যান্ডেটের কথা উল্লেখ করে তারেক রহমান বলেন , `মানুষ বিএনপি-কে বলেছে, তোমরা দেশকে গড়ে তোলো , মানুষ বিএনপি-কে বলে দিয়েছে, আগামী পাঁচ বছর তোমাদেরকে সময় দিলাম দেশকে ঠিক করো তোমরা। স্বৈরাচার দেশকে খালি করে দিয়ে চলে গিয়েছে। , শ্রীমঙ্গল থেকে বিকেল ৩টার দিকে প্রধানমন্ত্রী পৌঁছান মৌলভীবাজা রে। এই অনুষ্ঠানে জেলার প্রান্তিক নারীদের মধ্যে ফ্যামিলি কার্ড বিতরণ করেন প্রধানমন্ত্রী। ১০ জন নারী সদস্যের হাতে ফ্যামিলি কার্ড তুলে দেন প্রধানমন্ত্রী।

(রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ আসাদ)

## সংসদে `আই হ্যাভ অ্য প্লান, নিয়ে লিখিত প্রশ্নের জবাব দিলেন প্রধানমন্ত্রী

আই হ্যাভ অ্য প্লান, নিয়ে এক লিখিত প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী তারেক রহমান সংসদে বলেছেন, `বর্তমান কৃষি-বান্ধব সরকারের মূল লক্ষ্যে হল ' একটি আত্মনির্ভর, জলবায়ু-সহিষ্ণু, প্রযুক্তি নির্ভর ও কৃষক -কেন্দ্রিক আধুনিক কৃষি ব্যবস্থা গড়ে তোলা। যেখানে উৎপাদন ও বিপণন হবে সম্পূর্ণ তথ্য চালিত , আমাদের প্রান্তিক কৃষক হবেন ক্ষমতায়িত উদ্যোক্তা এবং কৃষিখাত হবে জাতীয় সমৃদ্ধির প্রধান চালিকা শক্তি। , বুধবার ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় ও প্রথম বাজেট অধিবেশনের নবম দিন প্রশ্নোত্তর পর্বে লিখিত প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি। এ দিন প্রশ্নোত্তর টেবিলে উত্থাপিত হয়। বিকেল ৩টায় শুরু হওয়া সংসদে বৈঠকে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম সভাপতিত্ব করছেন। এদিন রাষ্ট্রীয় কাজে সরকার প্রধান ঢাকার বাইরে রয়েছেন। সিরাজগঞ্জ-১ আসনের সংসদ সদস্য মো. সেলিম রেজা প্রশ্ন রেখে বলেন, আমাদের কৃষি নির্ভর এই বাংলাদেশে কৃষি উৎপাদন বৃদ্ধি ও মেহনতি কৃষকের জীবনমান উন্নয়নের লক্ষ্যে দেশের জনগণ কর্তৃক সাদরে গৃহীত আপনার বহুল জনপ্রিয় স্লোগান `আই হ্যাভ এ প্লান, কর্মসূচির আওতায় কী কী পদক্ষেপ গ্রহণ করা হবে এবং উক্ত পদক্ষেপসমূহ বাস্তবায়িত হলে কৃষিতে অভূতপূর্ব বিপ্লব সা ধনে আমরা আশান্বিত হতে পারি কিনা?

জবাবে তারেক রহমান বলেন , `বর্তমান কৃষি-বান্ধব সরকারের মূল লক্ষ্যে হল একটি আত্মনির্ভর , জলবায়ু-সহিষ্ণু, প্রযুক্তি নির্ভর ও কৃষক -কেন্দ্রিক আধুনিক কৃষি ব্যবস্থা গড়ে তোলা। যেখানে উৎপাদন ও বিপণন হবে সম্পূর্ণ তথ্য চালিত, আমাদের প্রান্তিক কৃষক হবেন ক্ষমতায়িত উদ্যোক্তা এবং কৃষিখাত হবে জাতীয় সমৃদ্ধির প্রধান চালিকা শক্তি। ,

(রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ আসাদ)

## দেশে বৈদ্যুতিক ট্রেন চালুর ঘোষণা প্রধানমন্ত্রীর

রেলপথকে আরও নিরাপদ, আধুনিক ও পরিবেশবান্ধব করতে দেশের প্রধান প্রধান রুটে বৈদ্যু তিক ট্রেন চালুর ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একই সঙ্গে সড়ক ও রেল যোগাযোগ উন্নয়নে একাধিক মেগা প্রকল্পের কথাও তুলে ধরেন তিনি। দেশের রেল যোগাযোগ ব্যবস্থাকে আধুনিক ও নিরাপদ করতে প্রধান প্রধান রুটে ইলেকট্রিক ট্র্যাকশন বা বৈদ্যুতিক ট্রেন চালুর সিদ্ধা ন্ত নিয়েছে সরকার। বুধবার জাতীয় সংসদের বাজেট অধিবেশনের প্রশ্নোত্তর পর্বে এ তথ্য জানান প্রধানমন্ত্রী তারেক রহমান। কুমিল্লা -১০ আসনের সংসদ সদস্য মো . মোবাশ্বের আলম ভূঁইয়ার প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, সড়ক ও রেল যোগাযোগ উন্নয়নে সরকার দীর্ঘমেয়াদি পরিকল্পনা বাস্তবায়ন করছে। মহাসড়কে পর্যায়ক্রমে এক্সপ্রেসওয়ে গ্রিড ও মাল্টিমোডাল পরিবহন ব্যবস্থা গড়ে তোলা হবে। পাশাপাশি ওভারলোড নিয়ন্ত্রণে স্মার্ট মনিটরিং ও এক্সেল লোড নিয়ন্ত্রণ ব্যবস্থা চালু করা হবে। তিনি জানান, রাজধানী ঢাকার যানজট কমাতে

রিং রোড ও রেডিয়াল রোড নেটওয়ার্ক নির্মাণ করা হচ্ছে।এছাড়া বিভিন্ন গুরুত্বপূর্ণ মোড়ে ওভারপাস ও আন্ডারপাস নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে।প্রধানমন্ত্রী বলেন, দ্বিতীয় যমুনা সেতু এবং পাটুরিয়া-দৌলতদিয়া এলাকায় দ্বিতীয় পদ্মা সেতু নির্মাণের পরিকল্পনাও প্রক্রিয়াধীন রয়েছে। তিনি আরও জানান, বাংলাদেশ রেলওয়েকে জাতীয় পরিবহন ব্যবস্থার প্রধান ভিত্তি হিসেবে গড়ে তুলতে ২০৪৫ সাল পর্যন্ত তিন ধাপে ২৪টি প্রকল্প বাস্তবায়নের পরিকল্পনা নেওয়া হয়েছে। দেশের সব রেলপথকে পর্যায়ক্রমে ডুয়েলগেজে রূপান্তর করা হবে, যাতে যাত্রী ও পণ্য পরিবহন আরও সহজ হয়। রেলের সক্ষমতা বাড়াতে আগামী বছরগুলোতে আন্তঃনগর ও কমিউটার ট্রেনের সংখ্যাও উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা হবে বলে জানান প্রধানমন্ত্রী। (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ আসাদ)

## খালেদা রাব্বানীর বাসায় গেলেন প্রধানমন্ত্রী

মৌলভীবাজার সফরকালে সাবেক সংসদ সদস্য ও বিএনপির প্রবীণ নেত্রী খালেদা রাব্বানীর বাসায় গিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার শ্রীমঙ্গলে ফ্যামিলি কার্ড বিতরণ কর্মসূচিতে অংশগ্রহণ শেষে মৌলভীবাজার শহরের শাহ মোস্তফা রোডে অবস্থিত খালেদা রাব্বানীর বাসভবনে যান। এ সময় খালেদা রাব্বানী আবেগাপ্লুত হয়ে পড়েন এবং সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়া উর রহমানসহ রাজনৈতিক জীবনের নানা স্মৃতিচারণ করেন। এক পর্যায়ে তিনি পুরোনো ছবিও দেখাতে থাকেন। আবেগঘন সেই মুহূর্তে প্রধানমন্ত্রী তাকে সন্তানের মতো স্নেহে জড়িয়ে ধরে সান্ত্বনা দেন এবং আশ্বস্ত করেন। পরে প্রধানমন্ত্রী খালেদা রাব্বানীর সঙ্গে কিছু সময় কাটান এবং তার চিকিৎসা ও সার্বিক শারীরিক অবস্থার বিষয়ে পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন। তিনি খালেদা রাব্বানীর দ্রুত সুস্থতা কামনা করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ আসাদ)

## অপরাধ নিয়ন্ত্রণে সর্বোচ্চ সতর্ক থাকার নির্দেশ ডিএমপি কমিশনারের

রাজধানীর আইনশৃঙ্খলা রক্ষা ও অপরাধ নিয়ন্ত্রণে মাঠপর্যায়ের পুলিশ কর্মকর্তাদের সর্বোচ্চ সজাগ ও সতর্ক থাকার নির্দেশ দিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোসলেহ্ উদ্দিন আহমদ। বিশেষ করে মাদক কারবারি, চাঁদাবাজ ও ছিনতাইকারীদের দ্রুত আইনের আওতায় আনার তাগিদ দিয়েছেন তিনি। বুধবার ডিএমপি সদর দপ্তরের সম্মেলনকক্ষে আয়োজিত মে মাসের মাসিক অপরাধ পর্যালোচনা সভায় উপস্থিত ঊর্ধ্বতন কর্মকর্তাদের উদ্দেশে তিনি এ নির্দেশনা দেন। ডি এমপি কমিশনার বলেন, নিজ নিজ থানা এলাকায় মাদক উদ্ধার এবং পরোয়ানাভুক্ত আসামিদের গ্রেপ্তারে চিরুনি অভিযান চালাতে হবে। সাধারণ মানুষ যাতে হয়রানির শিকার না হন, সে জন্য থানাকে সম্পূর্ণ দালালমুক্ত রাখতে হবে। কোনো এলাকায় যেন অপরাধমূলক কর্মকাণ্ড মাথাচাড়া দিয়ে উঠতে না পারে, সে জন্য বিট পুলিশিং ও টহল জোরদার করার নির্দেশ দেন তিনি। ভালো কাজের মূল্যায়ন ও জবাবদিহির ওপর জোর দিয়ে পুলিশ কমিশনার স্পষ্ট জানিয়ে দেন, ভালো ও প্রশংসনীয় কাজের জন্য যেমন পুরস্কৃত করা হবে, ঠিক তেমনি দায়িত্বে অবহেলা, শৃঙ্খলাভঙ্গ কিংবা পুলিশের ভাবমূর্তি ক্ষুণ্ণ করার মতো কোনো কাজে জড়িত থাকলে তাঁর বিরুদ্ধে কঠোর বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ আসাদ)

## এইচএসসি পরীক্ষা নিয়ে জরুরি নির্দেশনা

আগামী ২ জুলাই থেকে চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। এ লক্ষ্যে পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশ, ক্যালকুলেটর ও হাতঘড়ি ব্যবহার সংক্রান্ত নির্দেশনা দিয়েছে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড। সেই সঙ্গে জরুরি প্রয়োজনে যোগাযোগের জন্য সার্বক্ষণিক কন্ট্রোল রুম চালুর কথাও জানিয়েছে শিক্ষা বোর্ডটি। ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত তিনটি বিজ্ঞপ্তিতে এ সংক্রান্ত নির্দেশনা ও কন্ট্রোল রুম খোলার বিষয়টি জানানো হয়েছে। পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর জেসমিন তাসলিমা বা নুর সইয়ে বুধবার বিজ্ঞপ্তিগুলো ওয়েবসাইটে প্রকাশ করা হয়। এর মধ্যে একটি বিজ্ঞপ্তিতে পরীক্ষার্থীদের দুর্ভোগ ও কেন্দ্রের আশপাশে যানজট এড়াতে সকাল সাড়ে ৮টায় পরীক্ষা কেন্দ্রের গেট খোলার নির্দেশনা দেয়া হয়েছে। এতে বলা হয়, এইচএসসি পরীক্ষা ২০২৬ এর পরীক্ষা কেন্দ্রসমূহের আশপাশের যানজট ও জনদুর্ভোগ লাঘবের লক্ষ্যে কেবলমাত্র পরীক্ষার্থীদের কেন্দ্রের অভ্যন্তরে সকাল সাড়ে ৮টা থেকে প্রবেশের ব্যবস্থা গ্রহণের জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের বিশেষভাবে অনুরোধ করা হলো। তবে পরীক্ষা কক্ষে প্রবেশ সংক্রান্ত পূর্বের নির্দেশনা বহাল থাকবে বলেও এতে উল্লেখ রয়েছে। এদিকে অপর একটি বিজ্ঞপ্তিতে শিক্ষার্থীদের অনুমোদিত ৮টি সায়েন্টিফিক ক্যালকুলেটরের তালিকাসহ হাতঘড়ি ব্যবহার সংক্রান্ত নির্দেশনা দেয়া হয়েছে। এতে বলা হয়, পরীক্ষার্থীরা সাধারণ ক্যালকুলেটরের পাশাপাশি পরীক্ষা কেন্দ্রে সায়েন্টিফিক নন প্রোগ্রামেবল ৮টি মডেলের ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে। এগুলো হলো- FX- 82MS, Fx- 100MS, Fx-570MS, Fx- 991MS, Fx- 991Ex, Fx- 991ES, Fx- 991ES Plus ও Fx- 991CW। এছাড়া পরীক্ষার্থীরা কেন্দ্রে কাঁটাযুক্ত (নন প্রোগ্রামেবল) হাতঘড়ি ব্যবহার করতে পারবে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। অন্যদিকে আরেকটি বিজ্ঞপ্তিতে জরুরি প্রয়োজনে কন্ট্রোল রুম খোলার কথা জানিয়েছে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড। এতে বলা হয়, এইচএসসি ও সমমানের পরীক্ষা উপলক্ষে ঢাকা শিক্ষা বোর্ডে পরীক্ষা কন্ট্রোল রুম খোলা হয়েছে। এ ক্ষেত্রে পরীক্ষা চলাকালে যেকোনো ধরনের সমস্যা, তথ্য আদান-প্রদান কিংবা জরুরি প্রয়োজনে ০২-

২২৩৩৬৯৮১৫ নম্বরে টেলিফোন অথবা ০১৫৫০৪১১২০৩, ০১৭১৪৯৯৪০৭৩ ও ০১৭৫৬১০৩১৫২ নম্বর কিংবা controller@dhakaeducationboard.gov.bd এই ই-মেইলে যোগাযোগের অনুরোধ জানানো হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ আসাদ)

## দেশের ৭৫টি কারাগারে ধারণক্ষমতার ১.৭ গুণ বন্দি রয়েছে: স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ জানিয়েছেন, বর্তমানে দেশের ৭৫টি কারাগারে ধারণক্ষমতার ১ দশমিক ৭ গুণ বন্দি আটক রয়েছে। তিনি বুধবার সংসদে কুমিল্লা -৪ আসনের এনসিপি দলীয় সদস্য মো. আবুল হাসনাতের টেবিলে উত্থাপিত তারকা চিহ্নিত প্রশ্নে র জবাবে এ তথ্য জানান। মন্ত্রী বলেন, `৭ জুন পর্যন্ত প্রাপ্তি তথ্য অনুযায়ী, বর্তমানে দেশের ৭৫টি কারাগারে সর্বমোট অনুমোদিত ধারণক্ষমতা ৪৫ হাজার ১৩৬ জনের বিপরীতে বর্তমানে ৭৭ হাজার ৪০ জন জন বন্দি আটক আছে, যা ধারণক্ষমতার ১ দশমিক ৭ গুণ। তিনি বলেন, ধারণক্ষমতার অতিরিক্ত বন্দি আটক থাকায় কিছু কিছু কারাগারে বন্দিদের আবাসন সমস্যা বিরাজ করছে। বন্দি আবাসন সমস্যা সমাধানের জন্য ইতোমধ্যে বিশেষ কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ, সিলেট কেন্দ্রীয় কারাগার -২, ফেনী জেলা কারাগার -২ এবং খুলনা জেলা কারাগার-২ চালু করা হয়েছে এবং কিশোরগঞ্জ জেলা কারাগার-২, মাদারীপুর জেলা কারাগার -২, পিরোজপুর জেলা কারাগার-২ শিগগিরই চালু করা হবে।

স্বরাষ্ট্রমন্ত্রী জানান, ময়মনসিংহ, কুমিল্লা, জামালপুর কারাগার পুনঃনির্মাণ এবং নরসিংদীতে নতুন কারাগার নির্মাণ কা জ চলমান রয়েছে। উল্লিখিত চারটি কারাগারের নির্মাণ /পুনঃনির্মাণ কাজ সম্পন্ন হলে বন্দি ধারণক্ষমতা আরো ২ হাজার ৯৫৫ জন বৃদ্ধি পেয়ে সর্বমোট ৪৮ হাজার ১৩১ জনে উন্নীত হবে। এছাড়াও রাজশাহী, রংপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, খাগড়াছড়ি কারাগার পুনঃনির্মাণ প্রকল্প গ্রহণ করা হয়ে ছে; যা বাস্তবায়িত হলে ধারণক্ষমতা আরও বৃদ্ধি পাবে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ আসাদ)

## প্রতি উপজেলায় হচ্ছে ১০১ শয্যার হাসপাতাল, ঘোষণা প্রধানমন্ত্রীর

সরকার গঠন করার পর দেশের ১২ লাখ কৃষকের কৃষি ঋণ মওকুফ করে দেওয়া হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী ও বিএনপি চে য়ারম্যান তারেক রহমান। একই সঙ্গে দেশের চিকিৎসাসেবা ও সামাজিক নিরাপত্তা জোরদারে প্রতি উপজেলায় ১০১ শয্যার হাসপাতাল নির্মাণ এবং আগামী এক বছরের মধ্যে প্রতিটি উপজেলায় আট হাজার পরিবারের কাছে ফ্যামিলি কার্ড পৌঁছে দেওয়ার ঘোষণা দিয়েছেন তিনি।

বুধবার বিকেলে মৌলভীবাজার সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত এক বিশাল জনসভায় প্রধা ন অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব উন্নয়ন পরিকল্পনা ও রাজনৈতিক সমসাময়িক বিষয় তুলে ধরেন। প্রধানমন্ত্রী বলেন, গত ১২ ফেব্রুয়ারির নির্বাচনে দেশের মানুষ বিএনপিকে বেছে নিয়েছে। বিএনপি আগে কেবল একটি রাজনৈতি ক দল ছিলো, কিন্তু সরকার গঠনের পর এই সরকার এখন দেশের প্রত্যেক শ্রেণি ও পেশার মানুষের সরকারে পরিণত হয়েছে। দেশে গণতান্ত্রিক অধিকার ও বাকস্বাধীনতা প্রতিষ্ঠিত হয়েছে বলেই আমরা আজ জনগণের জন্য প্রকৃত কাজ করতে পারছি। (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৬.২০২৬ আসাদ)

## জুনে আরও চার কার্গো এলএনজি আমদানি করবে সরকার

চলতি জুন মাসে সরকার আরও চার কার্গো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানি করবে, যাতে মোট গ্যাসের পরিমাণ প্রায় ১ কোটি ২৮ লাখ এমএমবিটিইউ। বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশনের (পেট্রোবাংলা) পরিচালক এ কে এম মিজা নুর রহমান আজ বাসসকে জানান, 'গ্যাস সরবরাহ ব্যবস্থা স্থিতিশীল রাখতে স্পট মার্কেট ও স্বল্পমেয়াদি চুক্তির আওতায় ১ কোটি ৬০ লাখ এমএমবিটিইউ গ্যাসবাহী পাঁচটি এলএনজি কার্গো ইতোমধ্যে দেশে পৌঁছেছে।' তিনি আরও বলেন, জুন মাসের চাহিদা পূরণের লক্ষ্যে সরকার মোট নয় কার্গো এলএনজি আমদানির পরিকল্পনা নিয়েছে, যার মধ্যে গতকাল ১৫ জুন পর্যন্ত পাঁচ কার্গো দেশে পৌঁছেছে। পেট্রোবাংলার তথ্য অনুযায়ী, জুন মাসের জন্য ক্রয়কৃত নয় কার্গো এলএনজির মধ্যে পাঁচটি স্পট মার্কেট ও স্বল্পমেয়াদি চুক্তির আওতায় সংগ্রহ করা হয়েছে, বাকি চার কার্গো স্পট মার্কেট থেকে আনা হবে। এর আগে, গত মে মাসে বাংলাদেশ দীর্ঘমেয়াদি ও স্বল্পমেয়াদি চুক্তি এবং স্পট মার্কেটের মাধ্যমে মোট ১১ কার্গো এলএনজি আমদানি করে, যাতে গ্যাসের পরিমাণ প্রায় ৩ কোটি ৫২ লাখ এমএমবিটিইউ। মিজানুর রহমান বলেন, দেশের ক্রমবর্ধমান জ্বালানি চাহি দা মেটা তে বাংলাদেশ দীর্ঘমেয়াদি, স্বল্পমেয়াদি চুক্তি এবং স্পট মার্কেট সব উৎস থেকেই নিয়মিত এলএনজি আমদানি করছে। তিনি জানান, গড়ে প্রতিটি এলএনজি কার্গোতে প্রায় ৩২ লাখ এমএমবিটিইউ গ্যাস থাকে। রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেডের (আরপিজিসিএল) তথ্য অনুযায়ী, কাতারভিত্তিক কাতার এনার্জি এবং ওমান সরকারের জ্বালানি ও পণ্য বাণিজ্য প্রতিষ্ঠান ওকিউ ট্রেডিং দীর্ঘমেয়াদি চুক্তির আওতায় বাংলাদেশে এলএনজি সরবরাহ করে থাকে। এ ছাড়া, সংযুক্ত আরব আমিরাতভিত্তিক ওকিউ ট্রেডিং স্বল্পমেয়াদি চুক্তির আওতায়ও বাংলাদেশকে এলএনজি সরবরাহ করছে। উল্লেখ্য, প্রতি মাসে সরকারি ক্রয়সংক্রান্ত কমিটির অনুমোদন সাপেক্ষে সরকার স্পট মার্কেট থেকেও এলএনজি কার্গো সংগ্রহ করে থাকে। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ এলিনা)

## জলবায়ুজনিত ৩ ঝুঁকিতে বিশ্বের প্রায় অর্ধেক শিশু ইউনিসেফ

বিশ্বের ১০০ কোটিরও বেশি শিশু জলবায়ুজনিত অন্তত তিনটি ঝুঁকির মুখে রয়েছে বলে সতর্ক করেছে ইউনিসেফ। সংস্থাটি বলেছে, বিশ্বের কিছু অঞ্চলে এই প্রভাব তুলনামূলকভাবে অনেক বেশি। বার্তা সংস্থা এএফপি জানায়, সোমবার প্রকাশিত এক প্রতিবেদনে জাতিসংঘের এ সংস্থা জানিয়েছে , তাদের প্রতিবেদনে বিশ্বের প্রায় ২৪০ কোটি শিশুর বসবাসের স্থানের সাথে মিল রয়েছে এমন আটটি জলবায়ুজনিত প্রভাবের তুলনামূলক বিশ্লেষণ করা হয়েছে। এই আটটি প্রভাব হলো : উপকূলীয় বন্যা, নদীভিত্তিক বন্যা, খরা, ক্রান্তীয় ঝড়, তাপপ্রবাহ (অন্তত টানা তিন দিন উচ্চ তাপমাত্রা, তবে দেশভেদে ভিন্ন হয়), চরম তাপমাত্রা, দাবানল ও বালুঝড়। প্রতিবেদনটিতে মূলত ১১০ কোটি শিশুর ওপর আলোকপাত করা হয়েছে, যারা অন্তত তিনটি ঝুঁকির সম্মুখীন। এর মধ্যে অধিকাংশ স্থানে মিল পাওয়া যায় এমন তিন ঝুঁকি হলো- খরা, চরম তাপমাত্রা (৩৫ ডিগ্রি সেলসিয়াসের ওপরে) এবং তাপপ্রবাহ। এই তিনটির যৌথ প্রভাবে প্রায় ২৯ কোটি ৬০ লাখ শিশুকে ক্ষতিগ্রস্ত হচ্ছে। যার মধ্যে রয়েছে নাইজেরিয়ার ৭ কোটি ৪০ লাখ, পাকিস্তানের ৩ কোটি ৪০ লাখ এবং ভারতের ৩ কোটি ২০ লাখ শিশু। প্রতিবেদন অনুযায়ী, গত ২০ বছরে এই `তিনটি বা তার বেশি, ঝুঁকিতে থাকা শিশুর সংখ্যা মারাত্মকভাবে বেড়েছে। বিশ্বের প্রায় সব শিশু অন্তত একটি ঝুঁকির মুখে। ২০০ কোটি শিশু অন্তত দুটি ঝুঁকির মুখে, যেখানে ৩৬ কোটি ৪০ লাখ শিশু অন্তত চারটি ঝুঁকির সম্মুখীন। সাতটি বা এর বেশি জলবায়ু ঝুঁকির মধ্যে থাকা ১ লাখ ২৩ হাজার শিশুর মধ্যে প্রায় ৪৬ হাজার শিশুই রয়েছে মিয়ানমারে। ইউনিসেফের প্রধান ক্যাথরিন রাসেল বলেন, `জলবায়ু পরিবর্তনের প্রভাবের ক্ষেত্রে শিশুরাই সবার আগে রয়েছে।, শিশুদের জন্য সবচেয়ে খারাপ পরিস্থিতি কোথায়- এমন প্রশ্নের জবাবে প্রতিবেদনের অন্যতম লেখক টম স্লেমেকার এএফপি -কে বলেন, `এর সংক্ষিপ্ত কোনো উত্তর নেই।, স্লেমেকার বলেন, `তবে সব অঞ্চল সমান নয়। কিছু ঝুঁকিপূর্ণ কেন্দ্র আমরা দেখতে পাই। এগুলো মূলত সাব -সাহারান আফ্রিকা এবং দক্ষিণ এশিয়ার কিছু অংশে বেশি কেন্দ্রীভূত। , বাংলাদেশ, ভারত, নাইজেরিয়া ও পাকিস্তানের মতো যেসব দেশে শিশু জনসংখ্যা বেশি, সেসব দেশ অন্তত তিনটি ঝুঁকির মুখে থাকা শিশুর সংখ্যার দিক থেকে তালিকার শীর্ষে রয়েছে। তবে শতকরা হারের হিসাবে সাব -সাহারান আফ্রিকার দেশগুলো, বিশেষ করে সাহেল অঞ্চল সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত। অনেক ক্ষেত্রে জলবায়ুজনিত দুর্যোগ মোকাবিলায় সরকারের সীমিত সক্ষমতা পরিস্থিতিকে আরও জটিল করে তোলে। উদাহরণ হিসেবে প্রতিবেদনে মধ্য আফ্রিকার দেশ চাদের কথা উল্লেখ করা হয়েছে। দেশটি বর্তমানে মানবিক সংকটে রয়েছে। সেখানে পানি , বিদ্যুৎ ও খাদ্যের প্রাপ্যতা সীমিত। প্রতিবেদন অনুযায়ী, চাদের ৯৫ শতাংশের বেশি শিশু অন্তত তিনটি জলবায়ু ঝুঁকির মুখে রয়েছে। বিশেষ ঝুঁকিতে থাকা দেশগুলোর মধ্যে আরও রয়েছে ৩৯টি দ্বীপরাষ্ট্র। এসব দেশের সামনে সীমিত মিঠাপানির উৎস, আমদানি নির্ভরতা এবং ঘূর্ণিঝড়ের মতো দুর্যোগের পর সহজে অন্যত্র আশ্রয় নেওয়ার সুযোগ না থাকার মতো চ্যালেঞ্জ রয়েছে।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ এলিনা)

## প্রথমবার ইউএনএইচসিআর নির্বাহী কমিটির ব্যুরোর সভাপতির দায়িত্বে বাংলাদেশ

জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশনারের (ইউএনএইচসিআর) নির্বাহী কমিটির (এক্সকম) ব্যুরোর সভাপতি হিসেবে প্রথমবারের মতো দায়িত্ব গ্রহণ করেছে বাংলাদেশ। জেনেভায় জাতিসংঘ কার্যালয়ে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত নাহিদা সোবহানের নেতৃত্বে এ দায়িত্ব গ্রহণকে আ ন্তর্জাতিক অঙ্গনে দেশের জন্য একটি গুরুত্বপূর্ণ কূটনৈতিক অর্জন হিসেবে দেখা হচ্ছে। জেনেভায় জাতিসংঘ কার্যালয় এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থায় বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত নাহিদা সোবহান ইউএনএইচসিআরের নির্বাহী ক মিটির ব্যুরোর সভাপতির দায়িত্ব গ্রহণ করেছেন। ১৯৫৯ সালে সংস্থাটির নির্বাহী কমিটির কার্যক্রম শুরু হওয়ার পর এই প্রথম বাংলাদেশ ব্যুরোর কোনো পদে দায়িত্ব পালন করছে। চার সদস্যবিশিষ্ট নির্বাহী কমিটির ব্যুরো কমিটির কার্যক্রমে দিকনির্দেশনা প্রদান করে এবং বৈশ্বিক শরণার্থী ও জোরপূর্বক বাস্তুচ্যুতি সংক্রান্ত বিষয়ে সদস্য রাষ্ট্রগুলোর মধ্যে ঐকমত্য গড়ে তুলতে সহায়তা করে। ফলে এই নেতৃত্ব কাঠামোয় বাংলাদেশের অন্তর্ভুক্তি দেশের জন্য একটি উল্লেখযোগ্য আন্তর্জাতিক স্বীকৃতি হিসেবে বিবেচিত হচ্ছে। এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলোর অভ্যন্তরীণ পরামর্শের ভিত্তিতে বাংলাদেশ সর্বসম্মত আঞ্চলিক প্রার্থী হিসেবে মনোনীত হয়। পরে আলজেরিয়া ও অস্ট্রিয়া আনুষ্ঠানিকভাবে সেই মনোনয়ন সমর্থন করে। পরবর্তীতে নির্বাহী কমিটির ১১০টি সদস্য রাষ্ট্রের সমর্থন লাভ করে বাংলাদেশের প্রার্থিতা। কূটনৈতিক বিশ্লেষকদের মতে , সভাপতির দায়িত্বে বাংলাদেশের নির্বা চন আন্তর্জাতিক সম্প্রদায়ের আস্থা এবং বহুপাক্ষিক কূটনীতিতে দেশের ক্রমবর্ধমান ভূমিকার প্রতিফলন। রাষ্ট্রদূত নাহিদা সোবহান দীর্ঘদিন ধরে আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের প্রতিনিধিত্ব করে আসছেন। তিনি রোম , জেনেভা ও কলকাতায় বাং লাদেশের বিভিন্ন মিশনে দায়িত্ব পালন করেছে ন। এছাড়া জর্ডানে বাংলাদেশের রাষ্ট্রদূত এবং কানাডায় বাংলাদেশের হাইকমিশনার হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ এলিনা)

## স্থানীয় সরকার নির্বাচনে ভোট দিতে পারবেন না প্রবাসীরা

স্থানীয় সরকার নির্বাচনে ডাকযোগে ভোট দেওয়ার সুযোগ রাখছে না নি বাঁচন কমিশন (ইসি)। নির্বাচনের খসড়া বিধিমালা ও আচরণবিধিতে এ সিদ্ধান্ত চূড়ান্ত করা হয়েছে। একই সঙ্গে এসব নির্বাচন দলীয় প্রতীক ছাড়া নির্দলীয় ভিত্তিতে আয়োজনের বিধানও বহাল রাখা হয়েছে। সিদ্ধান্তের ব্যাখ্যায় ইসি বলেছে , প্রবাসী ভোটারদের কাছে ব্যালট পাঠানো, তা সংগ্র হ ও যাচাই করা এবং নির্ধারিত সময়ের মধ্যে গণনা প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করা অত্যন্ত জটিল ও ব্যয়বহুল হবে। টিবিএসের এক প্রতিবেদনে এ তথ্য জানা গেছে। কমিশন স্থানীয় সরকারের বিভিন্ন নির্বাচনের জন্য আচরণবিধির খসড়া তৈরি করেছে। গত ১০ জুন এসব খসড়া ইসির ওয়েবসাইটে প্রকা শ করে ৩০ জুনের মধ্যে জনসাধারণের মতামত চাওয়া হয়েছে। রিপ্রেজেন্টেশন অব দ্য পিপল অর্ডার , ১৯৭২ অনুযায়ী জাতীয় সংসদ নির্বাচনে ডাকযোগে ভোট দেওয়ার সুযোগ রয়েছে। এর মাধ্যমে প্রবাসী বাংলাদেশিরা বিদেশ থেকে ভোট দিতে পারেন। তবে স্থানীয় সরকার নির্বাচন -সংক্রান্ত বিদ্যমান আইনে এমন কোনো বিধান নেই। সুশাসনের জন্য নাগরিকের (সুজন) সম্পাদক বদিউল আলম মজুমদার বলেন , `স্থানীয় সরকার নির্বাচনে প্রবাসীদের জন্য ডাকযোগে ভোটের সু যোগ না রাখা যথাযথ হবে না। তারা বাংলাদেশের নাগরিক ও ভোটার। তাদের ভোটাধিকার নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব। , বদিউল আলম মজুমদার বলেন , `জাতীয় নির্বাচনে ডাকযোগে ভোট দেওয়ার ক্ষেত্রে যেসব সমস্যা হয়েছে , সেগুলো পর্যালোচনা করে সমাধান বের করা উচিত। কিন্তু এসব চ্যালেঞ্জের কারণে প্রবাসীদের ভোটাধিকার থেকে বঞ্চিত করা উচিত হবে না। স্থানীয় সরকার নির্বাচনে প্রবাসীদের ডাকযোগে ভোট দেওয়ার বিষয়ে আইনে স্পষ্ট বিধান না থাকলেও বিষয়টি নীতিগত। প্রবাসীদের সব নির্বাচনে ভোট দেওয়ার সুযোগ থাকা উচিত। , তিনি বলেন, `প্রয়োজনে নির্বাচন কমিশন বিধি মালা বা প্রজ্ঞাপনের মাধ্যমে এ ব্যবস্থা চালু করতে পারে। সরকার চাইলে আইনও সংশোধন করতে পারে। শেষ পর্যন্ত এটি একটি নী তিগত সিদ্ধান্ত।, এ বিষয়ে নির্বাচন কমিশনার আবদুর রহমানেল মাসউদ বলেন , `প্রবাসীদের ভোট দেওয়ার জন্য নতুন কোনো ব্যবস্থা রাখা হয়নি। স্থানীয় সরকার নির্বাচনে ডাকযোগে ভোট দেওয়ার সুযোগও থাকবে না। ইসির এ সিদ্ধান্তে হতাশা প্রকাশ করেছেন প্রবাসীরা। তারা বলছেন , জাতীয় নির্বাচনে ভোট দেওয়ার সুযোগ থাকলেও স্থানীয় সরকার নির্বাচনে তাদেরকে বাইরে রাখা বৈষম্যমূলক।,

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ এলিনা)

## জনগণের অর্থ বিদেশে পাচার হতে দেওয়া হবে না: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, জনগণের অর্থ জনগণকে না দিয়ে বিদেশে পা চার করেছিল একটি দল। জনগণের টাকা পাচার হতে দেব না , জনগণের অর্থ দিয়ে জনগণের কাজ করা হবে। যারা বিদেশে টাকা পাচার করতে চায় , তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও জানান তিনি। বুধবার শ্রীমঙ্গলে ফ্যামিলি কার্ড বিতরণ কর্মসূচির অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। প্র ধানমন্ত্রী বলেন, আগামী এক বছরের মধ্যে চা বাগানের সব নারী শ্রমিকের কাছে ফ্যামিলি কার্ড পৌঁছে দেওয়া হবে। দেশকে এগিয়ে নিয়ে যেতে হলে নারী-পুরুষ একসঙ্গে কাজ করতে হবে। নারীদের স্বাবলম্বী করতে না পারলে তাদের এগিয়ে নেওয়া সম্ভব নয়। মানুষের ভাগ্যের পরিবর্তন করাই সরকা রের লক্ষ্য জানিয়ে তিনি বলেন, শ্রীমঙ্গলে ১৫০ জন চা-শ্রমিক সন্তানকে স্কলারশিপ দেওয়া হয়েছে। আগামী ১ বছরে ৪০ লাখ কৃষক কার্ড দেওয়া হবে। বিএনপি দেশের মানুষের পাশে দাঁড়াতে চায়। আগামী ৫ বছরে উপজেলার ৫০ বেডের হাসপাতাল ১০০ বেডে উন্নীত করা হবে। তিনি বলেন, জনগণের ভাগ্য পরিবর্তনের জন্য যে বাজেট দেওয়া হয়েছে, একটি দল বলে এটা নাকি জনবিরোধী বাজেট। জনবান্ধব বাজেটকে যারা জনবিরোধী বাজেট বলে , তারা জনগ ণের বন্ধু হতে পারে না। যারা জনগণকে বিভ্রান্ত করে , তাদের বিরুদ্ধে সচেতন এবং ঐক্যবদ্ধ থাকতে হবে। তারেক রহমান বলেন , মানুষ যতবারই ভোট দেওয়ার সুযোগ পেয়েছে , ততবারই বিএনপিকে বিজয়ী করেছে। দেশের উন্নয়নকে অব্যাহত রাখতে হলে জনগণকে ঐক্যবদ্ধ থাকতে হবে। জনগণ ঐক্যবদ্ধ থাকলে গণতন্ত্রকে কেউ নষ্ট করতে পারবে না। বিএনপির সব শক্তিই জনগণ। ২০ কোটি মানুষের ৪০ কোটি হাতকে কাজে লাগালে স্বপ্নের বাংলাদেশ গড়া সম্ভব।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ এলিনা)

## শুধু জিপিএ-৫-এ আটকে থাকলে চলবে না: শিক্ষামন্ত্রী

দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে একাডেমিক শিক্ষার পাশাপাশি কারিগরি শিক্ষার সম্প্রসারণে সরকার এবারের বাজেটে ১৮ হাজার কোটি টাকা বরাদ্দ রেখেছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। একই সঙ্গে ঐতিহাসিক আন্দোলনে অনন্য ভূমিকা রাখা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) সার্বিক উন্নয়নে সরকারের বিশেষ সুনজর থাকবে বলেও আশ্বাস দিয়েছেন তিনি। বুধবার (১৭ জুন) জগন্নাথ বিশ্ববিদ্যালয় আয়োজিত `ডিনস পদক, প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্ত ব্যে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন , শুধু জিপিএ-৫ পাওয়ার প্রতিযোগিতায় আটকে না থেকে শিক্ষার্থীদের নীতি , নৈতিকতা ও মূল্যবোধসম্পন্ন মানুষ হিসেবে গড়ে তুলতে হবে। শিক্ষা খাতে সরকারের দীর্ঘমেয়াদী পরিকল্পনার কথা উল্লেখ করে মন্ত্রী বলেন , বর্তমান সরকার ধাপে ধাপে শিক্ষা খাতের বরাদ্দ জিডিপির পাঁচ শতাংশে উন্নীত করতে চায়। এর অংশ হিসেবে আগামী বাজেটে এ খাতে জিডিপির তিন দশমিক পাঁচ শতাংশ বরাদ্দ রাখার পরিকল্পনা করা হচ্ছে। বিগত সরকারের সমালোচনা করে তিনি বলেন , বিগত সরকার বিভিন্ন বাজেট থেকে অন্য

খাতকে শিক্ষার মধ্যে ঢুকি য়ে বরাদ্দ জিডিপির এক দশমিক ৬৯ শতাংশ দেখিয়েছিলো। বর্তমান সরকার প্রকৃত অর্থেই শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে দাবি করে শিক্ষা খাতে যেন কোনো ধরনের দুর্নীতি না হয় , সে বিষয়ে সবাইকে সচেষ্ট থাকার আহবান জানান তিনি। শিক্ষাক্ষেত্রে নৈতিকতার অবক্ষয় নিয়ে উদ্বেগ প্র কাশ করে আ ন ম এহছানুল হক মিলন বলেন, আমরা নৈতিকতা ও সংস্কৃতিতে পিছিয়ে যাচ্ছি। শুধু জিপিএ-৫-এ আটকে থাকলে চলবে না। শিক্ষার্থীদের মধ্যে নীতি, নৈতিকতাসহ প্রকৃত মূল্যবোধ তৈরিতে কারিকুলাম ও সিলেবাসের সংস্কারের পাশাপাশি শিক্ষক , অভিভাবক ও সমাজের সব স্তরের মানুষকে একযোগে কাজ করতে হবে। শিক্ষামন্ত্রী বলেন , বেগম খালেদা জিয়ার হাত ধরে দেশের শিক্ষা খাতে অনেক ইতিবাচক পরিবর্তন এসেছে। তিনি শিক্ষাকে সবচেয়ে বেশি গুরুত্ব দিতেন। বিশেষ করে ২০০১-০৬ মেয়াদে দেশের শিক্ষার পরিবেশ অনেক সুন্দর ছিলো। ঐতিহাসিক বিভিন্ন আন্দোলনে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অবদানের কথা স্মরণ করে শিক্ষামন্ত্রী বলেন , জগন্নাথ বিশ্ববিদ্যালয় দেশের সব সংগ্রামেই অতুলনীয় ছিলো। তাই এই ঐতিহ্যবাহী বিশ্ববিদ্যালয়ের প্রতি বর্তমান সরকারের বিশেষ সুনজর থাকবে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দের উপস্থিতিতে জমকালো এই অনুষ্ঠানে কৃতি শিক্ষা র্থীদের হাতে ডিনস পদক, তুলে দেন মন্ত্রী।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৭.০৬.২০২৬ এলিনা)

# BBC

**TRUMP DENIES DEAL OFFERS IRAN TOO MANY CONCESSIONS**

Facing criticism from Israel and hawks within his own Republican Party, US President Donald Trump pushed back on the idea his deal had made too many concessions to Iran. He said if Tehran didn't behave the US would go "right back to dropping bombs right smack in the middle of their head". To the surprise of some, the memorandum of understanding is reported to contain the lifting of oil and petrochemical sanctions on Iran with immediate effect, putting billions of dollars back into the country's economy. Three Iranian oil tankers have passed through the US blockade in the Strait of Hormuz for the first time in two months. (BBC News Web Page: 17/06/26, FARUK)

**G7 LEADERS URGE ROBUST AGREEMENT TO FOLLOW IRAN DEAL**

Before US President Donald Trump said the deal with Iran was "not final", a joint statement from the G7 countries - including the US - called for a "robust" follow-on agreement. The G7 countries - US, Canada, UK, France, Germany, Italy and Japan - say they "recognize the breakthrough" in the Middle East and that they "support and are ready to contribute" to the implementation of the deal. "We strongly supports a robust and comprehensive diplomatic follow-on agreement to the Memorandum of Understanding secured by President Trump that can bring peace and security for all in the region," the statement says. The statement on geopolitical issues also covers other areas, including the war in Ukraine, North Korea's nuclear and ballistic missile programme , and tensions in the East and South China Seas and across the Taiwan Strait. (BBC News Web Page: 17/06/26, FARUK)

**TRUMP: DEAL WITH IRAN IS NOT FINAL; WARNS GO BACK TO 'DROPPING BOMBS'**

US President Donald Trump says the agreed deal with Iran is not final. Speaking at the G7 summit in France, he adds that the US will "go back to dropping bombs" if he does not like the final agreement. It comes as the US and Iran are set to meet in Switzerland on Friday to sign the deal - the details of which have not yet been released.
(BBC News Web Page: 17/06/26, FARUK)

**ISRAEL LAUNCHES FRESH STRIKES ON LEBANON DESPITE TRUMP CRITICISM**

Israeli forces have carried out new strikes in southern Lebanon, state media say, despite renewed criticism from US President Donald Trump of Israel's actions in the country. On Wednesday, Israeli jets struck the Nabatieh al-Fawqa area and the outskirts of neighbouring Kafr Tabnit, Lebanon's National News Agency (NNA) reported. The Israeli military has not yet commented, but has previously said it is targeting the Iran-backed armed group Hezbollah. The text of a deal between the US and Iran to end the war has not been released, but mediator Pakistan says it includes Lebanon. Both Israel and Hezbollah have carried out attacks against each other since the US-Iran agreement was announced on Sunday night. (BBC News Web Page: 17/06/26, FARUK)

**STATUS QUO AT JERUSALEM'S HOLIEST SITE UNDER THREAT**

"The whole land of Israel was promised to the children of God... and this is where we are going to build a new Temple for the entire humanity to come and pray together." Those were the potentially incendiary words of Moshe Feiglin, a right-wing nationalist Israeli politician, who spoke to me as he came down from the al-Aqsa mosque compound in Jerusalem,

where he had been praying and singing religious songs with a group of around 20 other religious Jews. Feiglin spoke openly and clearly, almost as if his argument was neither controversial nor contested. But what he was saying and doing was in complete contravention of a sensitive agreement that seeks to maintain the peace at one of the most holy and emotionally charged places on Earth. For Moshe Feiglin and others like him, it is simple. They want to build a huge new Jewish temple on the very site which, for the last 1,400 years, has been one of the most sacred places in Islam - al-Aqsa. The compound - also known to Muslims as al-Haram al-Sharif (Noble Sanctuary), and to Jews as the Temple Mount - is one of the most recognizable and visually impressive sites in the Middle East. (BBC News Web Page: 17/06/26, FARUK)

**BOLIVIA SIGNS $20M DEAL WITH US TO FIGHT DRUG TRAFFICKING**

Bolivia says it has signed a new co-operation deal with the US to combat drug trafficking. The foreign ministry said that under the agreement, the US would provide up to $20m to train and equip Bolivian forces as part of a joint fight against drug smuggling. The deal is the latest sign of thawing relations between the nations- 18 years after then-President Evo Morales expelled the US Drug Enforcement Administration from the South American country, which is the world's third-largest producer of coca, the raw material used to make cocaine. Under a new centrist president, Rodrigo Paz, Bolivia has joined the Shield of the Americas, the US-led security initiative in the Western Hemisphere. Bolivia's foreign affairs ministry said the aim of the agreement was to strengthen Bolivian institutions tasked with public security, criminal investigations and the fight against organized crime.

(BBC News Web Page: 17/06/26, FARUK)

**EQUATORIAL GUINEA GOVERNMENT RESIGNS AFTER FAILING TO MEET TARGETS**

Equatorial Guinea's government has resigned after failing to meet its objectives, Vice-President Teodoro Nguema Obiang Mangue said. Obiang, who is also the son of President Teodoro Obiang Nguema Mbasogo, said the prime minister had presented the resignation of all members of the government because it had barely reached 10% of its targets. He did not specify the targets but a statement by the ruling party said the president had observed that the government fostered corruption and failed to diversify the economy. President Obiang is the world's longest-serving leader who has ruled the oil-rich West African country since 1979 with a strong grip, while naming family members to key government roles.

(BBC News Web Page: 17/06/26, FARUK)

**LEADER OF S. AFRICA'S PARTY WANTS HIS PREDECESSOR SACKED AS MINISTER**

The leader of the second biggest party in South Africa's governing coalition has asked President Cyril Ramaphosa to sack his predecessor, one of the country's best-known politicians. Geordin Hill-Lewis wants the long-time leader of the Democratic Alliance's (DA), John Steenhuisen, replaced as agriculture minister as he proposed sweeping changes to the party's representation within the government. Hill-Lewis took over the reins from Steenhuisen in April. The DA has six posts in Ramaphosa's cabinet, while several members serve as deputy ministers, after no party secured a parliamentary majority in the 2024 general elections. Ramaphosa is yet to comment on the request but he is unlikely to reject it. (BBC News Web Page: 17/06/26, FARUK)

# :THE END: